

**Hitesranjan Sanyal Memorial Collection**  
**Centre for Studies in Social Sciences, Calcutta**

Record No.	CSS 2000/116	Place of Publication:	Calcutta
		Year:	1310b.s (1903)
		Language	Bangla
Collection:	Indranath Majumder	Publisher:	Jogendranath Sadhu; printed by Krishnachandra Aich Commercial Press, 27 Haritakibagan Lane.
Author/ Editor:	Beharilal Adhya	Size:	11x17cms.
		Condition:	Brittle
Title:	Adbhut Durgotshab ba Samaj Kalanka	Remarks:	Fiction – satire.

অদ্ভুত দুর্গোৎসব'

বা

সমাজ-কলঙ্ক ।

—  
মদনমঞ্জরী নাটক

ও

কৈলাশকুম্ব গীতিনাট্য

প্রণেতা

শ্রী বিহারিলাল আচ্য প্রণীত ।

—  
শ্রীযোগেন্দ্র নাথ সাধু কর্তৃক

প্রকাশিত ।

—  
কলিকাতা

১৭নং হরিতকীবাগান লেনস্থ কলিকাতা

কম্বাসিএল প্রেস নামক ব্যবসায় শ্রী ফকচন্দ্র আইচ দ্বারা মুদ্রিত ।

সন ১৩১৬ সাল ।

*All rights reserved.*

মূল্য বার আনা ।

উৎসর্গ।

মাননীয়

শ্রীযুক্ত বাবু ব্রজেন্দ্র নাথ মল্লীক

সহোদয়।

আপনি আমাকে যে প্রকার স্নেহ করেন তাহার প্রতিদান করা আমার সাধ্যায়ত্ত্ব নহে। এই ক্ষুদ্র পুস্তক খানি আমার অনেক পরিশ্রমের ফল। ইহা আপনার করকমলে সাদরে অর্পণ করিলাম; আপনি ইহার প্রতি রূপাদৃষ্টি করিলে কৃতার্থ হইব।

বিনয়াবনত

শ্রীবিহারীলাল আঢ্য,

কলিকাতা,  
৮ই মার্চ ১৩১০ সন।

৩৯, ১' জেলেটোলা ষ্ট্রীট,  
বঁহারিপাড়া

## নাট্যোল্লিখিত ব্যক্তিগণ।

### পুরুষ।

শারদাচরণ বসু ...	কলিকাতার একজন ধনাঢ্য উদ্যোগী।
শ্যামাচরণ বসু ...	শারদাচরণ বসুর পুত্র ( বারিষ্টার )
রামলাল মিত্র ...	শ্যামাচরণ বসুর শত্রু।
গোপাল চন্দ্র দে ...	ঐ বন্ধু।
অখিল চন্দ্র দত্ত ...	ঐ
তিতুচরণ সরকার ...	ঐ
বি সি চাট্টোপাধ্যায় ...	ঐ ( বিলাসফেরত ডাক্তার )
শ্রীরাম গাঙ্গুলী ...	শারদাচরণ বসুর বন্ধু ও প্রতিবাসী।

শুক, পুরুত, খানসামা, চত্যা মালী, কুটীওয়াল, পেয়াদা, মুটে, দরওয়ান, হোটেলের খানসামা, ভট্টাচার্য্য, সন্ন্যাসী, বাবাজী ইত্যাদি।

### স্ত্রী।

মোক্ষদা ...	শারদাচরণ বসুর স্ত্রী।
প্রমদা ...	শ্যামাচরণ বসুর স্ত্রী।
মৃগালিনী ...	রামলাল মিত্রের স্ত্রী।
কাদম্বিনী ...	ঐ জ্যেষ্ঠপুত্রবধূ।
প্রমীলা ...	ঐ কনিষ্ঠপুত্রবধূ।
নিত্যারিনী ...	শ্রীরাম গাঙ্গুলীর স্ত্রী।
চারুবালা ...	বি সি চাট্টোপাধ্যায়ের স্ত্রী।
ননীবালা ...	চারুবালায়র ভগ্নী।
তেনার মা ...	রামলাল মিত্রের বি।

পাচিকা, দাসী, নাপতিনী ইত্যাদি।



## অদ্ভুত দুর্গোৎসব

বা

সমাজ-কল্প

### প্রথম অঙ্ক

প্রথম দৃশ্য

কলিকাতা, ঝামাপুকুর— শারদাচরণ বসুর বহির্কোঠা।

শ্যামাচরণ বসুর বনিবার ঘর।

( শ্যামাচরণ চোকিতে উপবিষ্ট )

শ্রাম। ( স্বগত ) আমি আগেই ভেবেছিলাম native quarter আমার suit কোরবে না। এখানকার sanitation ভাল নয়। কখন বোললেন, বাবা বাঙ্গালী বাঙ্গালীটোলায় থাকো। চোরস্বীতে দরকার কি? Foolish idea, illiterates do not know how to keep up health; বোললেন কিনা লোক

নির্দে কোর্বে; তাঁতে তো ম্ব বোয়ে গ্যালো। Life is precious and to promote longevity it is indispensably necessary to live in an airy house. ভা যাক এ দিকে বাঁড়ী খানা ভেঙ্গে চুরে মার্টি হোয়ে গ্যালো। Billiard Table আনতে দেওয়া ভেঙ্গে দরজা বাড়াতে হোলো। সেখানে বেশ comfortably ছিলেম্। Europeans know how to live comfortably. Natives lag far behind in that respect. They only fear of losing caste. And what is caste? It is nothing. It is money which elevates a man in society. এ সকল বোঝাই কাকে; নোঝেই বা কে? Boy.

ভূত্যের প্রবেশ।

ভূত্য। বাবু।

শ্যাম। ফের বাবু! বোলবি সাব।

ভূত্য। বা কহুচি।

শ্যাম। দ্যাখ্ ব্যাটা, এবারে বাবু বললে ফাইন্ কোরবে।

ফের কাটা খালি মাথায় এয়েচিস্।

ভূত্য। বাবু।

শ্যাম। ( উঠিয়া ভূত্যকে চপেটাঘাত ) কাটার কিছুই মনে থাকে না।

ভূত্য ( মুছুরে ) মলা, বাবুর পিলা সাব। ( প্রকাশে )

শ্যাম। হ্যা, ব্যাটা এই বারে দোরস্ত। ( ভূত্যের প্রতি )

কও পিনেকা পানি লে আও।

ভূত্য। বাউচি।

ভূত্যের প্রস্থান।

অখিলের প্রবেশ।

অখিল। কিহে শ্যাম, ক্যামের্ন আচো? শুন্লেম এখানে পাঁচ সাত দিন এয়েচো।

শ্যাম। আচি ভাল। But this place doesn't suit me.

অখিল। ক্যানো?

শ্যাম। The house is not airy. Dirty place, dirty locality, every thing dirty.

অখিল। ( হাঁসিয়া ) সের্কি হে শ্যাম? এই থানে জন্মাল, এই থানে মাহুস হলে। এখন এ জায়গা ভাল লাগে না? কিছু বুঝতে পারলেম না।

শ্যাম। তুমি কি কোরে বুঝবে? You have no idea of sanitation; you don't know how to keep up health; how to maintain longevity.

অখিল। ( হাঁসিয়া ) দিন কতক বিলেতে থেকে যা তুমিই বুঝেচো।

শ্যাম। To tell you the truth চৌরঙ্গীতে আমি বেশ ছিলেম। কেবল Father এর earnest request এ এখানে আসতে হোলো। Besides father-in-law urged me to come here.

অখিল। তবে কেবল তাঁদের অনুরোধে?

শ্যাম। Certainly so. I have come here against my will; আর এখানে থাকবো কনা ঠিক নেই।

অখিল। চৌরঙ্গীর বাঁড়ী ছেড়ে দেওয়া হোঁচুচে তো?

শ্যাম। এখনও ছাড়িনি; কি জানি যদি ফের বেতে হয়।

৪

: অদ্ভুত ছুর্গোৎসব ।

অখিল । ভাড়া চোলবেতো ?

শ্যাম । Never mind ; my one day's fee is more than what I have to pay for the rent of the house.

অখিল । সেখানে গিয়ে কাজ নেই । সে বাড়ী ছেড়ে দাও ।

ভৃত্যের কাঁসাবু গেলাসে জল লইয়া প্রবেশ ।

শ্যাম । ( ভৃত্যের প্রতি ) তোকে এ গেলাসে জল আনতে কে বোললে ?

অখিল । যু কি করিমু ? মাত্রে এ গিলাসো দিলা কহিলা কাঁচো গিলাসো ভাঙ্গি গলানি ।

শ্যাম । যা ব্যাটা কাঁচের বাটাতে নিয়ে আস ।

ভৃত্য । যাঁ কহচি ।

ভৃত্যের প্রশ্নান ।

অখিল । ও গেলাসে কি হো-এচে ?

শ্যাম । Not transparent. If I die out of thirst I cannot take a drop of it.

অখিল । কি আশ্চর্য্য ! এই গেলাসে জল খেয়ে মানুষ হোল, এখন এত ঘৃণা !

শ্যাম । যখন খেয়েচি তখনই বুঝতেম না । I can't poison my system with metallic poison.

অখিল । কি রকম ?

শ্যাম । Don't you know that the tumbler is made up of the composition of copper and tin ?

কাঁচের বাটাতে জল লইয়া ভৃত্যের প্রবেশ ।

শ্যাম । All right boy. (টেবিল দেখাইয়া) হিঁরা ধরো ।

সমাজ-কলঙ্ক ।

৫

ভৃত্য । ( টেবিলের উপর গেলাস স্থাপন )

অখিল । তোমার একেবারে thorough change দেখ্চি ।  
 শ্যাম । ( বাটা হইতে একটু জল পান করিয়া ) change for the better ; তোমাদের antiquated চাল আর চলবে না ; give up them at once.

গোপালের প্রবেশ ।

গোপাল । কি হে শ্যাম, ক্যামন আচো ? তোমার সঙ্গে দেখাটা হোয়ে গ্যালো । (অখিলের প্রতি) অখিল কতক্ষণ ?

অখিল । এই কতক্ষণ ।

শ্যাম । কেন আশ্চি তো চার মাস এয়েচি । You could have seen me long before.

গোপাল । কে ভাই চৌরঙ্গীতে গিয়ে দ্যাখা করে । এখানে এয়েচো শুনে দেখ্তে এছ ।

অখিল । এখানে থাকলে হয় ।

গোপাল । ক্যানো ?

অখিল । এবাড়ী ও'র suit করে না । কেবল কপ্তা ও শশুরের উপরোধে থাকা ।

গোপাল । ( শ্যামের প্রতি ) সত্যি না কি হে ?

শ্যাম । It doesn't suit me at all.

গোপাল । সে কিহে ; চিরকাল suit কোল্লে, এখন করবে না তার মানে কি ? এই খানে থাক্কা ।

নেপথ্যে । বোসজা মশাই ।

শ্যাম । ( ভৃত্যের প্রতি ) দখো, কোন্ আস ।

ভৃত্য । যাউচি ।

ভৃত্যের প্রশ্নান ।

শ্রীরাম গাঙ্গুলীর সহিত ভৃত্যের পুনঃ প্রবেশ।

শ্রীরাম। (শ্রামের প্রতি) কি গো বাপু! ক্যামন আচো? এখানে এয়েচো বেস্ হোয়েচে। আমরা বড় খুসী হয়েছি।

অখিল। (শ্রীরাম গাঙ্গুলীর প্রতি) গাঙ্গুলী মশাই প্রণাম।

শ্রীরাম। কল্যান হোক।

শ্রাম। আচি ভাল। কিন্তু এখানে থাকা সুবিধে নয়।

শ্রীরাম। ক্যানো বাপু?

শ্রাম। স্বাস্থ্য রক্ষার জন্ত এ বাড়ী ভাল নয়। Open compoundওলা বাড়ী না হোলে স্বাস্থ্য রক্ষা হয় না।

শ্রীরাম। ক্যানো বাপু এ বাড়ী তেঁই ইচ্ছাভবন। এমন বাড়ী এ পাড়ায় এক থানাও নেই। পূব খোলা, দক্ষিণ খোলা। তেতলার ঘর ঘেন হাওয়াখানা। বাড়ীটা প্রায় এক বিগে জমীর উপর তৈরি।

শ্রাম। মশাই, এক বিগের major portion তো দালান ও উঠানেই গ্যাচে। ঘর গুলো pigeon hole ব্লেন্ড চলে। Indians need lessons in house building as much as they do in shipbuilding.

শ্রীরাম। দিন কতক বিলেতে থেকে তোমার রুটির পরিবর্তন হোঁচে।

অখিল। এই কথা আমিও বোলছিলেম।

শ্রাম। দেখুন না ক্যানো, ঘর গুলো এক ছোট বে একটা Billiard Table ধরে না।

শ্রীরাম। Billiard Table এ দরকার কি বাপু?

শ্রাম। বলেন কি মশাই? Indoor amusements are as much necessary as those of outdoor.

শ্রীরাম। ক্যানো বাপু শ্বরে বসে খেলবার কি আমাদের কোন খেলা নেই।

গোপাল। \*থাকবেনা ক্যানো? \*তাস, পাসা, সতরঞ্জ, কত খেলা আছে।

শ্রীরাম। সে সব খেলায় আপত্য কি বাপু?

শ্রাম। \*Billiard এ বিশেষ উপকার আছে।

অখিল। কি রকম?

শ্রাম। It makes the player sinewy and muscular.

শ্রীরাম। কি বোলেন বাপু বুঝলেনা।

অখিল। Billiard খেলায় শরীরে বলাধান হয়।

শ্রীরাম। সতরঞ্জ খেলা খেলার রাজা। এতে বুদ্ধি সতেজ হয়, গণনায় অভ্যাস জন্মে, ধৈর্য্য বৃদ্ধি হয়। আমরা সে কেপে লোক, অত তত বুদ্ধি বাপু। যাহোক, এই খানে থাকো বাপু, হিঁহর ছেলে হিঁহর চালে থাকো। তোমার বাপ মা ও সুখী হয়, আমরাও সুখী হই। যাব, এখন তোমার বাবা কোথা?

শ্রাম। (ভৃত্যের প্রতি) কর্তা মশাই কোথায়?

ভৃত্য। বাহির গলানি।

শ্রীরাম। \*আচ্ছা তবে এখন আসি।

অখিল। গাঙ্গুলী মশাই প্রণাম।

শ্রীরাম। কল্যান হোক।

শ্রাম। আচ্ছা good evening.

শ্রীরাম গাঙ্গুলীর প্রস্থান।



৮ অদ্ভুত দুর্গোৎসব।

অখিল। গাঙ্গুলী মশাইকে good evening কোল্লেনে ক্যানো ?

শ্যাম। তাতে কি হোয়েচে ?

অখিল। ঐটাই তো সাহেবী চাল। ব্রাহ্মণ, বয়সে বড়, প্রবীন, বাপের friend, তার কাছে হিঁদ্র্যামি চালে চলাই উচিত।

শ্যাম। I think there is no harm ; I have paid him his due respect.

গোপাল। বটে, কিন্তু হিঁদ্র্য হয়ে সকল বিষয়ে কি anglicise হওয়া উচিত। A native may read Bacon and Shakespere, get over his religious prejudices, form political associations and aspire to a seat in the legislature ; he may do all these and many things more, but he cannot make up his mind to beard at an English Hotel, or to take up a house in Chowringhee.

শ্যাম। That is your idea.

গোপাল। কেবল আমার idea নয়। It is admitted by all.

শ্যাম। It held good in the patriarchal age ? It is effete in the present day.

অখিল। যাকনা গোপাল। দেখচোনা শ্যাম একেবারে প্রকৃত সাহেব হয়ে উঠেচে।

শ্যাম। এই দ্যাখো, বাঙ্গালিদের কত defects, errors and omissions. Ganguli ought not to have intruded here ; he ought to have sent his card.

সমাজ-কলঙ্ক।

৯

অখিল। সে আবার কি ?

শ্যাম। Etiquette.

গোপাল। তবে তো আমাদেরও card পাঠিয়ে দেখা কত্তে হবে।

শ্যাম। Certainly. Every gentleman ought to observe it.

অখিল। তোমার সম্বন্ধে সাহেবী কেতা হয়ে দাঁড়িয়েচে।

শ্যাম। Let that go. Now it is time for my lunch.

অখিল। তবে আমরা আসি।

গোপাল। (মুহুরেরে অখিলের প্রতি) শ্যাম কি রকম lunch করে দেখা যাকনা।

শ্যাম। একটা কথা বলে দি ; আমাকে শ্যাম বা শ্যামবাবু বোলোনা। Mr. Bose বোলবে।

গোপাল। Mr. Bose বোললে তোমায় বোঝাবে না কর্তাকে বোঝাবে।

শ্যাম। আমার বোঝাবে।

অখিল। আর কি বোললে কর্তাকে বোঝাবে ?

শ্যাম। শারদা বাবু বা বোস বাবু।

গোপাল। Don't take any offence ; বাবুর ছেলে Mr. শুনতে কেমন কেমন লাগে।

শ্যাম। Doesn't matter. Both of them signify the samething.

অখিল। তাহলে Mr. এ দয়কার ?

শ্যাম। The word Babu doesn't denote respectability.



গোপাল । In your opinion it is so. বাবু রামগোপাল ঘোষ, বাবু হরচন্দ্র ঘোষ, বাবু প্যারীচরণ সুরকার, বাবু রুক্ষদাস পাল, এ সকলে কি respectability নেই । তবে এতে বিলেত ফেরৎ বোঝায় না ।

শ্যাম । এ বিষয় বোঝবার তোমাদের ability নেই । ( ভৃত্যের প্রতি ) Boy খানা লে আও ।

ভৃত্য । যাউচি ।

ভৃত্যের প্রস্থান ।

অখিল । শ্যাম সাহেবী চাল ছেড়ে দাঁও । বাঙ্গালীর ছেলে বাঙ্গালীর মতন থাকে ।

গোপাল । অখিল, ও কথা ছেড়ে দাও না । চোরা না শোনে ধর্মের কাহিনী । কথায় তো আছে —

ন ধর্মশাস্ত্রং পঠিতীতি কারং

ন চাপি বেদাধ্যয়নং ছরাস্তনঃ ।

স্বভাব এবাত্র তথাতিরিত্যতে

যথা প্রকৃত্যা মধুরং গবাং পয়ঃ ॥

শ্যামের অস্থিতে অস্থিতে, শিরায় শিরায়, মজ্জায় মজ্জায়, সাহেবী চাল প্রবেশ করেছে । Habit is second nature. এখন সাহেবী চাল ওর স্বভাব হোয়ে গ্যাচে । ও চাল ছাড়ান ভার ।

খাত সংস্কৃত খাল হস্তে ভৃত্যের প্রবেশ ।

শ্যাম । ( উঠিয়া ভৃত্যকে পিঠাঘাত ) ব্যাটা তোকে বলেচি যে খালের ঝালর আনিসনে ।

ভৃত্য । মু কঁড় করিমি ।

শ্যাম । তুই ব্যাটা ডিস্ নিয়ে যক্ষ্মি ক্যানো ? ( ডিস্ রাহির করিয় ) দে ব্যাটা এই ডিস্ দে ।

ভৃত্য । ( ডিসে খাত প্রদান ) .

শ্যাম । ( টেবিলের উপস্থিত ডিস হইতে রুটা তরকারী ভাজা কাঁটা ছুরী ও চামচের দ্বারা ভক্ষণ ) Gopal, Akhil, please taste something.

গোপাল । Thank you, আমি এই জল খেয়ে আসিচি ।

অখিল । বৈকালে আমার জল টল খাওয়া অভ্যাস নেই । আমি একেবারে রাত্তিরে খাই ।

গোপাল । ( জনাস্তিকে অখিলের প্রতি ) তবু ভাল । আমি মনে করেছিলাম, খাড়াতে বুঝি মুরগি রান্না শুরু হয়েছে ।

অখিল । বুড়ো থাকতে সেটা আর হবে না ।

শ্যাম । কি বোল্‌চো ?

অখিল । বলছিলাম মেয়েদের ঘে মুরগি রাঁধতে হয় নি, এই পরম সৌভাগ্য ।

শ্যাম । ক্রমে হবে । আমি খাব, মেয়েরা রেঁধে দেবে না ? Moreover we have a paid cook ; তাহলে what is the good of keeping her.

গোপাল । তাবলে বামনের মেয়ে মুরগি রাঁধবে না কি ?

শ্যাম । I will see to it.

অখিল । এখন আমরা আসি । গোপাল এসে যাওয়া বাক ।

অখিল ও গোপালের প্রস্থান ।

শ্যাম । ( খাইতে খাইতে ভৃত্যের প্রতি ) হায়ারী Dug-out তৈয়ারি করা ?

ভৃত্য। হাঁ মাঝ।

শ্যাম। (আহারান্তে হাঁসট মাধায় দিয়া)

প্রস্থান।

### দ্বিতীয় দৃশ্য।

কলিকাতা, বামাপুকুর—শারদা চরণ বস্তুর অন্তর।

শারদা বাবু আসীন—নিকটে মোক্ষদা।

শারদা। শ্যামকে এখানে এনে বিষম বিপদে পড়লেম। জাত জন্মতো আর থাকে না।

মোক্ষদা। তা বলে কি আমি তাকে তুকের আড়ালে রাখতে পারি? পাঁচটা নয়, সাতটা নয়, সবে ধন নিলমণি, ওকে নিয়েই সব।

শারদা। তুমিই তো যত নষ্টের জড়। ছেলের দিক দেখতে গ্যালে আশায় সমাজ ছাড়তে হয়। লৌকে আমায় এক ঘরে কোরবে।

মোক্ষদা। শ্যাম বলে কি?

শারদা। বলে আমার মাথা আর মুণ্ড। ওকে যদি বাড়ীতে রাখতে হয়, তবে রোজ মুরগী ভেড়া রেঁধে দিতে হবে।

মোক্ষদা। তুমি বুড় বয়েসে পাগল হলে নাকি? কি করে অখালি গুলোর নাম করলে?

শারদা। তা না হলে ওরু খাওয়া দাওয়া হবে না, শরীরও ভাল থাকবে না।

মোক্ষদা। যদি মাস টাস খেতে চায়, না হয় পাটার মাসই

রোজ রেঁধে দেওয়া যাবে। রামচরণকে পাঠিয়ে দিয়ে রোজ কালিঘাট থেকে আনা লেই হবে।

শারদা। তুমি যেমন পাগল। ওর কি পাটার মাসে মানবে? অধু তা নয়, দিসি রকমের ঝোল কালিয়ায় চলবে না। বিলিভী ধরণের রান্না চাই, সেই চক্কী ফর্কি দিয়ে রেঁধে দিতে হবে।

মোক্ষদা। ওমা চক্কী কিগো? বল কি! রাম রাম রাম!

শারদা। রাম রাম বোলে কি হবে। ওর তা নাহলে ইবেনা।

এই সাহেবেরা যেমন ষায় তেমনি চাই। খানসাহেবদের মুখে শুনেচি যে সাহেবদের কটলেট, ক্যারী, রোষ্ট, ফ্রায়ের চক্কী দিয়ে রান্না। সেই সব রেঁধে দিতে হবে। তা না হলে ওর খাওয়া হবে না, শরীর ও ভাল থাকবে না।

মোক্ষদা। সে সব রান্নার কথা ছেড়ে দাও। আমরা যেমন কালিয়া রাঁধি, ওকে তেমনি পাটার কালিয়া রেঁধে দেওয়া যাবে।

শারদা। সে তা খেতে রাজি হলে হয়।

মোক্ষদা। কেন রাজি হবেনা?

শারদা। তার তা পসন্দ সেই হবে না।

মোক্ষদা। কেন হবেনা। আমি বুঝিয়ে বলছি রাজি হবে।

সে আমার তেমন ছেলে নয়।

শারদা। শ্যামকে আমি ডাকতে পাঠিয়েচি। তাকে বলে করে রাজি কর দেখি। সে যাহোক, রাঁধবে কে!

মোক্ষদা। ক্যানো? বামনমেয়ে রাঁধবে। তাকে আমি বুঝিয়ে বুঝিয়ে রাজি কোরবো। পাটারেঁধে ফের চান করবে। বামন মেয়ে রাজি না হয় আমি নিজে রেঁধে দোরো। ছেলে থাকবে দোবো না।

শারদা। দেখি তাকে কেমন রাজি কোত্তে পারো।

শ্যামের প্রবেশ।

শ্যাম। (শারদা বসুর প্রতি) বাবা আপনি ডেকেচেন ক্যানো?

শারদা। দ্যাখো, খাবারের জন্যে যা তুমি বন্দোবস্ত কোত্তে চাচ্ছো, তা বাবা হিন্দুর বাড়ীতে চলুক না।

শ্যাম। তাহোলে এখানে থাকতে পারিনে। চৌরঙ্গীর বাড়ীতে যাকি। সেই জন্যে এখনও সে বাড়ী ছাড়িনি। সেখানে বেশ ছিলেম। আপনিই তো for nothing trouble দিলেন।

শারদা। এইখানে থাকো বাবা। এইখানে জন্মালে, এইখানে মরবে হলে। এখানে ছেড়ে কি যেতে আছে। আমাদের গর্ভ ধারিনীকে বড় বয়েসে কেন মন কষ্ট দেবে?

শ্যাম। এখানে থাকলে আমার health নষ্ট হবে। Nutritious food খেতে পাব না। এবাড়ী ও airy নয়। আপনার ভাবনা কিদের? আপনার ও mother এর monthly maintenance পাঠিয়ে দোবো।

মোক্ষদা। বাবা তোমার গ্যাড্‌ম্যাড্‌ আমি বুঝতে পারিনে। কি কোলটো বাঙ্গালা করে বল।

শ্যাম। বদুটি যে এবাড়ী বায়ু বিশিষ্ট নয়। এখানে পুষ্টি কর খাদ্য খাবার উপায় নেই। আমার শরীরের স্বাস্থ্য হানি হবে। আমার জীবন দীর্ঘায়তন হবে না।

মোক্ষদা। কিছুই বুঝতে পারেন না।

শারদা। (শ্যামের প্রতি) চলিত বাঙ্গালা ভুলে গেলে থাকি। এই কথা তো বল্লই হোতো, যে এ বাড়ীতে রীতিমত

হাওয়া খেলে না; যাতে গায়ে জোর হয়, এমন খাওয়া খেতে পাবো না। শরীর কাহিল হবে, বেশী দিন বাঁচবো না।

মোক্ষদা। বুড়ো হলে পাগল হয়। যাট যাট, যেটের বাচ্চা, হাজার দাস। অমন কথা কি মুখে আনতে আছে?

শারদা। ও কথা তোও নিজেই বল্চে।

মোক্ষদা। ও কথা ছেড়ে দাও না। (শ্যামের প্রতি) কেন

বাবা, তুমি তেতলার ঘরে থাকো না? সে ঘরে বেশ হাওয়া খেলে। খড়খড়ে কোলা থাকলে, জষ্টি মাসে ও শ্রীতি করে। আমাদের ঘরের গেয়ের ছুধ, নিজ্জলা ছুধ খাও, ঘী খাও। তাতে কি গায়ে জোর হবে না?

শ্যাম। না মা। মাংস না খেলে গায়ে জোর হয় না। রোজ মাংস খাওয়া চাই।

মোক্ষদা। না বাবা, ঐতি তো হবে না। হিঁজুর বাড়ী, শাল-গাম্‌ রয়েছে। রাঁধবেই বা কে। বামন মেয়ে তো ছোঁবে না।

শ্যাম। তাহোলে আমার এখানে থাকা পোসাবে না।

মোক্ষদা। ওসব অখাদ্যি খাওয়া ছেড়ে দাও বাবা।

শ্যাম। মা, তুমি বোঝো না। পৃথিবীর সমস্ত পদার্থ মান্ন-য়ের ব্যবহারের জন্যে। মাংস, অখাদ্যি কি সে? সেখানে আমি রোজ তিন বার করে মাংস খেজুম।

শারদা। সেখানে যা কোরেচো তা কোরেচো, এখানে আর কেন?

মোক্ষদা। সেখানে যা কোরেচা বাবা, তাতো-কেউ দেখতে যায় নি। আমাদের আপনার লোকও কেউ দেখে নি। পাতা পড়সিরাও কেউ দেখে নি।

শ্রাম। মাংস খাওয়া চাই। তা না হলে এখানে থাকা হবে না।

মোক্ষদা। আচ্ছা দেখি, যদি বামন মেয়ে রেঁধে দেয়। (নেপথ্যদিকে) ওগো বামন মেয়ে, একবার এখানে এসোতো গা ?

নেপথ্যে। এই যাই!

পাচিকার প্রবেশ।

পাচিকার। মা কি বোলছেন ?

মোক্ষদা। বাছা আমার একটা কথা রাখতে হবে।

পাচিকা। কি বলুন না মা।

মোক্ষদা। এই বলছিলাম কি শ্রামের জন্তে একটু করে কালিয়া রেঁধে দিতে হবে।

পাচিকা। তা দোবো না কেন ? কই মাছের না মাগুর মাছের ?

মোক্ষদা। না না, মাছের কালিয়া নয়। পাটার কালিয়া।

পাচিকা। পাটা রেঁধে দিতে হবে।

মোক্ষদা। হ্যাঁ, শ্রামের জন্তে রোজ তাই চাই।

শ্রাম। I can't take kid every day.

মোক্ষদা। কি, বোলচো বাবা ?

শ্রাম। ও রোজ পাটা খেতে চায় না।

মোক্ষদা। বেশ তো। যেদিনে খাবার ইচ্ছে হবে সেই দিনে খাবে।

শ্রাম। তা নয়। সবই তো বুঝলে।

মোক্ষদা। তবে কি ?

শ্রামদা। অন্য অন্য মাংস খেতে চায় +

মোক্ষদা। (শ্রামের প্রতি) ছি বাবা সে সকল কি মুখে আনতে আছে। তোমার জন্তে রোজ পাটা তৈয়ারি হবে। তা খেলে কি চলবে না। (পাচিকার প্রতি) ও গো বামন মেয়ে, শ্রামের জন্তে একটু করে রোজ পাটা তৈয়ারি করে দিতে হবে।

পাচিকা। তার জন্তে ভাবনা কি ? আমি রোজ রেঁধে দোবো। রেঁধে বেড়ে ফের চান কল্লই হবে।

মোক্ষদা। (শ্রামের প্রতি) কেমন বাবা হবে তো ?

শ্রাম। আচ্ছা, মা তুমি বোলচো, তা আর কি কোরবো, তাই হবে। আচ্ছা ঞ্জন যাই। এক খানা 100 pages brief পড়তে হবে।

শ্রামের প্রস্থান।

মোক্ষদা। (পাচিকার প্রতি) শ্রামের শরীর বড় কাহিল, তাই তাকে ডাক্তার রোজ একটু করে পাটা খেতে বলেচে।

পাচিকা। তা বেশ তো, আমি রোজ রেঁধে দোবো না। তবে এখন যাই। উলুনে আগুন দিয়ে এসেচি। এবেলার দুঃখ চড়াই গে।

মোক্ষদা। হ্যাঁ বাছা যাও। কাল থেকে রানচরণ পাটা এনে দেবে।

পাচিকার প্রস্থান।

শ্রামদা। কি ভাগ্য যে তোমার কথায় রাজি হোলো। কিছু সে কদিনের জন্তে।

মোক্ষদা। কানো ?

শারদা। আবার কবে এক নতুন ধূসা তুলবে।

মোক্ষদা। তুমি কিছু বোলো না। যা বলবার আমি বুঝিয়ে বোলবো। বেল গ্যালো গা ধুইগো।

মোক্ষদার প্রশ্ন।

শারদা। (স্বগত) ছেলেটার স্বভাব একেবারে বিগড়ে গ্যাছে। ইংরিজি চালেই চলতে চায়। কেনরে বাপু। বাঙ্গালীর হেঁলে বাঙ্গালীর মত থাক না। হিঁহু হয়ে হিঁহুয়ানি বজায় করবিনে। হিঁহু হয়ে অখাদ্য খেতে কি প্রকারে প্রবৃত্তি হয়, তাও তো বুঝতে পাচ্চিনে। হিঁহুর খাবার কি নেই, ঢের ভাল খাবার আছে। সাহেবী খানাই কি এত ভাল লাগে? (নিস্তর) বলতে নাই পুঁচুজনে আমার ধন্য করে বলে আমাকে কেউ এক ঘরে কত্তে পাল্লে না। জাতে ঠেলতে পাল্লে না, অন্য লোকের হলে সকলে বোলতো, প্রায়শ্চিত্ত কর, চান্দ্রায়ন কর, দান কর, এ কর, ও কর কত কথাই উঠতো। শ্রামকে ঘরে এনে রাখতে কেউ বে সে রকম কোন কথা উত্থাপন করেনি তাই আমার পরম সৌভাগ্য। (নিস্তর) আজ ঘোষেদের বাড়ী বের নেমন্তন্ন আছে। শ্রামতো যাবে না। কি করি আমিই যাই। আত্মীয়তা রাখতে তো হবে।

প্রশ্ন।

### তৃতীয় দৃশ্য।

কলিকাতা-ঝামাণ্ডুর—শারদা বহুর অন্তর।

মোক্ষদা ও দাসী আসীন।

দাসী। (মোক্ষদার চুল এলাইয়া দিতে দিতে) মা কদিন ধরে মুই তোমার একটা কথা জিজ্ঞেস কোরবো মনে কচ্ছি।

মোক্ষদা। কি কথা বলনা।

দাসী। মা দাদাবাবু গোরার সাজ পরে ক্যানো?

মোক্ষদা। গোরাদের সঙ্গে থাকতে হয় বলে, তাদেরই পোশাক পোতে হয়।

দাসী। দাদাবাবুকে দেখলে মোর ডর লাগে মা।

মোক্ষদা। ক্যানো তোর ডর লাগলো কিসে?

দাসী। বোলবো কিমা, সে ছেলেবেলার কথা। মোদের গায়ে একটা ছোটো তিনটে গোরা একবার পাখী মাতে গেছলো। গায়ে এসে পোড়ারমুখোরা ধনিখেতে গিয়ে কত ধান তচনচ কল্লে। মোদের গায়ের মোড়ল বেরিয়ে এসে তাদের কত বোল্লে। মুখপোড়া মিন্‌সেরা মোড়লের কোন কথাই শুনলো না। আপনার মনে পাখীই মাতে লাগলো। পাখী মাতে গিয়ে ধান ঝাড়িতে যেন চষে ফেল্লে।

মোক্ষদা। অ্যা! তার পর!

দাসী। পোড়ার মুখোরা যমের অরুচি! তারপর মিন্‌সে



জুলো যেমন সেই নলটা চালিয়েছে, অমনি খোদেই সামস্তদের ছোট কত্তার গায়ে লাগলো, আর অমনি ছোট কত্তা কুপোকাৎ।

মোকদ্দা। (আশ্চর্য্যে) আঁ, তখন মরে গেলো?

দাসী। পোড়ারমুখোরা তো পালিয়ে যায়। বেটাদের বুকগুল ও ধরলো না।

মোকদ্দা। তার পর।

দাসী। তারপর সামস্তদের বড় কত্তা, মেজো কত্তা, মোহল-মশাই, ঘোষেদের বড় কত্তা, চাটুজোদের ছোট কত্তা, ঘোষামশাই দুখুজো খুজো, সবাই এসে পোড়লো। তখন সেই বাটার পগার পারা

মোকদ্দা। তার পর।

দাসী। তার পর ফাড়িদার এলো, তদারক মদারক কোলে। সামস্ত মামাদের শ্রোরে টানাটানী কোলে। তার পর সামস্ত মামারাও মামলা কোলে, কিছু হোলো না। জেলার বড় খারিজ মামলা খারিজ কোরে দিলে। (চতুর্দিক দেখিয়া মুহুরে) সবাই বুঝে যে পোড়ামুখোরা ফাড়িদারকে এক রাশ টাকা খাইয়ে একেবারে হাত কোরে ছেলো, তাতেই আঁটকুড়ির পুকেদের কিছু হোলো না। সেই থেকে মা মুই পেরা দেখতে ভবে নবুই।

মোকদ্দা। (হাসিয়া) তোমরা দাবাবা কি শোরা?

দাসী। কটা পোশাকে কাফে ও দেখলে মোর সেই তাদের মনে পড়ে।

মোকদ্দা। (হাসিয়া) দুঃ পাপলি! চুলগুলো এখন ও শুকোলো না যে। দে বেশ করে ছড়িয়ে দে।

মৃগালিনী ও কাদম্বিনীর প্রবেশ।

এই যে ব্যান এয়েচো। এস এস। বোসো ব্যান, বোসো। বোউমা রোসো বাছ।

মৃগালিনী। এই বস্টি। (মৃগালিনী ও কাদম্বিনীর উপবেশন)

মোকদ্দা। কামন ব্যান ভাল আছো, ছেলেরা ভাল আছে, কত্তা ভাল আছেন।

মৃগালিনী। অমনি এক রকম আছি। তবে কি জানো ব্যান, সংসারে রোজই একটা না একটা জালা। আজ এক ছেলের পেটের অস্থখ, কাল একটা নাতির জ্বর লিভর। আবার সেটা না ভাল হতে হতে, আর একটা নাতির সর্দী কাশী। আমার নিজের অস্থলের ব্যারাম। কত্তার সেই পায়ে কা।

মোকদ্দা। ও কথা আর বোলো না ব্যান। আমার শরীরও ভাল নয়। আমারও রোজ অস্থল হয়। যাহোক, বড় বউমাকে নিয়ে এয়েচো বেশ কোরেচো। ছোট বউমাকে নিয়ে এলে না কেন?

মৃগালিনী। ছোট বউমাও এয়েচে, পেমার কাছে গ্যাচে।

মোকদ্দা। ছোট বউমা পোয়াতী টোয়াতী?

মৃগালিনী। মা কালীর আশীর্বাদে এই পাঁচমাস। সেই পেসাদপুরের ফুল আনিয়ে পরাতে তবে এই হয়েছে। এখন আশীর্বাদ কর যেন ভালয় ভালয় দুটো হুর্ন্তই হয়।

মোকদ্দা। খাবা তারকনাথ আছে।

মৃগালিনী। শামলাল যে এখন এখানে এসে রয়েচে শুনে



বড় খুসি হয়েছি।' তাই দেখতে এহু; আমাদের উনিও এক দিন এয়েছিলেন।

মোক্ষদা। বেয়াই এক দিন এসে শ্যামকে বুঝিয়ে স্থাঝিয়ে গ্যাছেন।

মৃগা। যে দুর্, কোথা বাগবাঁজার, কোথা বামাপকুর। রোজতো খবর নেবার স্থাঝিয়ে হয় না। যাক, শ্যাম এখন রোজ কাছারী কোচে তো?

মোক্ষদা। হ্যাঁ ব্যান। আফিস কোরেচেন। আফিসের খরচা মাসে আড়াইশো টাকা লাগচে।

কাদম্বিনী। আফিস কিসের?

মোক্ষদা। কোনচুলীর আফিস। কোনচুলীর আফিস না কোরে কি চলে? সহজ কথা তো নয়, বিলেৎ কোরে যেমন পাশ হয়ে এয়েছে, তেমনি তার মান ইজ্জৎ বজায় রাখতে হবে তো?

মৃগা। তা এতো টাকা খরচা কিসের?

মোক্ষদা। ঘরভাড়াই তো একশো টাকার ওপর। কেরানীর মাইনে পাঞ্চাশ। তা ছাড়া দরওয়ান বেয়ারা মেথর—

কাদম্বিনী। মেথর কেন?

মোক্ষদা। মেথর ঝাটপাট দেয়, আফিসের কাটের পাইখানা সাফ করে।

মৃগালিনী। কাটের পাইখানা কি রকম? কাটের ঘর বুঝি?

মোক্ষদা। না না, কাটের সিন্দুকের মতন, একটা তাতেই পাইখানা।

কাদম্বিনী। আপনি কি কোরে জানলেন?

মোক্ষদা। বাড়ীতে একটা এনেচে যে। সেটা দেখেচি বামনদের কুমদের নামে কি বলে?

কাদম্বিনী। ঠাকুরজামাই কি পাইখানায় জান না।

মোক্ষদা। না না তাঁ নয়—তা নয়—তবে কি না কখন কখন সেই কুমদেই যায়।

মৃগালিনী। পেমা ভাল আছে?

মোক্ষদা। হ্যাঁ কান।

নাপতিনীর প্রবেশ।

নাপতিনী। (মোক্ষদার প্রতি) মা বউঠাকরন, আলতা পুরলেন না।

মোক্ষদা। ক্যানো গো নাপিত মেয়ে?

নাপতিনী। তা'কি কোরে জানবো মা। বউঠাকরন বলেন যে আলতা টালতা ক্লার কি পোরবো?

মোক্ষদা। ওমা সে কি গো? এয়েস্ত্রী মাহুষ, আলতা পোতে চায় না, একি! (মৃগালিনীর প্রতি) হ্যাঁ ব্যান, বউমার একি রকম কথা?

মৃগালিনীর। তাই তো! (দাসীর প্রতি) কি তোমার বউঠাকরনকে ভেঁকে আনতো বাছা!

দাসী। মুই যাচ্ছি।

দাসীর প্রস্থান।

নাপতিনী। বউঠাকরন বলেন যে ওরকম সংসাজা দরকার নেই।

কাদম্বিনী। ঠাকুরিগ এ কি রকম কথা?

প্রমদা ও প্রমীলার প্রবেশ।

মোকদ্দা। (প্রমদার প্রতি) বউমা, এসতো নাছা এই খানে বোসো। (প্রমীলার প্রতি) ছোট বউমা, ভাল আছ তো বাছা, বোসো।

প্রমদা ও প্রমীলার উপবেশন।

প্রমীলা। হ্যাঁ মা ভাল আছি।

মুগালিনী। পেমা তোর বাছা এ কি রকম স্বভাব?

প্রমদা। ক্যানো কি হয়েছে?

মুগালিনী। নাপতিনী আলতা পরাতে এলো, আলতা পরলিনে ক্যানো?

প্রমদা। আলতা টালতা আর পৌত্ত্ববো না।

মুগালিনী। ক্যানো কি হয়েছে?

মোকদ্দা। মাথার সিঁহর নাই ক্যানো?

প্রমদা। ও সকল আবার কি? ও সব সংসাজা বইতো নয়। আমি ও সব ভাল বাসিনে।

মুগালিনী। সেকি! এয়েস্ত্রী মাছষ সিঁহর আলতা পরবিনে? এ তোর কি রকম আক্কেল?

মোকদ্দা। জবাব দিচ্ছ না ক্যানো?

মুগালিনী। ও রকম কি কোত্তে আছে? ও রকম কোরে অকল্যান হবে?

নাপতিনী। (মোকদ্দার প্রতি) মা আমি তবে এখন আসি।

মোকদ্দা। হ্যাঁ বাছা এস।

নাপতিনীর প্রস্থান।

প্রমীলা। ঠাকুরঝি ঠাকুরজামাএর সঙ্গে পরশ নাচে যাবে।

মুগালিনী। নাচে যাবে কি? :

প্রমীলা। পরশ রাত্তিরে ঠাকুরজামাএর ঘরে মেমের নাচ হবে। ঠাকুরজামাই বলেচেন ঠাকুরঝিকে সেখানে গিয়ে মেমেদের খাতির টাতির কত্তে হবে। তাদের কাছে আলতা টালতা পরে গ্যাতে তারা ঠাট্টা কোরবে।

মোকদ্দা। কই এসকল কথা তো আমি কিছুই শুনিনি। আর বউ মাহুদু নাচে গিয়ে বসলে কি? কি মেমের কথা!

প্রমীলা। মেয়েদের কাছে বসলে তাতে দোষ কি?

কাদম্বিনী। তারা কে? সাহেবদের বিবি?

প্রমীলা। না না, মিলেং ফেরৎ বাঙ্গালী কোনসুদী ডাক্তারদের পরিবার।

মোকদ্দা। হ্যাঁ বউমা, সত্যি নাকি?

প্রমদা। হ্যাঁ। আমি চলুম। আমি আর থাকতে পারিনে। আমি comforter টা বুনতে বুনতে ফেলে রেছি?

প্রমদার প্রস্থান।

মুগালিনী। ব্যান শুনে তো। এ কি রকম কথা! জামাই বাবুই এতটা করে তুলেচে।

মোকদ্দা। এতে শ্রামের দেখ কি। যদি শ্রাম বলে থাকে তোর কি আক্কেল নেই? তুই গেরোস্তোর বউ, তুই নাচে গিয়ে বোসবি? (প্রমীলার প্রতি) অচ্ছা ছোট বোউ মা, তারা তো বাঙ্গালীর মেয়ে, না বিলীতী বিবি?

প্রমীলা। তারা বিলীতী বিবি কেন? তারা বাঙ্গালীর মেয়ে। মিলেং ফেরৎ বাবুরা আপনাদের পরিবারকে নিম্ন করে তুলেছে। তারা সবাই স্ত্রী পুরুষে পরশ রাত্তিরে কলসবো।

মোক্ষদা। আর তাদের সঙ্গে বউ মা গিয়ে বসবে?

প্রমীলা। তা বসবে কি? তারা সাহেবদের মতন নাচবে গাইবে, কত আনন্দ করবে।

কাদম্বিনী। ঠাকুরঝি সেই পুরুষ মানুষদের সামনে বেরুবে কি কোরে? অবাক হয়ে গেছি।

মোক্ষদা। ব্যান শুনে তো। বউমার এটু বিবেচনা নেই। দুই পুরুষের কাছে বেরুবি কি করে? আবার দাপো ব্যান, পেমার মেয়ে দিন রাত সেমিজ গিরে থাকে। এমু চক্ষেও কখন দেখিনি। আমার সংসারের কামের কোন কোন ভাবনা নেই। সবতে নেই, আমার সংসারে চার পাঁচ জন লোক হানেহাল থাকে। এই বামন মেয়ে এক জন, আমার বড় পিসশাউড়ার বিধবা মেয়ে, যার কোননগরে বে হয়েছিলো, আমার ছই-মান শাউড়ী, আমার ছোট খুড়শুরের বিধবা মেয়ে। এরা সব সংসারে আছে বলে আমি নিশ্চিত। চার চারটে দি। বউমাকে একটা কুটোকে ছুখানা কোত্তে হয় না।

মুগালিনী। তাবলে কি দোয়ামার জন্যে পান গুলোও খাচ্ছে নেই।

মোক্ষদা। শ্রান পান খায় না। তামাকও খায় না।

মুগালিনী। এদিকে তো ভাল। তবে দোয়ের মুখো দেখেই নেভাজ। আমাদের উনিও সেদিন তাই বলছিলেন।

প্রমীলা। ঠাকুরজামাই তামাক খায় না বটে, কিন্তু সাহেবদের মতন চুরুট খায়। ঠাকুরঝির ঘরে বাক্স বাক্স চুরুট আল-না বটে সাজান আছে।

মুগালিনী। সবই সাহেবী কেতা।

মোক্ষদা। তা কেন? সকাল বেলা বাড়ীর ভেতর ভাত টাট খায়। তবে কি জানো কান, আজ কালকার ছেলেপুলেরা বাইবে কোথায় কি খায়, কি করে তা কে দেখে রওছে।

মুগালিনী। ব্যান তবে আজ আমরা আসি। কেবল এক বার পেমার কাচে হলে যাই।

মোক্ষদা। তাকি হয়। জল টল না পেয়ে কি যাওয়া হয়? মুগালিনী। আজ থাক না ব্যান। আর এক দিন আসা যাবে।

মোক্ষদা। না ব্যান ত্র হবে না।

মুগালিনী। এতো আমাদেরই ঘর। অ্যাতো পেড়াপিড় কোচো কেন ব্যান?

মোক্ষদা। তা হবে না ব্যান। জল টল না পেয়ে যাওয়া হবে না। আর বউমাকে এক বার আড়ালে বুঝিয়ে সুঝিয়ে যাও ব্যান।

মুগালিনী। আচ্ছা তবে পেমার কাচ থেকে আমরা আসি।

মোক্ষদা। আমিও জল খাবার উজ্জু গ কত্তে বলি।

মুগালিনী। আমাদের জন্যে উজ্জু গ সুজ্জু গ ক্যানো?

মোক্ষদা। আমার এখানে কিছুই উজ্জু গ কত্তে হবে না। ঘরের লোক ছাড়া রোজই পাঁচ সাত জনের খাবার তৈয়ার হয়।

কাদম্বিনী। ক্যানো?

মোক্ষদা। আমার অইপোরা, ভেয়েরা প্রায় রোজই এখানে খায়।

কাদম্বিনী। যদি তাঁরা কোন দিন না আসেন, তাহলে সে খাবার কি হয়?

মোকদ্দা। কি চাকরে খায়। না হয় মেথরকে দেওয়া হয়। সে যাক। আমার মাথা খাও কান বেয়ুইকে একবার এখানে পাটিয়ে দিও। এসে শ্রামকে যেন বুঝিয়ে সুঝিয়ে যান।

মৃগালিনী। পাটিয়ে দোবো বই কি ব্যান।

মোকদ্দা। তবে চল ব্যান মুখে হাতে জল দেবে।

মৃগালিনী। অর্গে পেমার কাচ থেকে আসি।

মৃগালিনীর প্রশ্ন।

কাদম্বিনী। আমাদের রাত্তির করা হবে না। যে দুই ঘণ্টে এক ঘণ্টা লাগবে। আমি ছোট খোকাকে ঝির কাচে রেখে এয়েছি। সে আমার না দেখতে পেল হেদোতে থাকে।

মোকদ্দা। দেরি হবে না বউমা। আর দেরি হয় তো ভাবনা কি মা? না হয় আমাদের গাড়ি গিয়ে তোমাদের পৌছে আসবে।

প্রমীলা। আমরাও ঠাকুরঝির কাচ থেকে আসি। রঙ দিদি চল।

মোকদ্দা। আচ্ছা বাছা এস।

কাদম্বিনী ও প্রমীলার প্রশ্ন।

মোকদ্দা। ওঝি এক বার এদিকে আস।

নেপথ্যে। এই যাই।

দাসীর প্রবেশ।

দাসী। মা মোকে কি বলছ প।

মোকদ্দা। তোমার পিসিমাকে বলগে যে তোমার দাদাবাবুর গাউরী টাউরীদের জল খাবারের উজ্জুগ করে।

দাসী। আচ্ছা মা।

দাসীর প্রশ্ন।

মোকদ্দা। বেলাও পাঁচটা বাজে। আমি ও মুখ হাত ধুতে যাই।

মোকদ্দার প্রশ্ন।

## দ্বিতীয় অঙ্ক।

প্রথম দৃশ্য।

কলিকাতা, বামীপুকুর—শ্রামচরণ বহুর বহিষ্কর্তা।

শ্রামচরণ বহুর ড্রইং রুম।

( শ্রামচরণ বহু আসীন )

শ্রাম। (স্বগত) সন্ধ্যে তো হোল। এখনও তো কারও দেখা নেই Chatterjee নিখেছে— I'll be at your's just in time with Mrs Chatterjee and her sister. তিত্তুকে invite করেছি, পোপালকে কার্ড পাঠিএছি, অখিল too is invited although I don't like his company. He is idiotic and crazy; a Tom Noddy in sooth. ( পরিক্রমণ ) এখন করি কি? Good arrangements have been made to entertain my amiable guests; sparkling Moselle and superior Madeira have been supplied by Kellner, cake by Peliti and dinner by Great Eastern. I am sure this well befits the soiree. কই এখনও তো কেউ এলো না? (নেপথ্যে) boy.

নেপথ্যে। সাকা।

( ভৃত্যের প্রবেশ )

শ্রাম। খানসামা কোথায় বালাও।

ভৃত্য। যা কহিচি।

শ্রাম। This is a gala evening.

( খানসামার প্রবেশ )

খান। সেলাম সাব।

শ্রাম। খানা তৈয়ার ?

খান। সব তৈয়ার হান্ন সাব।

শ্রাম। Hot water মে রখ্খো।

খান। যো হুকুম সাব।

খানসামার প্রস্থান।

শ্রাম। I have done the best I could for my guests; this evening is a bright epoch in my life. I know what it comes to; but a simpleton cannot. ( পকেট হইতে ঘড়ি বাহির করিয়া দেখিয়া ) It is about the time; I don't know why the doctor is late.

( চাটুখিয়া, চাকুবালা ও ননীবালার প্রবেশ )

শ্রাম। Good evening Chatterjee, good evening Mrs. Chatterjee.

চাটুখিয়া। Good evening Bose. ( সেকহ্যাও করণ )

চাক। Good evening Mr Bose. ( সেকহ্যাও করণ )

শ্রাম। Come take your seat please ( চাকুবালায় হস্ত ধারণ করিয়া চৌকীর উপরে উপবেশন করায়ন )

চাটুখিয়া। ( শ্রামের প্রতি ) Bose I like to introduce this girl to you; she is Miss Ganguli, Mrs Chatterjee's sister. By Jove I can assure you she is a songstress of the first water.

শ্রাম। I am very happy to make acquaintance with such a gem. Come lassie take your seat ( ননীবালার হস্ত ধারণ করিয়া চৌকীর উপরে উপবেশন করায়ন )

চাটুখিয়া। Bose তোমার আর সব guest কোটা ?

শ্রাম। They will be here in a while.

চাটুখিয়া ( পকেট হইতে ঘড়ি বাহির করিয়া দেখিয়া ) The time is up by two minutes and ten seconds.

শ্রাম। Doesn't matter Doctor. They are expected in no time. But your watch might be little fast.

চাটুখিয়া। My watch is correct up to the last second, I am sure.

শ্রাম। Then of course they are little late.

চাটুখিয়া। Natives can't keep their engagement just in time.

শ্রাম। I admit it. But some allowance should be made for them.

চাটুখিয়া। Natives will remain natives for ever. Now Bose, Mrs. Bose কোটা ? Is she still busy about her toilette ?

শ্রাম। Oh no; I shall presently send for her, boy.



নেপথ্যে। সাব।

চাটুখিয়া। Bose why don't you keep a calling bell, it won't cost you more than five Rupees.

শ্যাম। Excuse me Doctor; I will do it at once.  
(ভৃত্যের প্রবেশ)

শ্যাম। মেম সাবকে সেলাম দেও।

ভৃত্য। যো হুকুম সাব।

চাকর। (শ্যামের প্রতি) ভৃত্যের প্রস্থান।  
আপনার পরিবার বোধ হয় এখনও গৃহের কার্য নিয়ে ব্যস্ত আছেন।

শ্যাম। O no; Mrs Chatterjee, আমার পরিবারের উপর আমার এমত হুকুম আছে, যেন তিনি গৃহের কার্য কিছু না করেন।

চাকর। তবে তাহার আসিবার এত দেরি কেন?

শ্যাম। আমি বলিতে পারিতেছি না কি জন্ত তিনি এত দেরি করিতেছেন?

(গোপালের প্রবেশ)

শ্যাম। Halo Gopal! Oh no Mr Dey good evening; why so late?

গোপাল। Good evening Mr Bose; excuse me for the delay.

(ভৃত্যের প্রবেশ)

শ্যাম। কিয়া হুয়া।

ভৃত্য। মেম সাবো কহিল আসিবো না।

শ্যাম। কাহে?

ভৃত্য। সে তো কহিল আসিবো না।

শ্যাম। Aroint thee, thou son of a slave; ব্যাটা জিজ্ঞেস করিলে ক্যানো আসবে না। (চপেটাঘাত)

ভৃত্য। সু ক্বি করিমু?

শ্যাম। I will send you to Jericho; thou old braggart.

চাটুখিয়া। Sack him at once Bose.

শ্যাম। I will do it. (ভৃত্যের প্রতি) যাও, পুছো কিয়া স্নাস্তে নেই আওএগা।

ভৃত্যের প্রস্থান।

তিতু ও অখিলের প্রবেশ।

শ্যাম। (তিতু ও অখিলের প্রতি) Come take your seats.

তিতু। আচ্ছা আমরা বস্চি। (উপবেশন)

অখিল। (উপবেশন)

ভৃত্যের প্রবেশ।

ভৃত্য। মেম সাবো আসিয়ো না।

শ্যাম। মেম সাব আচ্ছা হায়?

ভৃত্য। সু কিমিতী জানিবো।

শ্যাম। যাও।

ভৃত্যের প্রস্থান।

চাটুখিয়া। What's the matter with Mrs Bose?

শ্যাম। She couldn't come.



চাটুর্ষ্য। I believe she doesn't care to enjoy the company.

শ্রাম। Avaunt the runction! Now let us make a bowl of sparkling Moselle.

চাটুর্ষ্য। No harm.

শ্রাম। খানসামা।

নেপথ্যে। হাজির।

খানসামার প্রবেশ।

খান। কেয়া হুকুম সাব।

শ্রাম। হাম লোক্কো আস্তে Moselle আউর মেম লোক কো আস্তে Madeira.

খান। বো হুকুম সাব।

খানসামার প্রস্থান।

চারু। বোস সাএব, আপনি আমাদের জন্ত ব্যস্ত হচ্ছেন ক্যানো?

শ্রাম। Mrs. Chatterjee, I am honored by your gracious presence to-night.

মত্তপূর্ণ পিয়লা লইয়া খানসামার পুনঃ প্রবেশ।

খান। (টেবিলের উপর পেয়লা স্থাপন)

শ্রাম। (খানসামার প্রতি) আচ্ছা যাও।

খানসামার প্রস্থান।

অখিল। (তিতুর প্রতি) এমন জানলে কি আমি আসতুম।

তিতু। এবে মাতলামো কাণ্ড দেখ্‌চি। নাচ-কাচ মিচে।

অখিল। দেখা যাক না।

শ্রাম। (এক পিয়লা মদিরা লইয়া) Chatterjee allow me to offer a cup of delicious Madeira to Mrs Chatterjee.

চাটুর্ষ্য। I have no objection.

শ্রাম। Another to Miss Ganguli.

চাটুর্ষ্য। All right.

শ্রাম। (এক পিয়লা মদিরা চারুবল্লাকে ও এক পিয়লা ননীবালাকে প্রদান করিয়া) Oblige me Mrs Chatterjee and Miss Ganguli.

চারু। Thank you, I wish your health (মত্তপান)

ননী। Thank you good health (মত্তপান)

শ্রাম। Three Cheers for Mrs Chatterjee and Miss

Ganguli (চাটুর্ষ্যের প্রতি) Chatterjee, I am indebted to you for this celestial pleasure.

চাটুর্ষ্য। Now let me offer you a cup (মত্তপ্রদান)

শ্রাম। Thank you. I drink your health Doctor.

(মত্তপান এবং এক পিয়লা মত্ত লইয়া গোপালের প্রতি) Mr. Dey here's a cup for you (মত্তপ্রদান)

গোপাল। Good health Mr. Bose (মদ্যপান)

চাটুর্ষ্য। (শ্রামের প্রতি) তোমার এ friend দেব দিলে না।

শ্রাম। ওঁরা পান না।

চাটুর্ষ্য। (অখিল ও তিতুর প্রতি) আপনাত্মা পান করেন

না?

অখিল ও তিতু। মাপ করুন আমরা খাই না।

চাটুযিয়া। This is the twentieth century my friend, still you stick to these bad prejudices; নিশ্চয় আপনারা অস্বীকার করিবেন না, যদি এই মহিলা অস্বীকার করেন।

অখিল। না মশাই। মাপ করবেন।

চাটুযিয়া। আপনারা এখনও পর্যন্ত এমৎ কুসংস্কারাচ্ছন্ন!

তিত্তু। কখন খাই নাই।

চাটুযিয়া। That is no reason that you won't take now.

শ্যাম। Let that go Doctor. They are wiseacres in sooth. (চাটুযিয়ার প্রতি) Now let us have one of Miss Ganguli's songs.

চাটুযিয়া। All right. Go on Noni.

ননী।

গীত।

রাগিনী ভৈরবী—তাল খেমটা।

ভাল বাসবেনা আর।

তারে ভাল বেসে হোল ষাতনা আমার ॥

প্রণয় স্ত্রের তরে, সঁপিলাম প্রাণ পরে,

স্বস্থির নহি অন্তরে, জলি অনিবার।

হয় হেন অলুমান, পাবাণ তাহার মন,

শোকাকুল মোরে-না সে দেখে একবার ॥

গোপাল। Capital!

শ্যাম। Bravo! Three cheers for Miss Ganguli.

Chatterjee I am ever after obliged to you.

চাটুযিয়া। Don't mention.

শ্যাম। I would adore her as a goddess. She is a Psyche on earth.

চাটুযিয়া। কই Mrs Bose কোটা?

শ্যাম। Let her go to the dogs. Come let us help Noni with a cup.

চাটুযিয়া। Most gladly (ননীকে মদ্য প্রদান)

ননী। Thank you (মদ্য পান)

শ্যাম। (মদ্য লইয়া চারুস্বালার প্রতি) Most honored lady, here is a cup for you.

চারু। Thank you Mr. Bose.

অখিল। (তিতুর প্রতি) ব্যাপার খানা দেখুচো?

তিতু। গোপাল ষাবে আর কি?

শ্যাম। (গোপালের প্রতি) Mr. Dey why don't you take a cup. Here is a cup for you.

গোপাল। Thank you. (মদ্য পান)

শ্যাম। I want to introduce these friends to you

Doctor (গোপালকে দেখাইয়া চাটুযিয়ার প্রতি) This is Mr. G.

C. Dey (চাটুযিকে দেখাইয়া গোপালের প্রতি) this is B.C.

Chatterjee F. R. C. S. (London) M. R. M. S.

(Edinburgh) M. R. I. M. (Berlin) M. R. M. S. (New

York) and M. D. and L. R. C. P. (Dublin) (তিতু ও

অখিলকে দেখাইয়া চাটুযিয়ার প্রতি) These are my old

chums, A. C. Butt and T. C. Sircar.

চাটুযিয়া। ভদ্রমহাশয়গণ, আমি বোড়ো সন্তোষ লাভ কু রিলাম।

অখিল ও তিতু। উভয়ত জানিবেন।

গোপাল। Doctor Chatterjee, may I be permittd to ask you to request Mrs Chatterjee to entertain us with a mellifuous song.

চাটুযিয়া। তাহাতে কি আশ্রিত আছে? (চারুবালার প্রতি) Entertain the company with one of your own songs.

চারু। I will my lord.

(গীত।

রাগিনী অহং জংলা—তাল খেমটা।

সখি ভেবনা আর।

নূতন পুরুষে পাইবে আবার ॥

দেখ যবে বিধবার বিয়ে নাহি ছিল,

নিরন্তর তারা সবে হোত শোকাকুল,

Widow marriage হয়েছে যখন প্রচলিত,

কারণ নাহিক আর হইতে চিন্তিত,

মনের উল্লাশে হর্ষ ভুঞ্জ অনিবার ॥

গোপাল। Excellent.

চাটুযিয়া। This is one of her own compositions.

শ্যাম। I take her to be a houri on earth. (চারুবালার প্রতি) Take a sip, please. (মদ্য প্রদান)

চারু। Thank you Mr Bose (মদ্যপান)

তিতু। (অখিলের প্রতি) এ মাতালের দলে থেকে কি হবে? চল যাওয়া যাক।

অখিল। বোসোনা কদর গড়ায় দেখা যাক।

তিতু। আর কার্য কি?

অখিল। শেষ পর্যন্ত দেখা যাক।

চাটুযিয়া। Before bringing this evening's entertainment to a close, I urge you Bose to look to the polka of Miss Ganguli.

শ্যাম। I agree with all my heart.

চাটুযিয়া। She has been systematically taught waltz, polka, galop, jig, gavot, morisco, saraband, minuet and many others.

শ্যাম। Rare and unprecedented qualifications to be sure.

চাটুযিয়া। I have forgotten to tell you that Mrs. Chatterjee has mastered English tunes too.

শ্যাম। Aye to be sure. Mrs. Chatterjee must oblige us with an English tune.

চারু। I will. (গীত)

“Why weep ye by the tide ladie?

Why weep ye by the tide?

I'll wed ye to my youngest son,

And ye shall be his bride.

And ye shall be his brude, ladie,

Sae comely to be seen”—

But aye she loot the tears down fa

For Jock of Hazeldean.

"Now let this wilful grief be done,  
 And dry that cheek so pale;  
 Young Frank is chief of Errington,  
 And Lord of Langely dale;  
 His step his first in peaceful ha'  
 His sword in battle keen"—  
 But aye she loot the tears down fa'  
 For Jock of Hazeldean.  
 "A chain of gold ye shall not lack,  
 Nor braid to bind your hair;  
 Nor mettled hound, nor managed hawk,  
 Nor palfrey fresh and fair;  
 And you the foremost o' them a',  
 Shall ride our forest queen"—  
 But aye she loot the tears down fa'  
 For Jock of Hazeldean.  
 The kirki was decked at morning tide,  
 The tapers glimmered fair;  
 The priest and bridegroom wait the bride,  
 And dame and knight were there.  
 They sought her baith by bower and ha',  
 The ladie was not seen,  
 She's o'er the Border and awa',  
 Wi' Jock of Hazeldean.

শ্যাম । Bravo! *Probatum est.*  
 চাটুর্ষ্যে । Well done my Dalcinea!  
 গোপাল । It is worth a Jew's eye.

দাসীর প্রবেশ ।

দাসী । ( স্বগত ) এখানে মুই সের্ছই কি কোরে ? ভর  
 লাগে । ( সান্ধচর্যে ) এদের সঙ্গে ছুটো মেয়েলোক দেখছি ।  
 এ ছুটো কে, এরা বিবী ; ওবাবা ! একটা গোরা আবার, বাবারে  
 বাহোক, দাদা, বাবুকে এখন থেকেই ডাকি । ( প্রকাশে )  
 দাদাবাবু—দাদাবাবু—

শ্যাম । ( দাসীকে দেখিয়া ) কেরে । কি, টুই এখানে  
 ক্যানো ?

দাদা । দাদাবাবু ( হাঁফাইয়া ) মা কত বকুতি লাগিচে ।  
 রাতি কত হোলো, শোবার সময় কি হয় নি ?

শ্যাম । Thou infernal witch, get thee gone, ঘোউ ।  
 দাসী । মুই কি কোরবো, মা বোলো তাই তো এহু ।

শ্যাম । যা এখন থেকে যা ।

দাসী । ( ক্রন্দন স্বরে ) যাই মাকে বলিগে

দাসীর প্রস্থান ।

চাটুর্ষ্যে । The time is up Bose. Let us have Miss  
 Ganguli's polka.

শ্যাম । All right.

চাটুর্ষ্যে । Please the company Noni.

ননী । ( নৃত্য ) !

শ্যাম । Encore Encore !

ননী । ( নৃত্য )

শ্যাম । Let us have one cup more ( মদ্য লইয়া )

Here is one for you Chatterjee.

চাটুজি । I will for Noni's health. ( মদ্যপান )

( শ্রামের প্রতি ) This is a hey-day and I must finish  
the regatta with the my favorite sonata:—

Of all the birds on bush or tree,

Commend me to the owl,

Since he may best ensample be

To those the cup that trowl.

For when the sun has left the west,

He chooses the tree that he loves the best,

And he whoops out his song, and he laughs at his jest,

Then though hours be late, and weather foul,

We'll drink to the health of the bonny, bonny owl.

The lark is but a bumpkin fowl

He sleeps in his nest till morn ;

But my blessing upon the jolly owl

That all night blows his horn.

Then up with your cup till you stagger in speech

And match this catch though you swagger and screech

And drink till you wick my merry men each,

For though hours be late and weather foul

We'll drink to the health of the bonny bonny owl.

শ্যাম । Huzza! Tolderollol!

গোপাল । Cheer up, Hurrah!

চারু । *To triumphe!*

শ্যাম । খানসামা ।

নেপথ্যে । সাব ।

খানসামার প্রবেশ ।

শ্যাম । ও ঘর মে বড়া মেজ পর খানা তৈয়ার করো ।

খান । ঠো হুকুম সাব ।

খানসামার প্রস্থান ।

অখিল ও তিতু । আমরা চল্লম ।

শ্যাম । All right.

অখিল ও তিতুর প্রস্থান ।

শ্যাম । ( গোপালের প্রতি ) I won't leave you Mr

Dey. You must dine with us. Come to the other

room.

গোপাল । All right.

সকলের প্রস্থান ।



## দ্বিতীয় অঙ্ক

### দ্বিতীয় দৃশ্য

কলিকাতা বামাপুকুর—শ্রীরাম গাঙ্গুলীর অন্দর।  
( শ্রীরাম গাঙ্গুলী ও নিস্তারিনী আসীন )

শ্রীরাম! দ্যাখো কাল একটু সকালেষ্টে কোয়ে রেখে দিও তো।

নিস্তা। ক্যানো?

শ্রীরাম। বোসজার সঙ্গে রেল য়েতে হবে।

নিস্তা। কোথায়?

শ্রীরাম। চানকে।

নিস্তা। চানকে ক্যানো?

শ্রীরাম। শারদা বোস চানকে গঙ্গারধারে একটা জায়গা দেখতে যাবে।

নিস্তা। কেনবার জন্তে?

শ্রীরাম। হ্যাঁ।

নিস্তা। চানকে জায়গা কিনে কি হবে?

শ্রীরাম। ঠাকুর বাড়ী করবে আর শিবস্থাপন করবে।

নিস্তা। বুড়ো বএসে মিনসে পাগল হএচে। বাড়ীতে

ছুঁচোর কেতন বাইরে কোঁচার পত্তন। রঙ্গ দেখে বাঁচিনে।

শ্রীরাম! ক্যানো?

নিস্তা। বাড়ীতো মোছলমানের বাড়ী হয়ে দাড়িয়েচে,

## সমাজ-কলঙ্ক

৪৫

পেয়াজ রসুনের গন্ধে ওঁদের বাড়ীতে ট্যাঁকা তার। চারদিকে  
হাঁস মুরগি চরে বেড়াতে।

শ্রীরাম। আরে পাগলি ও কথা বলিসনে। যাদের পয়সা  
আছে তারা সব কত্তে পারে। সহরের কত বাবুদের বাড়ীতে  
ওরকম আছে তা জানিস্। অত কথায় কাজ কি, রান্তিরে  
বাবুবা বাড়ীর ভেতর খান না, মোছলমান চাকর আছে তারা  
মুরগি টুরগি রেখে দেয়, তাই বৈটক খানায় খাওয়া হয়।

নিস্তা। ষ্যাম বল, ছুগ্গা ছুগ্গা।

শ্রীরাম। এতে কিন্তু কেসজার কোন দোষ নেই। কুলা-  
দার ছেলেই এই কাণ্ড করে তুলেছে। খানসামা রাখা হএছে  
সেই ব্যাটা রেখে দেয় তাই খাওয়া হয়। ধন্ত প্রকৃতি যাহোক!

নিস্তা। তা তুমি শারদা বোসকে এ বিষয় কিছু বল না?

শ্রীরাম। তাকে বুলা আস না বলা সমান। বলে তো কোন  
ফল হবে না।

নিস্তা। ক্যানো?

শ্রীরাম। ক্যানো? ছেলে বা কোত্তে চাইবে গিন্নি  
তাতেই রাজি। কতার কি সে কথায় কথা কবার যো আছে?

নিস্তা। আহা গিন্নির পাঁচটু নয় সাতটা নয়, সবে একটা  
ছেলে। সেখানে সখে থাকে গিন্নী তাইতো কোরবে।

শ্রীরাম। তা হাঁস মুরগি খেতে না পেলই বুঝি সখ  
হয় না।

নিস্তা। অমিতা বলচি নে। তবে গিন্নীকে ছেলের  
আকার গুন্তে হবে তো, না গুন্তলে যদি ছেলে, বাড়ী থেকে  
বেরিয়ে যার।



শ্রীরাম। অমন ছেলেকে ছন খাইয়ে মারা উচিত। হ'হর ছেলে হয়ে যখন হিঁহুয়ানি পরিত্যাগ কুলে, তখন তার কি মুখ দেখতে আছে? বেরিয়ে গ্যালো তো বোয়ে গ্যালো।

নিস্তা। মার প্রাণ কি তা বোকে?

শ্রীরাম। আমি আর ও বিকয়ে কোন কথা কইনে। কারণ ছেলের বিপক্ষে বলে কি গ্নিরী কোপে পড়ে যাব। তা হলে হয় তো আমার বার্ষিকটা বন্দ হয়ে যাবে।

নিস্তা। না, তা হলে কাজ নেই। আর স্ত্রু বার্ষিক নয়— অষ্টমী পূজোর বড় নইষিদা খাশা আমরা পাই। তাহলে হয় তো সেখানাও বন্দ হতে পারে।

শ্রীরাম। তাতো বটেই। কিন্তু পূজো টুকো বোলচো বটে। তা পূজোর বিষয় ছেলের কি রকম মত দাঁড়ায় তা বলা যায় না।

নিস্তা। ছেলের এ বিষয়ে আবার মতামত কি?

শ্রীরাম। ছেলে সাহেব হয়ে দাঁড়িয়েছে। ঠাকুর দেবতা মানে না। সে কি পূজো কোত্তে দেবে।

নিস্তা। ক্যানো ছেলে কি কোরবে। পূজোর খরচা তো কত্তার। পূজোর খরচা তে ছেলেকে দিতে হবে না।

শ্রীরাম। পাগলি তুই মেলা বকিসনে। তুই তো সব বুঝিস্। উপযুক্ত ছেলে। সে যদি বলে না বাবা পূজো করা হবে না।

নিস্তা। এমনি আরকি? সাত পুরুষের পূজো। বন্দ বললেই অমনি বন্দ। টাকার তো অভাব পড়েনি।

নেপথ্যে। বাড়ীতে কে আছ বারু?

শ্রীরাম। কেও?

পাউরুটির বাজরা সাধারণ করিয়া রুটাওয়ালার প্রবেশ।  
রুটা। সেলাম বারু। এই কাগজটা দেখেন তো কোন ঠিকানা লেখা আছে? আর এ সাবের বাড়ী কোথা?

শ্রীরাম। কি বোলচো শ্বাপু?

রুটা। এ সাবের বাড়ী কোথা তাই মুই পুছ কচ্ছি।

শ্রীরাম। বেটা এ হিঁহুর পাড়া, এখানে সাহেবের বাড়ী।

রুটা। ঠাকুর মুশই মেহেরবানী করে দেখেন না?

শ্রীরাম। (চসমা চক্ষে দিয়া কাগজ পড়িয়া) মিষ্টার এস, সি, বোস, বেচুচাটুজোর ছুটি। তুমি কোথেকে আসচো বাপু?

রুটা। মুই জানবাজার হতে আস্চি।

শ্রীরাম। কে প্যাটিএটে?

রুটা। চাটুখ্যা সাব।

শ্রীরাম। হ্যা হ্যা বাও। এই রাত্তার বাদিকে ঐ লাল রঙের তেতাল্লা বাড়ী। তোমার কি আছে বাপু?

রুটা। মোরা রুটা তৈয়ার করি। ডাক্তার সাব চিটি দুছে আর বলে দেছে এই বোস সাহেবের বাড়ীতে রোজু রুটা যোগান দিতে হবে।

শ্রীরাম। আচ্ছা বাপু যাও।

রুটা। ঠাকুর মুশই সেলাম।

রুটাওয়ালার প্রস্থান।

শ্রীরাম। (স্বগত) কি আশ্চর্য্য। হিঁহুর রুটাতে মোজ-সমান রুটাওয়ালার রোজু রুটা যোগান দেবে। বোসজার জাত

জন্ম আর থাকে না। যাই বোসজাকে একথা বলে দিইগে আর তাকে বলেই বা কি হবে। বলেতো কিছু ফল হবে না। (নিতারিনীর প্রতি) গিন্নী শুনে তো। মোছলমান রুটীওয়ালার শারদা বোসের বাড়ীতে বোজ রুটী বোগান দিয়ে যাবে।

নিতা। তোমারও কথার দরকার কি?

শ্রীরাম। বাঃ বড় মজার কথা। আমার কাজ নেই। এমনিই আর কি? এসব দেখলে কিছু চুপ করে থাকা যায়। যাই একথা বোসজাকে বলিগে।

শ্রীরাম গান্ধুলীর প্রশ্ন।

নিতা। আমিও যাই। সন্ধ্যা হলো, ঘরে সন্ধ্যা দিই গে।

নিতারিনীর প্রশ্ন।

## দ্বিতীয় অঙ্ক।

### তৃতীয় দৃশ্য।

কলিকাতা বামাপুকুর—শারদাচরণ বহুর বহিরঙ্গী।

শ্যামাচরণ বহুর বসিবার ঘর।

(শ্যামাচরণ বহু আসীন)।

শ্যাম। (স্বগত) ক্রমেই সব কোরে নিতে হবে। And I must seek my own comforts. I don't like to be guided by the dictates of old illiterate fools. বাবার রতকগুলি privy counsellors আছে, তাদেরই কুমন্ত্রনায় পড়ে তিনি মাটি হচ্ছেন। I hear he is going to erect a

temple on the banks of the river at Barackpore to be dedicated to the god Siva; এসব্বাছে খরচ কেন? I am at a loss to make out what earthly benefit he would derive.

অখিলের প্রবেশ।

কি হে অখিল যে।

অখিল। একবার দেখা কোত্তে এছ।

শ্যাম। Have you any thing to say?

অখিল। এমন বিশেষ কিছু নয়; তবে—

শ্যাম। তবে কি বল।

অখিল। কত্তু অন্তে ছুঁ কোরে বোরেন, অখিল তুমি

শ্যামের ছেলেবেলার বন্ধু। শ্যাম যে চালে চোলতে আরন্ত কোরে, সে তো ভুল নয়। তাকে তুমি বুকিয়ে বোলো

শ্যামের ছেলে বাঙ্গালীর চালে চলা কর্তব্য।

শ্যাম। Why? I did nothing to offend him, I have not wounded his feelings.

অখিল। এই অখাদি মাংস ফাংস গুলো খাওয়া কি ভাল?

একি হিঁহুতে পারে?

শ্যাম। (হাসিয়া) You are quite mistaken. God

has created every thing in this world for the use of man. মাংস খাওয়ার কোন দোষ নাই। আমি তো fowl আর

mutton খাই; even if I do take beef, according to Hindu shaster, I commit no sin. তুমি জানো মুনি ঋষিরা

গোমেষ বজ্র কোত্তো। বেদবিৎ ব্রাহ্মণ বাড়ীতে স্ত্রীখী হলে

৫০ অদ্বিত হুর্গোৎসব।

তাকে সমাংস মধুপর্ক দিয়ে সম্মান কোত্তে হোতো। সমাংস মধুপর্কঃ ইত্যায়ং বহুমন্তনো শ্রোত্রিয়ং অভ্যাগত্য বৎসতরীঃ মহোক্ষং বা মহাজং বা নিকর্পন্তি, গৃহীমৈধিনঃ ইতিহি ধর্মহুত্রকারাঃ সমানন্তি। পরম্পুরাণের পাতালখণ্ডে রামাশ্বমেধ প্রকরণ পড়। Further refer to that section of Dr. Mitter's Indo-Aryans which treats of Beef-eating in ancient India; তাহলে সব জানতে পারবে।

অপিন। আমার অত করবার দুরকার নেই। আমার বন্ধা যে বাপ পিতামহ যেখানে গলে আগচে, সেই চালে চল উচিত।

গুরু প্রবেশ।

গুরু। বাবুজী তোমার আশীর্বাদ কোত্তে এল। শুনলেম তুমি কোনছলী হয়ে এয়েচো। তুমি দেশের গোরব, বাপকে মধু উর্জল কোরেচো। চিরজীবি হও।

শ্যাম। আপনাকে আমি চিন্তে পাচ্চিনে।

গুরু। সে কি বাবুজী? আমি তোমার মন্তদাতা দীক্ষা

গুরু। আমায় চিন্তে পাচ্ছেনা?

শ্যাম। হাঁ হাঁ চিনেচি। কি খবর?

গুরু। তোমায় আশীর্বাদ কোত্তে এল।

শ্যাম। এখন যান। আপনার বিষয় বিবেচনা করা যাবে।

গুরু। আমি যাব কোথা বাবুজী। আমি তোমার ভরসায় দেশথেকে পাঁচটা কা রাহাখরচ করে এল। এখানে কি আমার ঘরবাড়ী আছে যে সেখানে গিয়ে থাকবো।

সমাজ-কলঙ্ক।

৫১

শ্যাম। যদি আমার ভরসায় এসে থাকেন তাহলে অস্ত্র কাব কোরেচেন।

খানা লইয়া খানসামার প্রবেশ।

খান। সেলাম সাব।

শ্যাম। খানা লে আয়?

খান। হাঁ সাব।

শ্যাম। ও বরমে বড়া মেজপার তৈয়ার করো।

খান। ষো হুকুম।

খানসামার প্রস্থান।

গুরু। বাবু এসব কি এলো?

শ্যাম। আমার খাব্য নিয়ে এয়েচে।

গুরু। রাম রাম বল, হরি হরি। বাবুজী মোছলমানের হাতে খাবেন?

শ্যাম। তাতে দোষ কি?

গুরু। বল কি বাবুজী। হিঁহু হয়ে যবনপুষ্ট খাদ্য কি প্রকারে ভক্ষণ করবেন?

শ্যাম। আমি তো বরাবরই খাচ্ছি।

গুরু। তাহলে তুমি জাতদ্রষ্ট।

শ্যাম। জাত আবার কি? জাত তো বাকসোর মধ্যে।

গুরু। বল কি বাবুজী?

শ্যাম। আমি ঠিক বল্চি। সহস্রের একজন সম্ভ্রান্ত লোক

মোছলমানের প্রস্তুত খাদ্য প্রত্যহ নিয়মিত খেতো! পূজোর সময় যখন তার বাটার পূজোর নৈবিদ্যি বামনবাড়ী পাঠান হত তখন তাহা বামনরা কেহই গ্রহণ করেনি। বাবু মা তাহ

শুনে অত্যন্ত দুঃখিত হয়ে বাবুকে বলেন বাবা বাগনবাড়ী থেকে নৈবিদ্যা ফেরৎ হয়েছে। বাবু মাকে বলেন মা দুঃখিত হোওনা প্রত্যেক নৈবিদ্যার সঙ্গে পাঁচটা করে টাকা দাও। নৈবিদ্যার সঙ্গে পাঁচটা করে টাকা দিতেই বামনরা সকলেই নৈবিদ্যা গ্রহণ করে।

গুরু। তারা ব্রাহ্মণ নয়। (সক্রোধে) তারা নরাদম, পাষাণ, নীচাশয়। ব্রাহ্মণ নামের অযোগ্য।

শ্যাম। তারা মস্ত কুলীন। কেউ ফুলে, বিষ্ণু ঠাকুরের সন্তান, কেউ বল্লভী, কেউ সর্দানলী, কেউ খড়দার মেল।

গুরু। বাবুজী সে নরাদমদের নাম করবেন না। তাদের কথা ছেড়ে দিন। এখন আমার বিষয় কি বোলচেন?

শ্যাম। আমার কাছে কিছু হবে না। আপনাকে দান করাতে কোন ফল নেই। আপনি থেটে থেতে পারেন।

গুরু। আচ্ছা বাবুজী যদি এ দিক্কার বিষয়ে কিছু রিবে-চনা না করেন, আমার বার্ষিকটা তো প্রাপ্য। দেনা তো দিতে পারেন।

শ্যাম। বার্ষিক টাৰ্ষিক এখানে হবে না।

গুরু। সে কি বাবুজী? আপনার পিতা পিতামহ সকলেই বরাবোর বার্ষিক দিয়ে এসেছেন। এখন আপনার মত সর্দি-বেচক জ্ঞানীলোকের উচিত নয় যে বার্ষিক বন্দ করা।

শ্যাম। আপনার দ্বারা কি বার্থ্য হতে পারে?

অখিল। গুরুই ভবমাগরের একমাত্র কাণ্ডারী। গুরুমহা-জ্ঞপ না করলে ভবমাগর কি প্রকারে পার হবে?

শ্যাম। They promise to ferry you across the

Bhavasagar, but I regret not to find a single soul amongst them strong-built and broad-shouldered to carry you across the river Hugli; হা হা হা (হাস্য)

অখিল। ঠাট্টা ছাড়। তোমার নিতান্ত ভুল। তুমি স্বর্গ মাননা?

শ্যাম। Certainly not; the swerga of the Puranists transcends Homeric poetry.

অখিল। তোমার জ্ঞান কি বোলবো। তাহলে তোমার পরলোকে বিশ্বাস নেই।

শ্যাম। Not in the least and to pay any thing to these Brahmins is to scatter pearls before swines. That is contrary to my principle.

অখিল। তোমার বুদ্ধি শুদ্ধি লোপ পেয়েচে।

শ্যাম। I emphatically say they are swindlers. They are wolves in sheep's clothing; for they don't hesitate for a moment to do anything hellish if some-thing is paid to them.

অখিল। যখন ব্রাহ্মণের উপর তোমার ভক্তি নেই। তাদের যা ইচ্ছে তাই বোলচো তখন তোমার কি বলবো। তুমি জান যে তাদের birthright reverence আছে।

শ্যাম। তোমার নিতান্তই ভুল। That reverence is gone. They have lost the ascendancy which Manu had awarded them.

অখিল। How?



শ্যাম। It is through their own fault. They have de-Brahminized themselves by taking to the services of Mlechhas and Sudras by choosing to become quill drivers in the treasury, note-counters in the Bank, bill collectors and Bazar sircars, cooks in native house holds and companions of dissolute Babus rather than have stuck to a thankless profession.

অখিল। তোমার কথা আর কি উত্তর দোবো। আমার বলা যে পিতা পিতামহ যা মেনে আসচে তাই মানা উচিত।

শ্যাম। তুমি বোলতে পার তুমি তোমার পূর্ব পুরুষদের মতে চোলচো?

অখিল। নিশ্চয়ই।

শ্যাম। তোমার পিতামহ কখন sodawater খেয়েছেলো কি English medicine use করেছিলো?

অখিল। কে দেখতে গ্যাছে?

শ্যাম। You might have heard it. Don't play duplicity.

অখিল। জীবন রক্ষার জন্ত যদি করে থাকে তাতে কোন দোষ হতে পারে না।

শ্যাম। আচ্ছা না হয় তাই হোল, how do you take Liverpool salt when it is refined with animal charcoal?

অখিল। আমি তোমার সঙ্গে তর্ক করতে চাইনে।

শ্যাম। Never mind. This ragamuffin seems to

be too orthodox. But if I offer him few pieces of silver he won't be laggard in partaking the dishes brought for me, you like to be convinced of what I say?

অখিল। (গুরুর প্রতি) প্রভু এখানে কিছু হবে না। কর্তার কাছে যান।

গুরু। (শ্যামের প্রতি) বাবুজী।

অখিল। (গুরুর প্রতি) প্রভু আপনি চলে যান।

গুরু। (শ্যামের প্রতি) আমার বার্ষিকটা।

শ্যাম। (গুরুর প্রতি) আপনার বার্ষিক তো এক টাকা।

গুরু। হ্যাঁ বাবুজী আমি এক টাকাই পাই।

শ্যাম। বেশ কথা। আমি আপনাকে দশ টাকা করে

বার্ষিক দোবো, আনুন দেখি আমার সঙ্গে আহার করুন।

আমি বা খাবো আপনাকে তাই খেতে হবে।

গুরু। হরি হরি বল। (সঙ্ক্ষেপে) পাপীঠ, নরাধম!

ক্রতবেগে প্রস্থান।

অখিল। শ্যাম তোমার ইহকাল ও নাই পরকাল ও নাই।

গুরুর সঙ্গে তোমার এই ব্যাভার।

শ্যাম। I know these people fully well. They

are asses in lion's skin.

এক খানা চিঠি লইয়া পেয়াদার প্রবেশ।

পেয়াদা। সেলাম সাব। এক টো চিঠি হ্যায়।

শ্যাম। দে (চিঠি লইয়া পাঠ করিয়া) কেলনার

কোম্পানী সে আয়া।

পেয়াদা। সাব।

শ্যাম। আচ্ছা বাকস্ লে আও।

পেয়াদার প্রশ্ন।

মুটের সহিত পেয়াদার পুনঃ প্রবেশ।

পেয়াদা। সাব কাহা রখনে হোগা ?

শ্যাম। ঐ কোনো পুর ধরো।

মুটে। (বাক্স ঘরের কোনে স্থাপন।)

পেয়াদা। রসিদ মে নই চাহিয়ে, আউর মুট্টয়াকা ভাড়া দিজিয়ে।

শ্যাম। লেও (রসিদ ও ভাড়া পেয়াদার হস্তে প্রদান)

মুটে। (পেয়াদার প্রতি) হামারা ভাড়া দেও। কাহা বোলকে কাহা লে আয়। আস্তি দেনে হোগা।

পেয়াদা। হামারা দস্তুরী দেও।

মুটে। এসমে সে দস্তুরী। কতী নেই দেগা। সাব তজ-বিজ করিয়ে। কোই মুট্টয়াভাড়াকা দস্তুরী দেতা ?

শ্যাম। যাও কামেলা মৎ করো। কোই হ্যার সালাকো নিকাল দেও।

দরওয়ানের প্রবেশ।

দর। (মুট্টের প্রতি) চল্ বে চল্। তোম বড়া বদমাশ্ হাফ (মুট্টয়ার গলায় হাত দিয়া টানিতে টানিতে প্রশ্নান)।

পেয়াদা। সেলাম সাব।

পেয়াদার প্রশ্ন।

অখিল। এ বাকস্ কয় কি ?

শ্যাম। Old Brandy, vintage 1890.

অখিল। শ্যাম তুমি মদও খেতে আস্তি করছো ! সে দিনে

তো দেখেচি। এখন কেসকেস যখন মদ আসচে তখন আর ভদ্রস্থ নেই।

শ্যাম। I take it only to preserve my health.

অখিল। বড়ই ডঃখের বিষয় যেক্রমে তুমি মাতাল হলে।

শ্যাম। You shouldn't think me a drunkard. I take an ounce only after dinner.

অখিল। কিন্তু partyতে মিশলে।

শ্যাম। Then of course I am compelled to take half a bottle or so; but that is very seldom and every rule has its exception.

অখিল। ছি ছি মদ খেওনা।

শ্যাম। I don't see any harm in taking a little. It is only a sip what I take daily.

অখিল। নেশার জিনিস মাত্রই injurious to health.

শ্যাম। I admit that narcotics are injurious; but an ounce of old Brandy after meal is not so, rather it acts as a carminative.

অখিল। যা হোক হিন্দুর ছেলে হোয়ে মদ খাওয়া কেন ?

শ্যাম। তাতে কোন দোষ নাই। It is enjoined in the Hindu shastars. Even the Hindu gods were addicted to soma beverage. I believe you haven't gone over the chapter on spirituous drinks in ancient India in Dr. Mitter's Indo-Aryans. Go through it and then argue.

অখিল। তোমার যা বোলবো তাই কাটিয়ে দেবে। তোমার বলা আর অরস্তে রোদিন করা সমান।



শ্যাম। Argue with reason.

অখিল। তোমার কাছে আমি পরাস্ত। এখন আমি চল্লম।

অখিলের প্রশ্ন।

শ্যাম। (ঘড়ি দেখিয়া) O ho! It is nearly seven. I must look sharp, for I have an engagement at 8 with Mrs Chatterjee for the Theatre. I must take my dinner and then go to her.

শ্যামের প্রশ্ন।

### তৃতীয় অঙ্ক।

প্রথম দৃশ্য।

কলিকাতা বামাপুকুর—শারদা চরণ বস্তুর বৈটকথানা।

শারদা বাবু ও শ্রীরামগাঙ্গুলী আসীন।

শারদা। গাঙ্গুলী মশাই ও কথা আর বলবেন না। ক্রমে বেজায় হয়ে উঠলো। মনে করেছি আমার মান বাড়লো, এখন দেখছি লোকের কাছে মুখ দেবান ভার।

শ্রীরাম। তাতো হবেই। যাহোক ছুঃখ করে কি করবেন।

শারদা। এখন মুহূ হলেই বাচি। সংসারে আর পুহা নেই।

শ্রীরাম। আপনি যা মনন করেছেন তাই ভাল। গঙ্গার ধারে যে শিব স্থাপন করবেন সে অতি সংকল্প।

শারদা। জায়গাটাও ভাল। একবারে গঙ্গার গর্ভে। সেখানে থাকতেও আরাম আছে। কেমন জায়গাটা পছন্দ মই না?

শ্রীরাম। আহা দিকি মনোরম স্থান। আচ্ছা কেনবার কি হোল?

শারদা। দরে পুঁনচে না; বার হাজার চায়।

শ্রীরাম। আপনি তো দশ হাজার বোলেচেন।

শারদা। হ্যাঁ। দেখি দালাল কি বলে। তার আজ অদৃবার কথা আছে।

শ্রীরাম। জায়গা ছাড়বেন না।

শারদা। দেখি না হয় আর কিছু বাড়বো। আবার মন্দির পুস্ত্রাজী তৈয়ার কতে বিশহাজার পুড়বে।

শ্রীরাম। আর ঘাট কতে।

শারদা। সেও আরও দশহাজার।

অখিলের প্রবেশ।

অখিল। (শ্রীরাম গাঙ্গুলী প্রতি) গাঙ্গুলী মশাই প্রণাম।

(শারদাবস্তুর প্রতি) নমস্কার মশাই।

শ্রীরাম। কল্যান হোক।

শারদা। নমস্কার; এস বাবাজী কামন আছো?

অখিল। আজ্ঞে আছি ভাল।

শারদা। শ্যামের সঙ্গে দ্যাখা কোরেছেলে?

অখিল। আজ্ঞে হ্যাঁ।

শারদা। কিছু সুরাহা বুঝলে?

শ্রীরাম। বোধ হয় না।

অখিল। আমি যথাসাধ্য চেষ্টা করেছি। যদুুর বোঝাবার  
বুঝি এটি। কিন্তু শ্যাম কোন কথাই শোনে না।

শারদা। গান্ধুলী মশাই এখন উপায়।

শ্রীরাম। আপনি যা মতলব কোরেচেন তাই করুন।  
এখানে থেকে কাজ নেই।

শারদা। এখানে থাকলে লোকে আমাদের একঘরে কোরবে।

অখিল। গতিক বটে।

শারদা। আমি সব মায় মমতা ত্যাগ করে যেতে পারি।  
কিন্তু আমার পরিবার তা পারবে না।

শ্রীরাম। ক্যানো? গিন্নী আপনার সঙ্গে যেতে রাজি  
হবেন না?

শারদা। কখনই না। গিন্নী ছেলে ছেলে কোরে গ্যালেন।

শ্রীরাম। ছেলেকে কেনা ভাল বাসে।

অখিল। তাতো বটেই।

শ্রীরাম। যাদের ছেলে নাই তারা ছেলের জন্তে কত প্রার্থনা  
করে।

শারদা। সত্যি কথা বটে। কিন্তু এমন ছেলে যেন কারও  
না হয়।

শ্রীরাম। আপনি অনেক ছুঁখে একথা বলচেন।

অখিল। আন্তে তার সন্দেহ কি?

শ্রীরাম। সংসারশ্রমীদের পুত্রের আবশ্যিক কারণ  
পুত্রার্থে ক্রিয়তে তারা পুত্র পিও প্রয়োজনং। পরলোকের  
বিষয়টা তো ভাবতে হবে।

শারদা। আমার পরলোকে যা হয় হবে গান্ধুলী মশাই।  
তার জন্যে ভাবনা করিনে। যে এখানে সুখী কলে না সে  
পরকালে আমার সুখী কোরবে? কখনই না। ও ছেলে  
আমায় জল দেবে, না আমার শ্রাদ্ধাদি কোরবে?

শ্রীরাম। ও ছেলের দ্বারা সে আশা নেই।

শারদা। আরও দেখুন পরলোক, পরলোক বলচেন বটে,  
সে যেতে দিন। যে এখানে জিতে গ্যালো, ক্রিয়াকাণ্ড কলে,  
রোজগার পাতি করে সুখ ভোগ কোলে, তারই সুখ।  
পরলোকে কি হবে না হবে কে দেখতে যাচ্ছে।

শ্রীরাম। তাতো বটেই। কিন্তু পৃথিবীতে সুখভোগ কোত্তে  
হলে টাকার দরকার।

শারদা। হ্যাঁ, টাকার দরকার বই কি। তা টাকা যে  
প্রকারে হোক রোজগার করা চাই, তা হোলেই সুখ। টাকাতাই  
মানু ইচ্ছং, আলাপ, বন্ধুত্ব, সব।

শ্রীরাম। যার টাকা নেই সে বিদ্বান হয়ে মুখ, জ্ঞানী  
হয়ে অজ্ঞান।

শারদা। টাকা না থাকলে আপনার পুত্র পরিবারও যত্ন  
করে না।

শ্রীরাম। তাতো বটেই। কথায় তো আছে—

বাবং বিতোপার্জনশক্তঃ

তাবন্নিজপরিবাররক্ষকঃ।

তদুচ্চ জয়য়া জর্জরদেহে

বার্ত্তং কোপি ন পৃচ্ছতি গেহে॥

সে মাক। আমার শুনলেম যে কোয়ারও স্বভাষ নাকি বিগড়েছে?

অখিল।

শ্রীরাম। তিনিও নাকি হিঁহর আচার পরিত্যাগ করেছেন?  
শারদা। সেও ঐ কুশাঙ্কারের দোষে। সে যাক, এখন  
করি কি?

শ্রীরাম। আমি তো এর উপায় দেখতে পাচ্চিনে। আচ্ছা  
আপনার বেয়াই এসব শুনেছেন?

শারদা। শুনেছেন বই কি। জা তিনি শুনেই বা কি  
কোরবেন। তিনি বলেন, ওকে বাড়ীতে না আনাতেই  
হোতো।

শ্রীরাম। তা আনলেন ক্যানো?

শারদা। ওর গর্ভধারিণীর অহরোধে। মাগী একটা ছেলে,  
একটা ছেলে কোরে, দিন রাত্তির আলতুন কোরে তুলেছেলো।  
অখিল। বিলেতে যারাই যায়, তারা কেউ হিঁহর চালে  
চলতে চায় না।

শ্রীরাম। এ কলিযুগ কিনা। হিঁহরানি ক্রমে লোপ হবে।  
সব একাকার হবে। শাস্ত্রের কথা কি কখন মিথ্যে হতে পারে?

শারদা। আমি চানকে ঠাকুরবাড়ী করে, সেইখানে বাস  
করবো। কি বলেন গাঙ্গুলী মশাই?

শ্রীরাম। সেতো উত্তম পরামর্শ। তবে গিন্নী কি তাতে  
রাজি হবেন?

শারদা। বলে দেখি, রাজি না হয় ছেলে নিয়ে থাকুক।

শ্রীরাম। কি হুঁদৈব! নিজের বিষয় আশয় ছেড়ে ছুড়ে  
বিদেশে গিয়ে থাকতে হোলো।

শারদা। কি করি? ওকে তো বাড়ী থেকে তাড়াতে  
পারবো না, বড় কেশেঙ্গারী হবে। গিন্নীও তাতে রাজি হবেন  
না। আর এ সকল ও আমি চকে দেখতে পারবো না। আর

হয়তো আমার জেতে ঠেলবে। আর চানক আবার বিদেশ কি?  
বলে বড় জোর আধ ঘণ্টার রাত্তা।

শ্রীরাম। সে বেশ কথা। আমার মেয়েদের বে হয়ে গ্যাছে।  
সংসারে কেউ নেই, বুড়ো আর বুড়ী। আমিও বাড়ী ভাড়া  
দিয়ে আপনার সঙ্গে গিয়ে থাকবো।

শারদা। বেশ তো গাঙ্গুলী মশাই। নিত্য গঙ্গারান কোর-  
বেন, ঠাকুর দর্শন কোরবেন।

শ্রীরাম। সে কথা আর বোলতে। যাহোক, দরের এদিক ও  
দিক কোরে কিনে ফেলুন। জারগা ছাড়বেন না। গঙ্গার গর্ভে  
ওরকম জারগা সহজে মেলে না। তার পর বাড়ী আর মন্দির  
তৈয়ের কোত্তে কদিন লাগবে?

শারদা। মাস চার লাগবে।

শ্রীরাম। এই এটা মাঘ-মাস। বৈশাখ মাস নাগাৎ ঠাকুর  
প্রতিষ্ঠা হতে পারবে তো?

শারদা। তাড়াতাড়ি কোলে তা হতে পারে। কিন্তু ঘাটটা  
আর এ বছরে হবে না।

শ্রীরাম। ক্যানো?

শারদা। বর্ষা এসে পড়বে। বর্ষায় জলের কায় হবেনা।

শ্রীরাম। তা না হয় ঘাটটা আর বছরে হবে। সে যাহোক  
সেখানকার কায় হবার পরই, এদিকে ছুর্গোৎসবের কাটা-  
মোটা তো কোত্তে হবে।

শারদা। সেভে আষাঢ় মাসে। দেখা যাবে, এখনে যদি থাকা  
হয় তাহলেই হবে।

শ্রীরাম। ক্যানো? চানকে থাকলে কি এখনে এসে  
ছুর্গোৎসব হতে পারে না? তাকি বন্ধ কোত্তে আছে। সাত

পুরুষের পূজা। আমার পিতামহ আপনার প্রপিতামহের কাছে শুনেছিলেন, যে আপনার প্রপিতামহের প্রপিতামহ এই ছুর্গোৎসব আরম্ভ করেন। তিনিই বন কেটে বসতি করেন। আপনাদের খুব বনেদি ঘর।

শারদা। আচ্ছা দেখা যাবে। ক্ষেত্রকর্ম বিধীয়তে।

শ্রীরাম। তা তো বটেই। যথা নিযুক্তোন্মি তথা করোমি।

শারদা। (অখিলের প্রতি) আচ্ছা বাপু তুমি তো শ্রামের কাছে এস যাও। তুমি তো জানতে পার নেসা টেসা করে কি?

অখিল। আপনার কাছে মিছে কথা কি কোরে বলবো? Kellnerএর বাড়ী থেকে কেস কেস মদ আসে। আর এক দিন খেতেও দেখেচি।

শারদা। বটে! আমারও একটু সন্দেহ হয়েছিলো। এই বাবে গোল্লায় যাবে আর কি? তা যাক কেস কেস মদ আনিয়ে কি করে। রোজ খায় না কি?

অখিল। বলেতো রোজ একটু করে খাই স্বাস্থ্যের জন্তে। বেশী খায় কি না দেখিনি। তবে এক দিন দেখেচি।

শ্রীরাম। নেসা কোলে কি শরীর ভাল থাকে না নষ্ট হয়?

শারদা। মরুগে, যা ইচ্ছে তাই করুক। আমি ওর শশুরকে ডাকিয়ে বলি। আর আমি একটা উইল কোরবো মনে করেছি; তা বেয়াইকে না বোলে তো কোত্তে পাচ্চিনে।

রাম। হ্যাঁ, উইল করার আগে তাকে বলা উচিত; কারণ, এমন উইল করা উচিত, যাতে আপনার বাপ দাদার আমলের জিয়া কলাপ পূজো টুকো বন্দ না হয়। কারণ যে ছেলে সে কি পূজো টুকো বজায় রেখেবে?

শারদা। তা তো বটেই।  
শ্রীরাম। পূজো টুকো বন্দ কোরবেন না, বামন পণ্ডিতদের বার্ষিক টার্ফিক ও বন্দ কোরবেন না।, কলে নিন্দে হবে।

শারদা। বলুন বলে কি হোলো; দেখি কি রকম হয়। (অখিলের প্রতি) এক একবার শ্যামের কাছে যেও; কি করে না করে দেখে এসে আমায় সন্ধান দিও।

অখিল। যে আজ্ঞে। এখন আসি। প্রণাম গাঙ্গুলী মশাই।  
শ্রীরাম। কল্যাণ হোক। বেলা হোলো আমিও বাই চান আফ্রিক করিগে।

অখিল। (শারদার প্রতি) নমস্কার মশাই।

শারদা। নমস্কার বাপু। বেলা হোলো, আমিও চান করিগে।  
সকলের প্রস্থান।

## তৃতীয় অঙ্ক।

### দ্বিতীয় দৃশ্য।

কলিকাতা বামাপুকুর-শারদাচরণ বহুর অন্তর।

প্রমদার শয়ন ঘর।

প্রমদা চৌকিতে উপবিষ্ট।

প্রমদা। (স্বগত) সে দিন নাচে যাওয়াতে ডাক্তার ও ডাক্তারের পরিবার বড় ব্যাজার হয়েচেন, আমাদের ইনিও রাগ করেচেন। কি করি? এদিকে শশুর শাশুরী ঠারু করেন, না বারণ করেন। কার কথাই বা রাখি? সে দিনে আস্তা পরিনি বোলে মা কৃত বল্লেন, শাশুরী কত বকলেন। যে যা বলুক,



যাকে নিয়ে সব, তারই কথা তো রাখতে হবে, তার মুখেই মৃগ, তার মন রাখাই ঠিক। শত্রু শত্রুই, বুড়ো বুড়ি আর কদিন। শত্রু নাকি চানকে জায়গা কিনেচেন, ঠাকুরবাড়ী করে সেইখানে বাস কোরবেন। তাহলে তো ভালই হোসো। তবে আর দিন কতকের মধ্যে তার মনে কুষ্ঠ দেবার দরকার? তিনি চলে গ্যালে তোমার যাইছে তাই কোরো। জেঁমুর তো ভাগীদার কেউ নেই। এত বলি, কিন্তু কিছুতেই আমার কথা শোনে না। সে যাহোক, আমাকে তো তারই মন যুগিয়ে চলতে হবে। কিন্তু তাবলে অপর পুরুষের কাছে বেরুই কি করে। তাতো পারিনে। কেমন লজ্জা লজ্জা করে, বাধ বাধ ঠায়ে। সেদিনে ডাক্তারের পরিবার ক্যামন নাচলে গাইলে। অতগুলো পুরুষের কাছে তার একটুও লজ্জা বোধ হোলোনা। আমি আড়াল থেকে সব দেখেছি। আমার কতবার ডেকে পাঠালে, আমি লজ্জার মাথাখেয়ে সেখানে যেতে পারেনি না। কতবার মনে কল্লম যাই, আবার কেমন লজ্জা লজ্জা কতে লাগলো। তাতে উনি কত রাগ করেচেন। সেদিন থেকে ভাল করে কথা কননা। যাক, এবার থেকে লজ্জা ত্যাগ কোরবো। তার কথার আলতা পরা, সিন্দুর পরা ছেড়ে দিয়েছি। হাতের এয়োগ ফেলে দিইছি। রাতদিন মোজা, জুতো, সেমিজ পোটকোট, পরে থাকি। মাথার ঘোমটা দিইনে। ঠাকুর প্রণাম কোতে যাইনে। বামাকে ও প্রণাম করিনে। অত কথায় কাজ কি, সেদিনে ঠাকুর মশাই এয়েছিলেন, তাকেও প্রণাম করিনি। বাঙ্গালা অতি অল্প জানতুম। এখন মাইকেল, বন্ধিমবাবু ও হেম বাবুর বই বেশ বুঝতে পারি। ইংরিজি First book শেষ করে Second book ধরেছি। দর্কদা ফিটকাট থাকি, রোজ সাধান মাখি, পমেটম, হেয়ারঅএল

ব্যবহার করি, বিবিদের মত খোপা বাধতে শিখেছি। তার কথায় এত করেছি, তাবলে অপর পুরুষের সামনে যেতে লজ্জা করে। তার কথায় এক দিন এক খানা কটলেটও খেয়েছি। যাক, তার কথামতই চলতে হবে। হারমেনিয়ম বাজাতে একটু শিখেছি। কিছু ভাল লাগছেন। একটা গান গাই।

গীত।

রাগিনী খাষাজ—তাল টিমা তেতালা।  
মোর মনের বেদনা করে জানাব।  
যে অনলে জলিতেছি কেমনে নিবাইব ॥  
তারে না হেরিয়ে মন সদা হুহ করে,  
প্রকাশিয়া তাহা নাহি পারি বলিবারে,  
নিশিদিন তার তরে ভাসি আঁখিনীরে,  
জানিনা সে হুঃখ আমি কেমনে নিবাবিব ॥

শ্রামের প্রবেশ।

শ্রাম! That's what I want my darling; চূপ করে  
ক্যানো?  
প্রমদা! না না আর পারিনে।  
শ্রাম। লজ্জা কিসের?  
প্রমদা। মৎ এখুনি বোকুবেন।  
শ্রাম। Let the dog bark.  
প্রমদা। কি বলে বুঝতে পারেননা।  
শ্রাম। তিনি বতপারেন চীৎকার করুন। আপনার কাজ  
কর। বুড়ো বুড়িদের কথা শুনলে কি ঘর চলে?  
প্রমদা। তুমি বুঝেচোনা। ওঁরা এখানে থাকবেন না।



চানকে বাড়ী তৈয়ের হচ্ছে সেই খানেই থাকবেন। তাহলে আর কিছু দিনের জন্তে তাঁদের মনে কষ্ট দেবার দরকার ?

শ্যাম। ক্যানো আমি কি কুসাজ কচ্ছি যে নুকিয়ে কোরবো?  
মোক্ষদার প্রবেশ।

মোক্ষদা। (শ্যামকে দেখিয়া সচকিতে) আজ বেরোয়নি ক্যানো বাবা ?

শ্যাম। Court আজ বন্দ।

মোক্ষদা। বন্দ ক্যানো বাবা ?

শ্যাম। এক জন কোনহুলী মরেচে, তাঁর গোরের জন্তে ছুটি।

মোক্ষদা। গোরের জন্তে কি ?

শ্যাম। আজ বিকেল বেলা তাঁর গোর হবে। আমাকেও সেখানে যেতে হবে।

মোক্ষদা। তোমায় যেতে হবে ক্যানো ?

শ্যাম। জঙ্গ কোনহুলী উকিল, সকলেই যাবে আমি যাবনা ?

মোক্ষদা। তা যদি তোমায় একান্ত যেতে হয় যেও।

কিন্তু সন্দের সময় গঙ্গাচান কোরবে কি করে ?

শ্যাম। গঙ্গাচান ক্যানো ?

মোক্ষদা। মড়া ছুয়ে চান না কোরে কি বাড়ীতে আসতে আছে।

শ্যাম। আসতে নেই।

মোক্ষদা। না।

শ্যাম। তোমাদের মেয়েদি শাস্ত্র রেখে দাও।

মোক্ষদা। না বাবা, চান কোরে তবে বাড়ীতে এসো।

শ্যাম। হ্যাঁ দ্যা দেখা যাবে। [মোক্ষদার প্রস্থান।]

শ্যাম। (প্রমদার প্রতি) তুমি কাপড় ছাড়। চল Harry Clarkএর বাড়ী থেকে তোমায় একটা dress কিনে দিইগে। আজ আমার সঙ্গে তোমায় যেতে হবে।

প্রমদা। কোথায় ?

শ্যাম। Funeral procession এ।

প্রমদা। বুঝতে পার্লাম না।

শ্যাম। Ignorant, illiterate fool সেই কোনহুলীকে গোর দিতে।

প্রমদা। আমি যাব না।

শ্যাম। যাবে না কি ? তোমায় যেতেই হবে। তুমি জান তাঁর সঙ্গে আমার close friendship ছেলো।

প্রমদা। তুমি একলা যাও।

শ্যাম। সকলে পরিবার সঙ্গে করে যাবে, আর আমি একলা যাব ? তা হবে না।

প্রমদা। এ্যাতো বাড়াবাড়ি কোচো ক্যানো ? দিন কতক যাক না। উনি চানকে চলে গেলে তোমার মনে যা আছে তা কোরো।

শ্যাম। These are the short-comings of the women of this country ; they are lacking in moral courage. আমিকোন কথা শুনতে চাইনে। তুমি যাবে কি না বল ?

প্রমদা। তুমি যা বলবে আমার তাই কতে হবে। যাই কাপড় ছাড়িগে।

শ্যাম। Look sharp ; আমি গাড়ি তৈয়ের কতে order দিইগে।

সকলের প্রস্থান।

## তৃতীয় অঙ্ক ।

### তৃতীয় দৃশ্য ।

কলিকাতা—রাজপথ ।

অখিলের প্রবেশ ।

অখিল । ( স্বগত ) শ্যামের বাপ প্রায়ই বলে, শ্যামকে তুমি বোঝাও । তাঁর কথায় শ্যামকে কত বুঝিয়েছি । তা সেকি কারও কথা শোনে । মনে কচ্ছি, আজ একবার শ্যামের কাছে যাব । এবেলা আর হোলো না, নটা বাজে ; ও বেলাই যাব ।

শ্রীরাম গাঙ্গুলীর প্রবেশ ।

গাঙ্গুলী মশাই প্রণাম ।

শ্রীরাম । কেও অখিল । কল্যান হোক ।

অখিল । চানে গেছিলেন ?

শ্রীরাম । হ্যাঁ বাবা । এখন বাড়ী যাচ্ছি । বেরুবেনা ?

অখিল । বেরুবো বই কি । আপনাকে ব্যস্ত দেখছি

ক্যানো ?

শ্রীরাম । বারটার গাড়িতে চানকে যেতে হবে ।

অখিল । শারদা বাবুর সঙ্গে বুঝি ?

শ্রীরাম । হ্যাঁ আজ সেই জায়গাটা বায়না হবে ।

অখিল । বায়না কি সেই খানেই হবে ।

শ্রীরাম । হ্যাঁ, বিক্রীদারের বাড়ী দিতাময় । বায়না তার বাড়ীতেই হবে ।

অখিল । তবে ঠাকুর বাড়ী তৈয়ের করা ঠিক হয়ে গ্যাচে ।

শ্রীরাম । হ্যাঁ, ঠাকুর বাড়ী তৈয়ারি হবে ; মন্দির তৈয়ারি হবে,

সমাজ-কলঙ্ক ।

৭১

ঠাকুর প্রতিষ্ঠা হবে, শিবস্থাপন হবে । আর বোসজা সেইখানে বাস করবে । কুলান্দার ছেলের জন্তে এখানে থাকা দায় হয়েছে । আবার সেদিন কি কোরেছে শুনেছো ?

অখিল । আবার কি কোরেছে, তা শুনিনি ।

শ্রীরাম । সেদিন কোন্ সাহেবকে গোর দিতে বউমাকে সঙ্গে নে গেছলো ।

অখিল । পরিবার কে সঙ্গে নে গেছলো ?

শ্রীরাম । সাহেবের দোকান থেকে মেমের পোশাক কিনে বউমাকে মেম সাজিয়ে সঙ্গে নে গেছলো ।

অখিল । বলেন কি ! তাহলে তো শ্যাম একেবারে বেহেড হয়ে গ্যাছে ।

শ্রীরাম । বউমারই বা কি আক্কেল ? তুই গেরোস্তোর মেয়ে, গেরোস্তোর বউ ; তুই কি করে গেলি ?

অখিল । সে কি কোরবে ? স্বামীর কথা মত তাকে চলতে হবে তো । মনে কচ্ছিলাম ও বেলা শ্যামের কাছে যাবো । একথা শুনে তার সঙ্গে দেখা করতে ইচ্ছে হয় না ।

গোপালের প্রবেশ ।

কি হে গোপাল, কোথা গেছলে ?

গোপাল । একটা কাষে গেছলাম ।

অখিল । তোমায় তো কখন কাষ ছাড়া দেখতে পাইনে । সকল সময়েই কাষে ব্যস্ত । কিন্তু কি কাষ কর তাতো বুঝতে পারিনে ।

গোপাল । আজ একটা বিশেষ কাষের বন্দুক কুরে এলাম ।

একখানা magazine বার কোরবো, তারই যোগাড় করে এলাম ।

অখিল । English magazine ?

গোপাল। English বই কি, monthly ?

অখিল। এ মতলব করো ?

গোপাল। আমার।

অখিল। Editor কে ?

গোপাল। শ্যাম। আর অল্প Contributor আছে।

অখিল। ক্যানো barrister ইতে কিছু হয় না ?

গোপাল। হবেনা ক্যানো ? তবে এটা হলে তার নাম বেরোবে।

শ্রীরাম। নাম যাক বাপু। টাকা হবে বলতে পার ?

গোপাল। টাকাও হবে।

অখিল। বোধ হয় শ্যাম briefless।

গোপাল। যে hard competition তাতে bar এ বিশেষ কিছু করা বড় কঠিন।

অখিল। আমি ও তাই বলছি।

গোপাল। এমন যে কিছু হয় না তা নয়।

অখিল। টাকা কার ? publisher কে ?

গোপাল। টাকা শ্যামের। publisher আমি।

অখিল। দেখি কতক গুলো টাকার জল দেবে।

গোপাল। ক্যানো ?

অখিল। Magazine বেশী দিন চালাতে পারবেনা ?

গোপাল। ক্যানো ?

অখিল। লক্ষ্মিন loss দেবে ?

গোপাল। Loss দিতে হবে তার মানে কি ? তোমার idea নেই। আজ কাল reading public কত বেড়েছে জানো।

অখিল। তা বিলক্ষণ জানি। আমার ও বিষয়ে হাড় ভাঙা

নাছে। Subscriber অনেক হবে, কিন্তু subscription দেবার ময় মারামারি। আরি বাঙ্গালীকে বেশ চিনি। এই য এত গুলো 'magazine' বেরোলো, তার কথানা রইলো বলগদেখি।

গোপাল। সাধলেই সিদ্ধি। Nothing is denied to well-directed labor and nothing is to be obtained without it; যাক, শ্যামের কাছে গেললে ?

অখিল। না। মনে করছি আজ যাব। কিন্তু তার ব্যাপার দেখে, আর তার সঙ্গে মিশতে ইচ্ছে হয় না।

গোপাল। আলাপ রাখবার ক্ষতি কি ? সে আপনার ছাগল ন্যাজের দিকে কাটুক না, তাতে আমাদের ক্ষতি বৃদ্ধি কি ? আনি আপনার কাবের জন্তে মিশি ; আপনার কাম কি ভুলি ?

শ্রীরাম। সে তো বুদ্ধিমানের কায। স্বকার্যমুকারেৎ-প্রাজ্ঞঃ। কিন্তু ক্ষতি নাই কি বোলচো। সে অস্থায় কার্য করে আমাদের সম্পূর্ণ ক্ষতি। যে প্রকার দাঁড়াচে, তাতে বাবিক টার্বিক গুলোর বিষয় গয়া গঙ্গা শদাবর হয়। বাড়ীর পুজোপার্কনের দফা রফা হবে। সেদিনে গুর ঠাকুর মশায়ের সঙ্গে যা করেছিলেন, তাতে কি ভঙ্গ হ আছে ?

গোপাল। শুধুনিচি ; অতি অস্থায় করেচে। আমি থাকলে ও রকম কত্তে দিতেম না। সে যা হোক, কত্তা বন্ধিন আছেম তদিন পুজো পার্কনও হবে, আর ব্রাহ্মণ পণ্ডিতদের বাবিক টার্বিক যেমন চলে আসচে, তেমনি চলবে।

অখিল। কত্তা তো এখানে থাকচেন না।

গোপাল। কোথায় যাবেন ?

অখিল। কত্তা শ্যামের এই রকম ব্যাভার মেখে গুলে বাড়ী

পরিত্যাগ করে যাচ্ছেন। তিনি বারাকপুরে ঠাকুর বাড়ী তৈয়ের  
কচ্ছেন শোননি। তিনি সেই খানে থাকবেন।

শ্রীরাম। কতটা চলে গেলে কি ছুর্গোৎসব হবে, না পাল  
পার্কেন হবে।

গোপাল। কেন হবেনা? কতটা নিজের টাকা, নিজের বিবর  
আশয়। তিনি trusteeর হাতে দিতে পারেন। তারাই পাল  
পার্কেন করবে। আর বারাকপুর তো এই। পাল পার্কনের  
সময় নিজের এসে সব কোত্তে পারেন।

শ্রীরাম। উত্তম পরামর্শ। বোসজাকে একথা বোলবো।  
এখন বেলা হোলো যাই বাপু।

অখিল। প্রণাম।

গোপাল। প্রণাম মশাই।

শ্রীরাম। কল্যান হোক।

শ্রীরাম গাঙ্গুলীর প্রস্থান।

গোপাল। অখিল ওবেলা শ্যামের কাছে যাবে?

অখিল। ইচ্ছে তো নেই। তবে তুমি বোলচো, আফিস থেকে  
এসে যাব। সে যাহোক, তুমিও তো শ্যামের সঙ্গে বেশ মিশেচো।  
তোমার জাত জন্ম গ্যালো। তুমিও ত সব খাচ্চো?

গোপাল। আমি মদ একটু আধটু খাই, হোটেলের খাবার  
টাবার সব খাইনে।

অখিল। সব খাইনে কি রকম?

গোপাল। এই কেকটা, বিস্কুটটা, আর হুন্দমুদ আলু সেদ্ধটা।  
তাও খাই only to satisfy him.

অখিল। মাংস টাংস খাওনা?

গোপাল। আমি তো পাগল হইনি। আর আমার প্রকৃতি

হয় না। Duplicity না কোলে সংসার চলে না। তোমার কাছে  
তোমার মতন, আর তার কাছে তার মতন করে চলতে হয়।

অখিল। সেটা ভাল নয়। Plain dealing ভাল।

গোপাল। পৃথিবী তা নয়। উচিত কথার বন্ধ বিপড়োর।  
কথার আছে, উচিত কথার মানুষ রুই, উচিত কথার দেবতা ভুই।  
অখিল। রূপ কলে তো বোয়ে পয়লো। Plain হওয়া  
ভাল। বেলা হোলো; যাই বেরোতে হবে।

গোপাল। হ্যাঁ আমি ও চান আহার করিগে।

উভয়ের উভয় দিকে প্রস্থান।

## চতুর্থ অঙ্ক।

প্রথম দৃশ্য।

কলিকাতা বামাপুকুর—শারদাচরণ বহুর বৈঠকখানা।

শারদাচরণ বহুর ও শ্রীরাম গাঙ্গুলী আসীন।

শ্রীরাম। তবে জায়গাটার লেখা পড়া হোয়ে গ্যাচে।  
শারদা। হ্যাঁ লেখা পড়া হোয়ে গ্যাচে, টাকা দেওয়া হোয়েচে।  
কেবল রেজিষ্টারী বাকী। আপনি তো সেদিন প্যাঞ্জননা।

শ্রীরাম। কি কোরবো? হঠাৎ তার জর হোয়ে পোড়লে।  
রেজিষ্টারী হবে কবে?

শারদা। এই শুক্রবার। ব্রাহ্মণী এখন সেরেচেন?

শ্রীরাম। হ্যাঁ। তা শুক্রবার আপনাকে যেতে হবো তো?

শারদা। যেতে হবে বই কি? সেদিন ফের আপিসে ছুটা  
নিতো হবে।



শ্রীরাম। সে দিনে আমিও যাব। মন্দির আর বাড়ী আর কী কোরবেন কবে?

শারদা। ভাল দিন দেখে বনের পত্তন দিতে হবে।

শ্রীরাম। আচার্য্যিকে ডেকে পাঠান। আর পুরুত্বকে খবর দেবেন। হোম যাগ করা তো চাই।

শারদা। তা হচ্ছে বই কি। আর চুনওলাকে চুন পাট্টে দিতে বলি।

শ্রীরাম। ইট সুরকী?

শারদা। সে সব সেখানেই সুরবিধে।

শ্রীরাম। সে যাক, শেষকালে কিনা জেলের জন্তে আপনাকে বাগী ভাগ কোত্তে হোলো। আপনিই তো বিলেতে পাট্টে এ সব বিপদ ঘটালেন। একে বলে আপনার পায়ে আপনি কড়াল দারা।

শারদা। (দীর্ঘনিশ্বাস) এমন হবে তাকি জানতেন। মনে করেছি, ছেলে কোনগুলি হয়ে এলে আমার মুখ উজ্জল হবে। কিন্তু হিতে বিপরীত হোলো।

শ্রীরাম। শ্যাম কিছুরোজগার পাতি কোচে?

শারদা। কোচে আমার মাথা। সেই আমার মাথায় সব আমারই গাড়ি বোড়া, আমারই চাকর বাকর, আমারই দরওয়ান। আমারই সব খরচ। কখন কখন আফিস খরচাও ওর গর্ভধারিনীর কাছ থেকে নে যায়।

শ্রীরাম। এন ব্যাগার! তা গিন্নী দ্যুন ক্যানো?

শারদা। একটা ছেলে, একটা ছেলে করে গিন্নী পাগল।

শ্রীরাম। গিন্নীর হাতে কত টাকা?

শারদা। অনেক টাকা। দেড় লাখের উপর?

শ্রীরাম। আপনি সে টাকা নিজের হাতে রাখেন না ক্যানো? শারদা। গিন্নীর নিজ নামের কাগজ। আমিই কোরে দিবেছি। একলাখ চল্লিশ হাজার, সুদে সুদে বেড়ে একলাখ বাট হাজার হয়েছে।

শ্রীরাম। সেই গোলমালটার সময় বুঝি?

শারদা। আপনাকে বলতে কি? সেই সিডিউল কাইলের সময় কোম্পানীর কাগজগুলো, বাড়ী আর বাগান খানা তার নামে করে দিবেছি।

শ্রীরাম। বেশ বুদ্ধির ক্যু করেছিলেন।

শারদা। তাই কোরেছি বোলে এখনও দাঁড়িয়ে আছি। যদি সেয়ারের difference আর পাটের redraft দিতে হোলো তাহলে কি কিছু থাকতো?

শ্রীরাম। তাতো বটেই।

শারদা। আর এখনও পর্যন্ত এই বুড়ো বয়েসে, আফিস থেকে যেমন কোরে হোক মাসে হাজার বারো শো টাকা ঘুরিয়ে আসি, আপনার আশীর্বাদে ভাড়াও মাসে হাজার টাকা দাঁড় করিয়েছি।

শ্রীরাম। এখন নিশ্চিন্তে বসে থাকলেও চলে। বুড়ো আর বাটবার দরকার?

শারদা। আমার মতলবই তাই। ঠাকুর বাড়ী হলেই, চাকরী ছেড়ে দিয়ে, সেই ধানে থাকবো। আরও দেখুন, শ্যামের বিপদের পরচা না দিতে হলে আরও জমাতে পাত্তুম।

শ্রীরাম। নিশ্চিন্তই। আছো ওর বিলেতের খরচা কত পাত্তো?

শারদা। ওর কে আছি, তামাক নিয়ে জুয়া (নেপথ্যে) এয়ে যাই।

শারদা। প্রায় পঁচিশ হাজার।



খানসামার ছই হকা লইয়া প্রবেশ।

শারদা। ছুটো হকো এনেছিস্।

খানসামা। এজ্ঞে। এই নিন। (শারদা বস্তুকে হকা প্রদান)

শারদা। দে গাঙ্গুলী মশাইকে দে।

খানসামা। এই নিন মশাই। (শ্রীরাম গাঙ্গুলীকে হকা প্রদান)  
খানসামার প্রস্থান।

শ্রীরাম। অ্যাতো টাকা ক্যানো? দত্তদের একজন ছেলে  
গেছেলো। তার জন্তু তো অ্যাতো টাকা খরচ হয়নি।

শারদা। অজ্ঞ ছেলের পাঁচজনে এক সঙ্গে থাকে। তাতেই  
খরচা কম পড়ে। শ্যাম একলা ছেলো। আর পাশ হবার পর,  
বিলেত ছাড়া অজ্ঞ দেশে বেড়তে গেছেলো, সেই জন্তেই  
অ্যাতো খরচ।

শ্রীরাম। হ্যাঁ, তাহলে তো হবেই। এ খরচ না দিতে হলে  
আরও টাকা জমাতে পাতেন। আচ্ছা কত মশায়ের তো  
অনেক টাকা ছেলো, শুনতে পাই। সে টাকা কি হোলো?

শারদা। তিনি সেই যার ট্রুটের একজিকিউটার ছিলেন  
তার হেঁলেলা সাবালক হয়ে, তার নামে নালিস করেছিলো।  
সেই মকদ্দমায় হেরে গিয়ে অনেক টাকা দিতে হোলো?

শ্রীরাম। কালের দোষ। তিনি যাদের বিষয় রক্ষা করেন  
তারাই নালিশ কোলো। একজিকিউটার হওয়া কি রকমারী।  
ভাল ভাতে কত টাকা দিতে হোলো?

শারদা। প্রায় লাখ টাকা, আর হতরপের উকিল কোনসুলীর  
খরচা। সংস্কৃত প্রায় দেড়লাখ।

শ্রীরাম। মকদ্দমায় উকিল কোনসুলীরই মজা।

শারদা। শাঁকেব করাত যেতে আসতে কাটে। আর

গবরমেণ্টের লাভ। ট্যাম্প খরচা তো দিতে হবে।

শ্রীরাম। গবরমেণ্টের এ বেশ ফন। তুমি আপনার টাকার  
জন্তে নালিশ করো, হারো আর জেতো, গবরমেণ্টকে কিছু  
দিতেই হবে।

শারদা। তা না হলে কি অজ্ঞেদের মাইনে ও আদালতের  
খরচা, গবরমেণ্ট খর থেকে দেবে? . . .

শ্রীরাম। আমি জানি কোনসুলীর সব কত্তে পারেন হয়  
কে নয়, নয় কত্তে হয় কোত্তে পারে। সেই সেবারে একজন বাবু  
ব্যাক্সের অনেক টাকা ভাঙ্গাতে দায়রা সোপর্দ করেছিলো।  
একজন বড় কোনসুলী তার তরফে দাঁড়িয়ে তাকে বাঁচিয়ে  
দিলে।

শারদা। আইনের মারপ্যাচে অজ্ঞে আশামীকে দোষী  
সাব্যস্ত কত্তে পাল্লো না। . . .

শ্রীরাম। কোনসুলীদের আশ্চর্য্য ক্ষমতা। আচ্ছা যখন  
এমন ব্যবস্থা, তখন শ্যামতো বেশ রোজগার কোত্তে পারে।  
কিন্তু ক্যানো যে কিছু কোত্তে পাচ্ছে না, তাওতো বুঝতে  
পাচ্চিনে।

শারদা। কুলাঙ্গার জাতভ্রষ্ট, ও রোজগার কোত্তেই শিক  
আর না কোত্তেই কি? গাঙ্গুলী মশাই আমি যী মনন করেছি  
তাই কোরবো।

শ্রীরাম। সে তো উত্তম পরামর্শ। কিন্তু সেখানে গিয়ে বাস  
করবার আগে, বিষয় আশয়ের কি রকম বন্দেবস্ত কোরবেন?

শারদা। তা এখনও স্থির কোত্তে পারিনি। আমি এখানে  
না থাকলে, শ্যাম কি পাল পার্কন কোরবে, না দেব সেবা  
কোরবে?

শ্রীরাম। কখনই না। আমি তো সেই অনোই বনো-  
বস্ত্রের কথা বোলচি। আমার বিবেচনার টুপিদের হাতে দিয়ে  
যেতে পারেন।

শারদা। দেখি। বেরাইকে আসতে বোলেচি। তার  
সঙ্গে পরামর্শ কোরে, বা ভাল হয় ভাই কোরবো।

শ্রীরাম। আপনার বেয়াই আসবেন কবে ?

শারদা। বলে পাটিয়েচি। তিনি বোলেচেন সুবিধে  
ত বাবো।

শ্রীরাম। তিনি কিন্তু টুপি রিয়কে রাজি হবেন না।

শারদা। দেখি তিনি কি বলেন।

শ্রীরাম। রাজির অনেক হএচে। এখন যাই।

শারদা। আচ্ছা প্রাতঃ প্রণাম।

শ্রীরাম। প্রাতঃস্তুত।

শ্রীরাম গাঙ্গুলীর প্রস্থান।

শারদা। (স্বগত) টুপি হাতে দিয়ে গ্যালে, শ্যাম নুসে  
যাবে। কিন্তু সে রকম একটা বাদাবাদি না কোলে, ঠাকুর নেবা  
ও হবে না, পাল পাবনও হবেনা। তার তো নাহেবী মেজাজ  
ঠাকুর দেবতা মানেনা। সে কি এগব বজায় কোরবে। কখনই  
না। (চিন্তা) যাই হোক, এটা তো মাঘমাস। এই মাসেই ঠাকুর  
বাড়ী ও মন্দির আরম্ভ করা যাক। আর কান বিলম্ব করা  
হবেনা। বৈশাখ মাস নাগাৎ ঠাকুর ও শিব প্রতিষ্ঠা কোরে  
হবে। আমার যেতে কোত্তে জঠী মাস। বাড়ী তো এতমাস  
হোক। ঐ দিকে তাকে জিজ্ঞাসা করি, তার মনের ভাব বুঝি  
হ সেই ভালো। (নিস্তক) রাজির অনেক হয়েচে, যাই

শুইপে। শ্যামের বিষয় ভেবে ভেবে রাজিরে আমার খুন  
হয় না। এমন কুলাঙ্গারও জন্মেছিলো। যাই এখন আর ভেবে  
কি হবে।

শারদা বস্ত্র প্রস্থান।

### চতুর্থ অঙ্ক।

দ্বিতীয় দৃশ্য।

কলিকাতা বাগবাটার—রামলাল সিংহের অল্লর  
স্থপালিনী অসীনা।

স্থপা। (স্বগত) পেমাকে তিন চার খেপ আনতে পাঠান  
একটা না একটা ওজর কোরে ঝিকে ফিরিয়ে দিলে। এখানে  
এলো তাকে বুঝিয়ে বোলতে পারি। তার শাউরী বোলে পাঠায়  
তোমার মেয়ে আজ এই কোরেচে। কাল শ্যামের সঙ্গে বিবির  
পোশাক পরে কোথা গেছলো। রোজই নতুন নতুন খবর শুনে  
গাই। বেয়ান মাজির মানুষ, ব্যাটার ওপর খুব টান, ভ্র তো  
হতেই পারে; একটা ছেলে বই তো নয়। বোয়ের ওপরও খুব  
বড়। কেবল দোষের মধ্যে বড়মানুষটুকু জানানো আছে। মাজির  
হাতে কিছু টাকা আছে, আর শুনেছি যে বাড়ীখানা ওর নামে।  
তা কত টাকাই বা হবে। মাসে পাচশো টাকা সুদ পায় বই তো  
নয়। তা মিনসে ছুচুরী বাটপাড়ী কোরে যা কিছু কোরেছেলো  
ইনসলমেণ্টো নৈবার সময় মাজির নামে বেনামী কোলেছেলো, তাই  
আছে। বাক আজ কের পেমাকে আনতে ঝিকে পাটিয়েচি,

তা সে মাপীও তো এখনও কিরে এলোনা। এখানে এলে তাকে বুঝি বোলতে পারি, সেখানে গিরে তেঁা হয় না।

কাম্বিনীর প্রবেশ।

কাহ। মা এতটা ব্যালা হোলো, তেনার মা তো এখনও এলোনা। ছোট খোকা। এখনও হুধ পেলেনা। ছেলে কেঁদে ককিরে গ্যালো।

মুণা। বেটা গ্যাছে যে সেই পথ। বেটা যেন বাপের মাসী। আতো কৈারে বোলে দিহু, পেমাকে নিহু শীগুগীর আসিস। বড় বউমা খোকাকে ততক্ষণ মাই দাওগে। সে এলো বলে। এসেই হুধ এনে দেবে। আমি বোলে দিরেচি, তাদের গাড়ি কোরে আসবে।

কাহ। খোকাকে এখন মাই দি কোরে। রান্না এখনও হয় নি। ব্যালা হোয়েচে, এখনি বাবা ভাত চাইবেন। ঘরে জলখাবারু নেই যে চান কোলে জলখাবার দোবো।

মুণা। ক্যানো পরণু দিন বাতামা এয়েছিলোঁ, তার কি কিছু নেই।

কাহ। পরণু হয়েচে কাল হয়েচে। চার পরসার বাতাসার আর ক দিন হব।

মুণা। আচ্ছা ছোটবউমার কাছে খোকাকে দিয়ে তুমি রাধগে।

কাহ। ছোট বউ কি খোকাকে নেবে? সে সেই মোজা গলাবন্দ বুনচে।

মুণা। নেবেনা কি? দাঁও না গিরে। আর তোমার শণ্ডর বাজারে গ্যাছেন, হয় তো বাতামা টাতাসা কিনে আনবেন। তেনার মা মলেই হুধ আনিরে দিচ্চি।

কাহ। একটা পরসার বন্দোবস্ত কোলেই হয়, রোজ সকাল ব্যালা হুধ দিরে যার।

মুণা। তোমার শণ্ডর বলেন ছ সেয়ের দর হুধ খাবার আমার পরসা নেই। বাজার থেকে দশ সেয়ের দর পাওয়া যায়।

কাহ। সে দুধ খাওয়া আর জল খাওয়া সমান। আমি যাই।

কাম্বিনীর প্রস্থান।

মুণা। এ রকম করণকসি কোলে কি সংসার চলে? সবে পঞ্চাশটা কোরে টাকা দেন, তাতে কি এই হাতীর মতন সংসারে কুলোয়। কি মাপী এখনও কিরে এলোনা ক্যানো? পেমা না এলো, তুই বেটা কিরে স্মার।

• তেনার মার প্রবেশ।

তেনার মা। মা দিদিমনি এয়েচে।

মুণা। কিসে কোরে এলো?

তেনার মা। তাদের গাড়িতে।

• প্রমদার প্রবেশ।

মুণা। কিরে পেমা ভাল আছিস তো? তোকে ক খেপ, আনতে পাঠাছ, তোর কি ফুরসুত হয় না বাছা?

প্রমদা। আমার মা অনেক কাষ।

মুণা। (কির প্রতি) বড় বউমার কাছে পরসা নিয়ে শীগুগীর হুধ এনে দে।

তেনার মা। যাই মা।

• তেনার মার প্রস্থান।

মুণা। তোর যে কি কাষ তাতো বুঝতে পারিনে।

প্রমদা। আমার ইংরিজি পড়া আছে। Harmonium

piano শেখা আছে, billiard খেলা আছে। হুগার দুদিন তিন দিন theatre-এ যেতে হয়। তার পর partyতে join কোত্তে হয়। আজ কাল পরম পড়েছে বোলে circus উঠে গ্যাছে, শীতকালে প্রায় রোজ রাত্রে সেখানে যেতে হোতো।

মৃগা। আমি তোমার কথা শুনে অবাক হয়েছি। এসব ক্যানো?

প্রমদা। তুমি তার কি বুঝবে।

মৃগা। যা ভাল বুঝিস তাই কর। তোমার শাউরী বলে পাঠায়, বউমা কোন সাহেবের দোকানী পোশাক কিন্তে গেছলো। আবার কোন সাহেবকে গোর দিতে গেছলো। এ সকল শুনে আমার কান ঝালা পালা হয়ে গ্যাছে।

প্রমদা। শাউরীর কথা শুন্তে গেলে তো চলেনা।

মৃগা। ক্যানো তোমার শাউরী তো ভাল।

প্রমদা। না না। শাউরী রোজ বকে।

মৃগা। সে বাছা তোমার দোষে। তুই গেরোস্টোর বউ। এখানে সেখানে কি ও রকম করে যেতে আছে। তোমার কপালে দি'হর নেই ক্যানো? হাতের এদ্যোত কোথা?

প্রমদা। ও সকল আবার কি? আমি তো সং নই যে সং সঙ্গে বেড়াব?

মৃগা। সে কিরে পেমা?

রাম লাল মিত্রের প্রবেশ।

রাম। এই যে পেমা কখন এলি?

প্রমদা। আমি এই আসছি।

রাম। কামন ভাল আছিস তো?

প্রমদা। হ্যাঁ ভাল আছি।

রাম। আজ থাকবিতো।

প্রমদা। আমি কি থাকতে পারি? আমার Governess ফিরে যাবে। Piano tutor ফিরে যাবে। তা ছাড়া Dr. Chatterjee-র সঙ্গে আজ সন্ধ্যা সাতটার সময় engagement, তাহো break কোত্তে পারিমে।

রাম। তুই বলচিস কি? তুই হয়েচিস কি?

মৃগা। আমি ওর চাল দেখে অবাক হয়ে গেছি।

প্রমদা। গাড়ি wait কচে। আমার এখন যেতে হবে।

রাম। সে কি, কদিনের পর এলি, থাকবিনে থাকিও নে?

প্রমদা। এ বাড়ীতে থাকলে আমার অসুস্থ হবে। Ill-ventilated house.

রাম। না থাকিস নেই নেই। খেয়ে দিয়ে যাস।

প্রমদা। না বাবা।

রাম। তোমার শশুর ডেকে পাঠাচ্ছে। ক্যানো বল দেখি।

প্রমদা। শশুর বারাকপুরে বাড়ী তৈয়ার কচ্চেন, সেইখানে থাকবেন। সেখানে যাবার আগে বিষয় আশয়ের বন্দোবস্ত কোরবেন। সেই পরামর্শের জন্যে ডেকে পাটিয়েছেন।

রাম। গাড়ি পাটিয়ে দিলেই যাব।

প্রমদা। তবে আমি বাই।

রাম। থাকবিনে, অমনি যাবি?

প্রমদা। হ্যাঁ বাবা।

মৃগা। দেখ পেমা, তোমার শাউরীর কথামত চলিস। যে রকমে চলচিস সে ভাল নয়।

প্রমদা। তোমার advice-এর দরকার নেই। আমি বাই।

প্রমদার প্রস্থান।



রাম। মেয়েটারও স্বভাব বিগড়েছে।

মৃগা। জামাইএর দোষে। সে যেমন শিখিয়েচে।

রাম। যাতে ভাল থাকে তাই করুক। আমাদের সব কথার দরকার কি? বেয়াই বেয়ান চটলো ক্ষতি নেই, জামাই না চটে। সে কোনমুণী, তার দ্বারা অনেক কাণ্ড হবে। আর ছাম বাপের এক ছেলে, বুড়ো মলে শ্যামই সব পাবে।

মৃগা। তা বলে কি ইঁহু হয়ে হিঁহুয়ানি ছেড়ে দেবে।

রাম। দিলে তো বোয়ে গ্যালো।

মৃগা। আমার ভয়, যদি বুড়ো তেজিয়া পুত্র করে যায়।

রাম। তুমি পাগল। যদি বুড়ো উইলে শ্যামকে তেজিয়া পুত্র করে, সে উইল কি টেকবে। প্রসন্ন কুমার ঠাকুর যে জানেন্দরকে তেজিয়াপুত্র করেছিলো, তা কি স্বজায় রইলো?

মৃগা। তোমায় ডেকে পাটিয়েচে, কি বলে গিয়ে শোনোনা।

রাম। পাড়ি পাটালেই যাব। আমি তো তার কাণ্ডের লস্ক্রে খর থেকে পাড়ি ভাড়া দোবোনা।

মৃগা। ক্যানো, হাওয়ার গাড়িতে যাওনা, তাতে দশপয়সা লাগবে বই তো নয়।

রাম। দশপয়সা থাকলে ছদিন বাজার চলে যাবে।

মৃগা। যাক। সংসার খরচ আর কিছু না বাড়ালে চলেনা।

রাম। এখন নয়। এই যে নালিশটা করেচি, এইটা জিভলে পরে খরচ বাড়ানোর বন্দোবস্ত কোরবো।

মৃগা। ক্রার নামে নালিশ কোরোচো?

রাম। সেই বার্মিনদের ছেলে, যাকে আড়াই হাজার দিয়েছিলু।

মৃগা। তাতে পাবে কত?

রাম। আড়াই হাজারে পাঁচ হাজার লিখরে নিয়েছিলু। আর তা ছাড়া হুদ আছে। সবগুচ্ছ খরচ আট হাজার।

মৃগা। মকদমা খরচা ঠাগবে কত?

রাম। আমার কেবল ঠাগপের খরচা বার কোত্তে হয়েছে। উকিলের খরচা আমার লাগবেনা, কারণ আমার পিসতুতো ভেয়ের শালা উকিলের বাড়ীর কেবলী। কোনমুণী খরচাও লাগবেনা, শ্যামকে বলে কয়ে দাঁড় করাব।

মৃগা। রে বেশ তো। তবে আমি বলছিছু ছেলেদের জল খাবারের জন্তে কিছু খরচ বাড়িয়ে দিতে, আর বড় বউমা বোলছেলো যে ছোট খোকা সকাল সকাল দুধ পায়না, একটা গয়লা বন্দোবস্ত কোলে রোজ বাড়ীতে দুধ দিয়ে যায়।

রাম। সবুর কর, বাস্ত হোয়োনো। এই চার লাখ নব্বই হাজার আন্দাজ হয়েছে। পাঁচ লাখ কোত্তে পালেই রোজ গজা খাবার বন্দোবস্ত কোরবো, আর হুধেরও বন্দোবস্ত কোরবো। আরও দিন কতক চেপে যাও।

মৃগা। ছেলে পুলেরা বড় হয়েছে, তারা কেবল খাই খাই করে সেই জন্তেই বলা। বেয়াই বাড়ীর খাবার বেশ বন্দোবস্ত।

রাম। বেয়াই আহমুক তাই অভ খরচ কপে ফেলে। এর পরকি কোরবে তার ঠিক নেই। কি এমন কোরেচে, হুদমুদ তিন চার লাখ। তাও সেই পরকে ফাঁকী দিয়ে আদালতে হলফ কোরে। আমার মেহরতের টাকা; মাথার ঘাম পায় ফেলে রোজগার কোত্তে হয়েছে; আমি ও রকম খরচ কোত্তে পারিনে। বেলা হোলো, যাই চান করিগে।

রামলাল মিত্রের প্রস্থান।



মুণা। আমিও যাই ভাতের দেয়ি কত দেখিগে।

• মুণালিনীয় প্রস্থান।

### চতুর্থ অঙ্ক।

#### তৃতীয় দৃশ্য।

বরাকপুর—গঙ্গারধারে ঠাকুরবাড়ী ও মন্দির।

শারদাচরণ বসু ও শ্রীরাম গাঙ্গুলী আনীত।

শ্রীরাম। বাঃ, দিকি বাড়ী হয়েছে।

শারদা। মন্দিরটা ক্যামন হয়েছে গাঙ্গুলী মশাই।

শ্রীরাম। মন্দিরটাও স্কন্দর হয়েছে।

শারদা। আপনি অনেক দিন আসেন নি।

শ্রীরাম। আমি বনেদ গাড়বার দিন এসেছি। তার পর

আর আনিমি। যা হোক খুব শীগগীর তৈয়ার হয়ে গাছে।

শারদা। মন্দিরের একটু কাম বাকী আছে। পাথর গুলো

বসাতে পারিই complete হয়।

শ্রীরাম। ঠাকুর আসবে কবে?

শারদা। কাল পরশু নাগাং এসে পড়বে।

শ্রীরাম। ওরে মালী, তামাক নিয়ে আয়।

নেপথ্যে। এজে বাই।

শারদা। ওরে ছটো হকো আনিস।

মালীর ছই হকো লইয়া প্রবেশ।

শারদা। ব্রাহ্মণের হকো গাঙ্গুলী মশাইকে দে।

মালী। এই নিন। ( গাঙ্গুলীকে হকা প্রদান )

শারদা। আমার হকো দে।

মালী। এজে এই নিন। ( শারদা বসুকে হকা প্রদান )

শ্রীরাম। ঠাকুর প্রতীষ্ঠা হবে কবে?

শারদা। অক্ষয় তৃতীয়ার দিন।

শ্রীরাম। প্রশস্ত দিন বটে। উজ্জ্বল শুভ্রুগ সব করে ফেলুন।

শারদা। তা কত্তে হবে বই কি; এখনও দিন জ্বাছে।

আজ ভটচাবি মশাইকে ফর্দ করে আনতে বলেচি। আচ্ছা

গাঙ্গুলী মশাই কৈমন জায়গাটা বসুন দেখি।

শ্রীরাম। দিকি মনোরম স্থান। ঠাকুর প্রতীষ্ঠা তো হোয়ে

বাক। তার পর আপনিও বখন এসে বাস কোরবেন, আমিও

এসে থাকবো।

শারদা। বেশ তো। তবে আসবার আগে বাড়ীর সব

বন্দোবস্ত কত্তে হবে, আর আফিসও ছেড়ে দিতে হবে।

শ্রীরাম। হ্যাঁ তাতো কোত্তেই হবে। আচ্ছা দেবসেবার কি

রকম বন্দোবস্ত কল্লেন।

শারদা। এখানে একজন পূজারি ঠিক করেচি। তিনি

মাইনে পাবেন, তিনিই সব করবেন।

শ্রীরাম। আর ঠাকুরদের ভোগের।

শারদা। তার জন্যে আলাদা একজন ব্রাহ্মণ থাকতে।

আর কি চাকর থাকবে। আর বংগান তৈয়ার কোরবো, তার

জন্যে চার পাঁচ জন মালী থাকবে। তাহলে চলবে না?

শ্রীরাম। কেন চলবে না? দেবতা প্রতীষ্ঠা, দেব সেবা

করা পরকালের কায় করা। তবে কিনা বাড়ী ঘর ছেড়ে ছুড়ে

দিরে এখানে থাকাকাটাই বড় হুংখের বিষয়।

শারদা। কি কোরবো বলুন গাঙ্গুলী মশাই। ছেলে  
কিছুতেই বাগ মান্লে না। হিঁদ্র ছেলে হিঁদ্র চালে চলবে না।  
শ্রীরাম। এখনকার ছেলে-পুলেরা এক রকম। সাত্কে  
চালে কেউ চলতে চায় না।

নেপথ্যে।

গীত।

রাগিনী কাফি—তাল ধং।

মনে বুঝে দেখনা সে চাল আর চলবে না।

কলিকালে বিপরীত ঘটবে সব ঘটনা ॥

পেয়ে সভ্যতার জ্যোতি,

ছাড়িবে চাদর ধুতী,

পরিবে পেটলুন কোট, পাগুড়িতো আর চলবে না।

মটন ফাউল তিনবার,

করিবে স্বর্থে আহ্বার,

সিগারেটে দেশ রাখিবে, তামাক কেহ ছোঁবে না।

বিলাত থেকে পাশ করি,

দেশেতে আসিয়া ফিরি,

বাপকে বোলবে ওলড ফুল, করিবে তার লাঞ্ছনা।

সাস, পিকল, জাম, জেলি,

মেকেরোনি, ভারমেসেলি,

মনের সাথে থাকে সবে শদেশ গজা চাইবে না।

মিলক্রোজ, মেকেসার,

হেয়ারঅয়েল, পাউডার,

যতন করিয়া লবে, আতর গোলাপ মাথবে না।

শ্রীরাম। বোসজা মশাই গানটি শুনলেন।

শারদা। ঠিক গেয়েছে। ওকে ডাকান যাক। (নেপথ্যে)  
ওরে মালী বাওয়াজীকে ডাক তো।

নেপথ্যে। এজ্ঞে ডাকি।

বাওয়াজীর প্রবেশ।

শ্রীরাম। বাওয়াজী এস। বোস বাবা।

বাওয়াজী। প্রণাম হই। (উপবেশন।)

শ্রীরাম। এ গানটা শুভো দিকি। আজ কাল ঠিক এই  
রকমই হয়েচে।

শারদা। এ গানটা শুনে আমার জ্ঞান হলো।

বাওয়াজী। কলিকালে এই রকমই হবে।

শারদা। বাওয়াজী কি করা হয়।

বাওয়াজী। বাবা আমি আপনাদের কাচু ভিক্ষে করে থাকি।

শ্রীরাম। বাওয়াজী আর একটা গাও।

বাওয়াজী। যে আজ্ঞে।

গীত।

রাগিনী সিন্ধুমিশ্র—তাল খেমটা।

যাবার বেলা হোলোরে তোর, ভবে এসে কলি কুরে।

ধনমদে মত্ত হয়ে, হেলায় জীবন খোয়ালি রে ॥

অনিত্য এই সংসার, অনিত্য এ দেহ ছার,

অনিত্য সৌন্দর্য রূপ, ভুলেও নাহি ভাবিলি রে।

অনিত্য ধন বিভব, অনিত্যমিত্র গোরব,

নিত্য মাত্র নারায়ণ, কেন না তায় ডাকিলি রে।

শারদা। এ গানটা শুনে আমার দিব্য জ্ঞান হোলো। সংসারে  
থাকতে আর ইচ্ছে নেই গাঙ্গুলী মশাই।

শ্রীরাম। বেশতো, আপনি এইখানে বাস কর্কের মনন

করেন তো। তাই থাকুন।

বাবাজী। বাবা কি এইখানে বাস করছেন।

শারদা। হ্যাঁ বাবা।

বাবাজী। তাহলে এখানে এসে আমিও আশ্রয় নোবো।

শারদা। আপনার অনুগ্রহ।

বাবাজী। তবে আজ চলেন বাবা।

শারদা। বাবা সেবার জন্ম কিঞ্চিৎ গ্রহণ করুন। (একটা সিকি প্রদান) আর অক্ষয় তৃতীয়ার দিন আসবেন, সেই দিন ঠাকুর প্রতিষ্ঠা হবে।

বাবাজী। আসবো বই কি বাবা। বেচে থাক।

বাবাজীর প্রস্থান।

শ্রীরাম। তবে ভট্টাচার্যি এলে সব ধন্যোবস্ত করে যান।

শারদা। দেখি আসছেন তিনি।

ভট্টাচার্যের প্রবেশ।

শারদা। আসছেন মশাই প্রণাম (প্রণাম)।

ভট্টাচার্য। কল্যান হোক। প্রতিষ্ঠার দিন ধার্য হয়েছে?

শারদা। হ্যাঁ অক্ষয় তৃতীয়ার দিন।

ভট্টাচার্য। প্রশস্ত দিন বটে। তবে সেই দিনেই শিব প্রতিষ্ঠা

ও লক্ষী জনার্দন প্রতিষ্ঠা হবে।

শারদা। হ্যাঁ এক দিনেই হবে বই কি।

ভট্টাচার্য। দেবমূর্তি প্রস্তুত হয়েছে।

শারদা। জাহ্নু হ্যাঁ। আগামী কাল কি পরশু আসবে।

কেবল মন্দিরের পাথর কথানা বাকী আছে। তা ছাড়া দিনেই হবে। এখন ওষার দিন বাকী।

শ্রীরাম। আপনি ফর্দ এনেছেন?

ভট্টাচার্য। এই নিন (ফর্দ প্রদান)।

শারদা। আমি উজ্জুগী করি, আপুনি দিন চার বাবে আসবেন।

ভট্টাচার্য। তবে আসি।

শারদা। আচ্ছা আসুন। (প্রণাম)

ভট্টাচার্যের প্রস্থান।

শ্রীরাম। তবে আজ চলুন যাওয়া যাক।

শারদা। চলুন। বাড়ী গিয়ে ফর্দ প্রমাণ জিনিষ পাটয়ে দেওয়া যাবে।

শ্রীরাম। হ্যাঁ। এদিকে গাড়ির ও টাইম হয়ে এলো।

শারদা। চলুন।

সকলের প্রস্থান।

## পঞ্চম অঙ্ক।

প্রথম দৃশ্য।

কলিকাতা বাগাপুকুর—শারদা বস্তুর অন্তর।

শারদা বস্তুর ভোজনে উপবিষ্ট, নিকটে মোক্ষদা।

মোক্ষদা। শ্যাম এখনও খেতে এলোনা। বেরোবেনা বৃষ্টি।

শারদা। কি জানি। বেরোবে কি না তা সেই জানে।

মোক্ষদা। আফিসের ব্যাৰা হোয়েচে তাই বলছি।

শারদা। বেরিয়ে সব কোরেচে আর সবই কোয়েবে।

মোক্ষদা। তোমার তো তার উপর বড় রাগ দেখতে পাই।

কিন্তু তার বিদ্যের কত জোর দ্যাখো দিখি।

শারদা। কি রকম?

মোক্ষদা। রাম মিত্তির তো জেলে গেছেলো। শ্যামই তো তাকে বাঁচিয়ে আনলে। ঐকি সামাজি বিদ্যার জোর।

শারদা। ( হাসিয়া ) এইতেই তুমি আশ্চর্য্য হয়ে গ্যাছো? এরকম তো আকসার হোচ্ছে।

মোক্ষদা। শুনেছি কাদের ছেলেকে কিছু না দিয়ে টাকা পাবো বোলে নালিশ কোরেছেলো। সে কথাটা কি সত্যি?

শারদা। দিয়ে ছিলো কি না তা কে দেখতে গ্যাছে। আমার বোধ হয় হাজার, দেড় হাজার দিয়ে, পাঁচ হাজার লিখিয়ে নেছেলো। আর ওর বিষয় আশয় সব ঐ রকম কোরে বই তো নয়।

মোক্ষদা। তা রাম মিত্তির কত টাকা কোরেচে?

শারদা। কত কোরেচে তা কি করে জানবো। তবে শুনতে পাই তিন চার লাখ কোরেচে।

মোক্ষদা। অমন টাকা করার মুখে ছাই। যার অ্যাতো টাকা সে পেতে খায়না। একটা বই কি নেই। কি করে চলে তাতো বুঝতে পারিনে। জল খাবারের জন্যে বাতাস। আমি অবাক হয়ে গেছি। মরবার সময় কি টাকা গুলো সঙ্গে নে যাবে। আচ্ছা বেয়াইকে ধোরেছেলো ক্যানো?

শারদা। এও বুঝতে পারেনা। পুরো পাঁচহাজার না দিয়ে পাঁচহাজার পাবে, বোলে নালিশ কোরেছেলো। তাহলেই ঠকানো হোলো। সেই দরুন পুলিসকেস হোয়েছেলো। প্রমাণ হোলে জেল হোতো।

মোক্ষদা। শ্যামই তো তবে বাঁচিয়ে দিল। যাক, আর এক বোল দেবে।

শারদা। আনতে বল।

মোক্ষদা। ওগো বামনমেয়ে একটু বোল আর একখানা মাছ নিয়ে এসো।

নেপথ্যে। যাই।

বোল ও মাছ লইয়া পাচিকার প্রবেশ।

মোক্ষদা। দাঁও পাতে ঢেলে দাঁও।

পাচিকা। (বোল ও মাছ খালায় ঢালিয়া দিয়া) আর ছুটা ভাত আনবো?

শারদা। আর ভাত চাইনে। আজ ভাত এতো শক্ত ক্যানো?

পাচিকা। এবারকার কয়লা ভালো নয়। শীগগীর ধরে না, উছন ধরতে দেরি হোয়ে গেলো। এদিকে বেলা হোয়ে গ্যালো, বলে তাড়াতাড়ি হয়ে পোড়লো।

পাচিকার প্রস্থান।

শারদা। কই মাছ কোথেকে এলো?

মোক্ষদা। বেয়াই বাড়ীর তত্ত্ব।

শারদা। মাছ, খুব বড়। আর খুব মিষ্টি, বোধ হয় পুকুরের।

মোক্ষদা। কি মাগী বোলে নতুন বাগানের গুন্ধের মাছ।

শারদা। আবার একখানা বাগান কিনেচে। তা আর হবেনা, অনেক বিষয় করেচে বটে, কিন্তু সব ঐ রকমে। এ বাজারে সতপায়ে বিষয় আশয় করা বড় কঠিন। আমি এখনও পর্যন্ত খেটে কি এমন করেচি।

মোক্ষদা। যা হোয়েচে তা হোয়েচে, এখন আমার হাতে আর কিছু না হোলে চোলচে না।

শারদা। বল কি? তোমার হাতে অ্যাতো টাকা আরও টাকার দরকার। অ্যাতো টাকা নিয়ে কি কোরবে?

মোক্ষদা। আমার দরকার নেই ?

শারদা। তোমায় দেবু দিয়েচি। • যেন শ্যামকে দিয়ে  
ঠোকো না।

মোক্ষদা। শ্যামকে দিতে যাবো ক্যানো ? শ্যাম রোজগার  
কোচে ; তার অভাব কিসের ?

শ্যামের প্রবেশ।

( শ্যামের প্রতি ) এসো বাবা। অ্যাভো দেরি ক্যানো  
বাবা। বেলা দশটা বাজে। ( নেপথ্যের দিকে ) শ্যামের ভাত  
নিরে এসো।

নেপথ্যে। এই যাই।

মোক্ষদা। তোমার শশুর আজ একটা কুই মাছ পাটিয়েচে।

শ্যাম। মাছ ভাল লাগে না। আমার মাংস হোয়েচে ?

মোক্ষদা। না বাবা, আজ পাঁতা হয় নি। তোমার শশুর  
তোমার মাছ খেতে দিয়েছে, সেই জন্যে মাচ রান্না হএচে।

•• ভাতের পাথর হস্তে পাচিকার প্রবেশ।

মোক্ষদা। দাও ভাত দাও।

পাচিকা। • ( ভাতের পাথর শ্যামের সম্মুখে রাখিয়া ) আর  
মা দরকার হয় না বোলবেন।

মোক্ষদা। বোসো বাবা।

শ্যাম। ( আসনে উপবিষ্ট হইয়া ভাতের প্রতি দৃষ্টি করিয়া )  
এই জন্যেই খেতে চাইনে। মাংস না হলে আমার খাওয়া  
হয় না।

মোক্ষদা। কি কোরবে বল ; একদিন বই তো নয়। আজ  
মাছ দিয়ে খাও।

শ্যাম। থাক, আমি খাবো না। আফিসে টিফিন কোরবো।

শারদা। শ্যাম, তোমার স্বভাব একেবারে বিগড়ে গ্যাচে।  
হিঁড়ুর ছেলে, হিঁড়ুর চালে থাকো না। তোমার এই সব ব্যাভার  
দেখে আমার বাড়ী ছেড়ে যেতে হচ্ছে।

মোক্ষদা। খাবার সময় তুমি ভাল গোলমাল আরম্ভ কলে।  
ছেলেকে খেতে দাও না।

শ্যাম। আপনি বাড়ী ছেড়ে যাবেন ক্যানো ?

শারদা। এ সকল ভো দেখতে পারিনে, কাষেই  
আমায় বাধ্য হয়ে যেতে হচ্ছে। সাহেবী খাওয়া, সাহেবী  
পোষাক, সাহেবী চার্ল চলন, এ সব কি ভাল ? হিঁড়ু হয়ে কুশা-  
নের মত ব্যাভার।

শ্যাম। I am not a convert. English dress is more  
decent আর English food তো আজ কাল সকলেই খায়।  
সহরের অনেক লোকের বাড়ীতে বাবুর্চি আছে। এই যে coro-  
nation এ যারা বিলেত গেছেলো, তারা ভো সকলেই English-  
food খেয়েছেলো।

শারদা। সে গুলো কি ভাল ?

শ্যাম। ক্যানো ভাল নয় কিসে ?

শারদা। হিঁড়ুর ছেলে, হিঁড়ুর খাবার খাও।

শ্যাম। • হুঁ vegetables.

শারদা। হ্যাঁ আমি তাই বলছি।

শ্যাম। Vegetables এ nutrition অতি অল্প তবে কি না  
হুঁ ঘী তা সে blood and fat making, not muscle making ;  
meat না হলে muscle form হয় না।

শারদা। ক্যানো মাছ খাও না ?

শ্যাম। Fish is nitrogenous, but not muscle-mak-



ing; তা একটু আধটু খেতে পারি। কিন্তু সমুদ্রের মাচে nitrogenous substance বেশী এখানে মেলে না। Blood and muscle কিন্তু ছুই চাই।

শারদা। আমি অত তত বুঝিনে। ফলকথা তোমার এ চাল আমার অসহ্য হয়েছে।

শ্যাম। আপনার বড় ভুল। muscular হওয়া চাই, তা হলেই meat is indispensably necessary.

শারদা। শোন আমি যা মনন করেছি, আমি চানকে ঠাকুর বাড়ী করেছি, ঠাকুরও বসিয়েছি। চাকরিও ছেড়ে দিচ্ছি। এখন আমি সেইখানে থাকবো। সেখানে থাকলে তুমি কি কোচ্চ না কোচ্চ, আমি তো দেখতে আসবো না। তখন তুমি যা ইচ্ছে কোরো। আর আমার পূজো পার্কিন দুর্গোৎসবে যা খরচ হবে, তার জন্যে বিষয় আশু টুটির হাতে দিয়ে যাচ্ছি।

শ্যাম। Trustee হাতে ক্যানো?

শারদা। যার দেবতা ব্রাহ্মণের উপর ভক্তি নেই, তার হাতে এ সকল ভার কি প্রকারে দি। এই যে আমার সাত পুরুষের দুর্গোৎসব, এর ভার তো তোমার হাতে দিতে পারেনা না। তুমি কি তা বজায় কোরবে?

শ্যাম। আপনি যেমন বলবেন, আমি ঠিক তেমনি করবো। আপনি যে নিয়মে করে আসছেন, তার চেয়ে ভাল কোরবো।

মোক্ষদা। শ্যাম পূজো কোরবে না, এ কি একটা কথা।

শ্যাম। আমি কি রকম পূজো করি দেখবেন। আমি ঠাকুরের সঙ্গে নতুন ধরণের কোরবো স্থির করেছি।

শারদা। কি রকম?

শ্যাম। আমি বিলেত থেকে সাজ আনাবো।

শারদা। বিলীতি সাজের কি দরকার?

শ্যাম। বিলীতি সাজ cheap অথচ beautiful, আজ কাল অনেকেই তো বিলীতি সাজ আনিয়ে থাকে।

মোক্ষদা। বেশ তো, যাতে ভাল হয় বাবা তাই কর। (শারদার প্রতি) তুমি বোলুচা শ্যাম ঠাকুর মানেনা। আমি ও কথা শুনিই। আমি দেখেছি শ্যাম আমার ঘরে মা কালীর যে ছবি আছে, তাকে রোজ দর্শন করে ও সেই খানে পাড়িয়ে অনেক ক্ষণ মা কালীর জপ করে।

শারদা। অ্যা সত্যি না কি? তা যাই করুক আমি এখানে থাকচিনে। আমার ঠাকুর বাড়ী ও মন্দির তৈয়ারি হয়ে গ্যাচে, শিব, লক্ষ্মীজনার্দন প্রতিষ্ঠা হয়ে গ্যাচে। আমি সেই খানেই থাকবো। গঙ্গার ধারে বেস আরামেও থাকবো।

শ্যাম। তা আপনি যেতে চান যান। আপনার শরীর যাতে ভাল থাকে করুন। আমিও ইন্ডেন্ট পাঠাই। আর আবার মাসে ঠাকুর তৈয়ারির বন্দবস্ত কোরবো। তবে খরচের জন্যে টাকার আবশ্যিক, তা ভাড়া আদায় ও ব্যাঙ্কের হুদ বার করবার জন্যে এক খানা power চাই।

শারদা। তা power দিয়ে যাবো। একখানা কাগজ তৈয়ারি করো। আমি সেই মানাং করে দেবো।

শ্যাম। কালই কাগজ পাবেন।

শারদা। আমি কালই রেজিষ্টারী করে দেবো। তবে দেখ বাবা পূজো টুজোগুলো যেন লোপ না হয়।

শ্যাম। তা ক্যানো হবে? বেলা হোলো, আমি গাই।

শ্রীমন্ত প্রস্থান।

শারদা। বেয়াইএর সঙ্গে এ বিষয়ের পরামর্শ করেছি।

সেও ট্রাষ্টের বিষয়ে রাজি নয়। আমি তো চোলেম। আমার সঙ্গে গাঙ্গুলীও পরিবার নিয়ে গিয়ে বাস কোরবে। আমার মতলব এই, যে ওর চাল চলনে যে আমি নারাজ হয়েছি, এটা বুঝতে পেরে যদি শোধরায়। আর তুমি তো রইলে, পুঞ্জো-টুঞ্জো গুলো যেন ঠিক হয় দেখো।

মোক্ষদা। আমি রইয়েছি, শ্রাম কি অস্ত্র মত কতে পারে। কেবল দোষের মধ্যে কি না মাসটাস খায়। তা আজ কালকার ছেলের কি খায় না খায়, বুড়ো মানুষের তাতে চোক কান দেবার দরকার। কার বাড়ীর ছেলের আজকাল হোট্টেলে না খায়। তুমিই তো বল যে অনেকের বাড়ীতে মোছলমান চাকর আছে। তারা সব অখাতি রেখে দেয়।

শারদা। সেগুলো কি ভালো।

মোক্ষদা। তুমি বকাবকী কোলে বলে মুখে ললটুকু না দিয়ে বেরিয়ে গ্যালো। ও বিষয়ে কথা কবার দরকার কি? শারদা। পাগল আর কি? বকাবকীর দরুণ খেলে না, না মাছ ভাত ভাল লাগবে না বলে খেলে না। সে যাক আমি তো ওর হাতে সব দিয়ে গেছ। আমার ইচ্ছে যেন আমার ক্রিয়াকলাপ দেবসেবা বজায় থাকে।

মোক্ষদা। অত ভাবছো ক্যানো? সব বজায় হবে।

শারদা। Powerখানা রেজেষ্টারী হলেই আমি যাবো।

মোক্ষদা। আমি বাড়ী ঘর ফেলে কি করে যাই। বিশেষ শ্রাম একলা তাকে একলা ফেলে কি যাওয়া যায়।

শারদা। তা তুমি থাকোনা। আমি তো তোমায় আমার সঙ্গে যেতে বলচিনে।

মোক্ষদা। আমি মাঝে মাঝে যাবো। তুমিও তো আসতে

পারো। একেবারে নিশ্চিন্তে হয়ে বসে থেকেনা।

শারদা। দেখা যাবে।

মোক্ষদা। আর কিছু দেবে।

শারদা। না কিছু চাইনে। যাই আঁচাইগে।

সকলের প্রস্থান।

### পঞ্চম অঙ্ক।

#### দ্বিতীয় দৃশ্য।

কলিকাতা ঝামাপুকুর—শ্যামাচরণ বহুর বৈঠকখানা।

শ্যামাচরণ বহু আসীন।

শ্রামী (স্বগত)। I am glad to find that our veteran mischief has at last sheered off. Fortunately he has done it of his own accord. He was a hell of earth and a stumbling block in the path of my progress.

গোপালের প্রবেশ।

Halo Mr. Dey what brings you now?

গোপাল। আমি একটা consult কোত্তে এছ।

শ্রাম। What is it?

গোপাল। এবারকার নম্বরে একটা নতুন article দিলে হয় না?

শ্রাম। কি রকম?

গোপাল। The social condition of the Bengallees of the present day.

শ্যাম। O no. I would rather prefer to have an article to show how far the social condition of the Bengallees is affected by the egotism of the Brahmins.

গোপাল। That's a capital subject ওটা তুমি লিখবে ?

শ্যাম। তা পারি।

গোপাল। তবে ছটার দিনের মধ্যে দিও। September এর issueতে দিবো।

শ্যাম। I can't say.

গোপাল। Why.

শ্যাম। I am little busy for the *pujah*.

গোপাল। পূজার arrangement কি তোমার কোভে হচ্ছে ?

শ্যাম। বই কি।

গোপাল। কি রকম arrangement হোলো ?

শ্যাম। ঠাকুরের সাজের Invoice পেয়েছি।

গোপাল। Invoice পেয়েছ কি ? Indent দিয়ে আনাচ্ছে ?

শ্যাম। হ্যাঁ। They are manufactured by Messrs B. R. Krippleston and Co., the well known house of London for the manufacture of imitation jewelry.

গোপাল। বেশ হোঁসয়েছে। খরচ পড়লো কত ?

শ্যাম। They have drawn £57-17-6 c. f. i. c. against Shipping Documents in the National Bank @ 60 D'sight.

গোপাল। Steamer এয়েছে ?

শ্যাম। আজ Morning 6—৪০তে city of London mud pointএ signal করেছে। বেধ হই আজই enter হবে।

গোপাল। তবে কাল পরণ্ড নাগাৎ আল পাওয়া যাবে।

শ্যাম। হ্যাঁ।

গোপাল। সাজাবে কে ?

শ্যাম। Authony.

গোপাল। তুমি সাজের ব্যাপারে new phase দিলে ?

শ্যাম। ক্যানো, জোড়াসাঁকোর অনেক বাবুরা তো সাজ আনিয়ে থাকেন। তবে idolটা সেখানে থেকে আনাতে পাল্লো নতুনতর হোতো বটে, আর ভালও হোতো। এ বছর time পেলেম না, আর বছর সেখানে indent পাঠাব।

গোপাল। আরে না না। সে ঠাকুরে কি পূজো হয় ?

শ্যাম। ক্যানো হইব না ?

গোপাল। ঠাকুর যে গঙ্গামূর্তিকার তৈয়ারি হয়।

শ্যাম। তাতে হোয়েছে কি ? গঙ্গামূর্তিকা আর River Thamsএর মাটি একই one and the same thing ; scientifically বখন গঙ্গার সঙ্গে Thamesএর জল জলে যোগ আছে তখন তার মাটি ও গঙ্গার মাটি সঙ্গম। Besides that, Thames is Valmiki's তমসা।

• অখিলের প্রবেশ।

গোপাল। তু বোলে Thamesএর মাটিতে ঠাকুর তৈয়ারি হবে না কি ?

শ্যাম। You are quite mistaken, বখন porcelain আর earthenware এর Hindu gods and goddesses মূর্তি বিলেত থেকে এখানে import হচ্ছে, আর সেই মূর্তিকে লোকে

ঠাকুর বলে স্বীকার কচ্ছে। যখন Italian marble এ ঠাকুর তৈয়ারি করে হিঁহরা তাই পূজা কচ্ছে, তখন বিলীতি ঠাকুরে পূজা হবে না ক্যানো ?

অখিল। কি বিলেত থেকে ঠাকুর তৈয়ারি হয়ে আসবে ?

শ্যাম। হ্যাঁ, তাতে কি ক্ষতি হয়েছে ? সে তো আরও ভাল জিনিস হবে। তুমি জানো যে স্থানকার artistsরা far better than those of this country.

অখিল। শ্যাম তোমার বুদ্ধি শুধি লোপ পেরেছে।

শ্যাম। ক্যানো ? অন্ডায় কথাটা কি ? তোমার ঘরের household utensils থেকে dress পর্যন্ত বিলীতি জিনিস। কোন জিনিসটা বিলীতি নয় বল দেখি ? Almost all things used by the natives of Bengal are from Europe. ঠাকুরের dress কোত্তে হাত, satin, brocade, silk, pinapple, morenti, water silk, braid, ribbon বা কিছু দরকার every thing is imported either from England, Scotland, France or Germany ; ঠাকুরের কাছে আলো জলবে তার জন্মে chandelier, wallshade, these are all imported; even the hooks, screws, nails, teakwood বা কিছু চর্চা ঠাকুরের কাটামোতে দরকার, সবই বিলীতি; ঠাকুরের রং বিলীতি। ঠাকুরের নৈবিদ্যের জন্যে যে খাল্য ব্যবহার হয়, সেও বিলীতি, brass sheets থেকে তৈয়ারি। তা হলে ঠাকুর ও বিলীতি হলে কিছু মাত্র ক্ষতি হতে পারে না।

অখিল। তোমার মতন বুদ্ধি হলেই গেছে।

শ্যাম। Well discuss with reason.

অখিল। সে বাক, পূজার বন্দোবস্ত কি রকম হোলো।

শ্যাম। সব ঠিক হয়ে গ্যাছে।

অখিল। পুরুতকে ডাকান হয়েছে।

শ্যাম। পুরুত এসে কি কোরবে ? আমি antiquated style এ পূজা কোরবো না। I want to give a new and refined phase to the puja.

গোপাল। কি রকম ?

শ্যাম। Priest দিয়ে পূজা করতে হবে এইতো। Chatterjee would undertake it and undoubtedly he is more educated than our illiterate পুরুত।

অখিল। তা হলেই হয়েছে। কতা কি এই জন্যেই তোমায় পূজার ভার দিয়ে গ্যাছেন।

শ্যাম। Let him see whether I am holding up the puja or not.

অখিল। এই রকম করে কোচো ? তোমার কোন কথা শুন্তে চাইনে। আমি চলুম। (সক্রোধে) তুমি শীগগীর উচ্চরে যাবে।

অখিলের প্রস্থান।

শ্যাম। (হাসিয়া) He is a greenhorn.

গোপাল। Aye to be sure. He seems to be a man of Bœotia.

শ্যাম। I can't make out why he has brought a hornet's nest about his ears.

গোপাল। সেম্বাক, এখন পুরুত এলে কি বোলবে।

শ্যাম। I'll tell him plainly that I have secured the services of a more educated priest than you.

গোপাল। He will be between hawk & buzzard.

শ্যাম। Can't help; so far I can do for him as to allow him the fee if he comes to my terms.

গোপাল। তোমার মতে পূজা কতে হবে না কি?

শ্যাম। I won't allow him to do it, তবে আমার programme এ যেন কোন objection না করে। He must accede to what I shall do.

গোপাল। পুরুতের ব্যাপার মিটলো। তার পর বামন পণ্ডিতদের বাধিকের বিষয়।

শ্যাম। সে সব কিছু হবে না।

গোপাল। তার পর পূজার জন্যে জিনিস পত্র খরিদ কতে হবে তো?

শ্যাম। To save trouble I shall order the Great-Eastern to supply every thing. Hear the programme I have made; on the morning of the first *pujah* on the 4th of October, soup, chop, cutlet, desert, cake, pudding; in the evening roast, curry, stew cutlet, omelet, cream, cake, pudding. In the morning of the 5th, there will be Turkey roast, ragout, pie, cutlet, egg, chop, truffle, desert, cake, pudding; in the evening grill, curry, rice, roast, cutlet, chop, stew, soup, cream, cake, pudding. In the morning of the 6th there will be mutton-leg-roast, potage, chop, egg, cutlet, grill, stew, curry, desert, cake, pudding; in the evening cutlet, chop, cream, cake pudding. In the

morning of the 7th there will be cutlet, soup, pie, curry rice, cake, pudding, desert. Besides toastbread tea, coffee, chocolate, cocoa, sardine, herrings, oyster, lobster, jam, jelly, macaroni, vermicelli, whisky, madeira, moselle, hock, cider, burgundy, claret, cherry, stout, brandy, curacao &c.

গোপাল। These are all dainty dishes.

শ্যাম। These are Elysian dishes.

গোপাল। কষ্টী এ সকল দেখলে কি বোলবেন।

শ্যাম। এতে বলবার কি আছে। The goddess has never dreamt of these delicacies.

গোপাল। যা ভাল বোঝ কর। কিন্তু কত শুল্ক কি রফে রাখবেন?

শ্যাম। Never mind, I care very little.

চাটুর্ষির প্রবেশ।

Halo Chatterjee! Good morning.

চাটুর্ষি। Good morning Bose. I just received your note. But tell me your command. I am ready at your service.

শ্যাম। You shall have to undertake the *pujah* of the Goddess Durga in my house.

চাটুর্ষি। When it takes place.

শ্যাম। On the 4th proximo and three days following.



চাটুর্ষ্য। I will gladly do it.

শ্যাম। Here is the Bill of fare for the goddess.  
( একখানা কাগজ প্রদান )

চাটুর্ষ্য। Let me see. ( কাগজ পড়িয়া ) This is most magnificent. All right. I'll be at yours on these days.

শ্যাম। Please bring Mrs. Chatterjee and her sister with you. The quadrille will attend here.

চাটুর্ষ্য। I will. Goodbye Bose ( সেক্ষাণ্ড করণ )  
( গোপালকে দেখিয়া ) Mr. Dey goodbye ( সেক্ষাণ্ড করণ )

শ্যাম। Goodbye.

চাটুর্ষ্যর প্রশ্ন।

গোপাল। আমিও যাই। তবে articleটা লিখো, for I want to insert it in this month's issue.

শ্যাম। I will.

গোপাল। Goodbye then.

শ্যাম। Goodbye ( সেক্ষাণ্ড করণ )

সকলের প্রশ্ন।

## পঞ্চম অঙ্ক।

তৃতীয় দৃশ্য।

বারাকপুর, গঙ্গারধার—ঠাকুর বাড়ী ও মন্দির।

শারদাচরণবন্দু ও শ্রীরাম গঙ্গুলী আসীন।

শারদা। দেখুন গঙ্গুলী মহাশয়, এখানে শরীরটি বেশ অশুভ।

শ্রীরাম। গঙ্গার হাওয়া, খোলা জায়গা, এখানে থাকলে  
ফুর্জি হয়। ভাল থাকারই কথা।

শারদা। আছি ভাল। কিন্তু শ্যাম কি কোচ্ছে না কোচ্ছে  
সেই জন্যে মনটা বড় অস্থির।

শ্রীরাম। সে যা করবার তাই কোচ্ছে। কভা ও বিষয়  
আর মনে স্থান দেবেন না। নিত্য পঙ্গামান করুন, ঠাকুর  
দর্শন করুন। পরকালের কায করুন।

শারদা। তাতো বটেই। তবে কিনা গিন্নীরই বা কি আক্কেল  
এই চার মাসের উপর হোলো আমি এয়েচি, একদিনও এলোনা  
আর কোন খবরও নিলে না।

শ্রীরাম। ব্রাহ্মণীও তাই বলছেলো। কি আশ্চর্য্য!

শারদা। মাগী ছেলে ছেলে করে গ্যালো।

শ্রীরাম। ছেলের ওপর অবিশ্যি টান হতে পারে। তা  
বলে কি সোয়ামীর কোন খবর নিতে নেই।

শারদা। এখানে এলেও তো আসতে পার। এ কোন  
মগের মুলুক।

শ্রীরাম। কি বোলরো? আপনি তার নামে সর্ক কোরে  
দিয়ে বড়ই খারাপী কোরেছেন। তার মন গুরম হয়ে গ্যাছে।

যাক সে কথা যেতে দিন। তিনি যেমন কায কোরবেন  
তেমনি ফল পাবেন। আপনি আপনার কায করুন।

সন্ন্যাসীর প্রবেশ।

শারদা। (প্রণাম করিয়া) আস্থন, আস্থন।

শ্রীরাম। ঠাকুরজী প্রণাম (প্রণাম)।

সন্ন্যাসী। জীতঃরও বেটা।

শারদা। আপ কাহাসে অ্যাতে হায় ?

সন্ন্যাসী। হামারা আনেকা কুছ ঠিকানা হায় ?

শ্রীরাম। সাচ বাত বংবা। মালুম হোতা আপ তীরখ ফীরতা  
হায়। বৈঠিয়ে।

সন্ন্যাসী। হাঁ বেটা। (উপবেশন ও ঝুলি হইতে কলিকা  
বাহির করিয়া গঞ্জিকা সেবন)

গীত।

রাগিনী আলেয়া—তাল ধামার।

ভজরে অবোধ মন সেই নিত্য সনাতনে।

ব্রহ্মা আদি দেবগণ যাহারে না পায় ধ্যানে ॥

গোলোক বিহারি হরি, আইলা গোলোক ছাড়ি,

ধরণীর মাঝে দেখে দলিতে দলুজগণে।

বিনে সেই পরাংপর, কেমনে ভবসাগর,

হবে পার মূঢ় নর, দেখেহ ভাবিয়া মনে ॥

শারদা। বাবা বড়া খুস হয়া।

শ্রীরাম। ঠাকুরজী ইয়ে ঠাকুরবাড়ী। মেহেরবাণী করকে  
হিয়া রহেনেসে, তো কুছ হরজ নেহী হায়।

সন্ন্যাসী। এ কেসকা ঠাকুর বাড়ী হায় ?

শ্রীরাম। ইয়ে বাবু নে বনায়া ও ঠাকুরকো বয়ঠারা হায়।

সন্ন্যাসী। আচ্ছা কাম কিয়া। \* আউর ইনকো তো হিঁই  
রয়নে হোগা। লেড্‌কা ওয়াস্তে বহুত দেখে হয়।

শারদা। (জনান্তিকে শ্রীরাম গাঙ্গুলীর প্রতি) ইনি কি  
কসে জানলেন ?

শ্রীরাম। ইনি সিদ্ধ পুরুষ। ভূত, ভবিষ্যৎ, বর্তমান, সব  
বলতে পারেন।

শারদা। তাহলে আমার বিষয় বিশেষ করে জিজ্ঞেস  
করুন না।

শ্রীরাম। ঠাকুরজী ইয়ে বাবুকা কপাল মে কেয়া হায় ?

সন্ন্যাসী। ইনকো হিয়া রয়না মুনাসিব। ধরমে যানেসে  
এনকা লেড্‌কা বহুত রঞ্জ হোগা।

শ্রীরাম। আগরটে হিয়া রহে ?

সন্ন্যাসী। বহুত মজমে রয়নে সকেগা।

শারদা। ঠাকুরজী হিয়া আপহী রয়না।

সন্ন্যাসী। হামারা এক জায়গা রয়নেকা হুকুম নেহী। ময়  
যাতে হায়। ভগবান আপকা ভলা করে।

সন্ন্যাসীর প্রস্থান।

শ্রীরাম। আপনাকে যা বলে গ্যালো সেই মত করুন।  
শ্যামের বিষয় আপ মনে স্থান দেবেন না।

শারদা। (দীর্ঘ নিশ্বাস) না গাঙ্গুলী মশাই।

অখিলের প্রবেশ।

অখিল। (শ্রীরাম গাঙ্গুলীর প্রতি) গাঙ্গুলী মশাই প্রণাম।

(শারদা বসুর প্রতি) নমস্কার মশাই (নমস্কার)

শ্রীরাম। কল্যান হোক।

শারদা। নমস্কার বাবাজী ক্যামন আটো ?

অখিল। আছি ভাল।

শারদা। রেখে এলে বাবাজী?

অখিল। আজ্ঞে হ্যাঁ। সাতটার গাড়িতে।

শারদা। শ্যামের কিছু খবর টবর রাখো কি। তার কাছে যাওয়া আশা আছে তো?

অখিল। না মশাই। তার ব্যাভার দেখে শুনে তার সঙ্গে দেখা কোতে ইচ্ছে হয় না।

শারদা। পূজোতো আগ্রত প্রায়। পূজোর কি রকম বন্দবস্ত কল্লে কিছু শুনেছো কি? আমি মনে কচ্ছিছ বাব।

অখিল। মশাই যাবেন না। যা বন্দোবস্ত শুনলেম, তা দেখলে আপনি রাগ সহ্য কতে পারবেন না।

শ্রীরাম। ক্যানো কি করেছে খামু? যদি বাহুল্য কিছু না করে থাকে তাতে তত ক্ষতি নেই, যেমন চলে আসছে তেমনি চল্লই হোলো। আর আমাদের বার্ষিক গুলো বন্দ না হয়।

অখিল। সে সব ছেড়ে দিন গাঙ্গুলী মশাই। যা করেছে শুনলে অবাক হবেন।

শ্রীরাম। কি রকম?

অখিল। ডাক্তার চাটুখিকে দিয়ে মার পূজো করা হবে।

শারদা। (সক্রোধে) কি প্রত বড় আশ্পর্ক। সেই গোখান্দক নরোধমকে দিয়ে মার পূজা। তা কখনই হবেনা।

শ্রীরাম। কত্না তাতে তত ক্ষতি নেই। সে তো ব্রাহ্মণের ছেলে। বাই ককুক না ক্যানো, কাট খানা তো শুদ্ধ। তবে কিনা কুল পুরোহিতকে ত্যাগ করাটা ভাল হয় নি? যাক ঠাকুর। নাজান হয়েছে শুনোচো?

অখিল। আজ্ঞে হ্যাঁ। বিলেত থেকে সাজ আনিয়ে থাকে

নাজান হয়েছে। তা মন্দ হয় নি।

শারদা। তুমি স্বচক্ষে দেখেছো?

অখিল। আমি চুপি চুপি দেখে এসেছি।

শারদা। ব্রাহ্মণ পণ্ডিতদের বার্ষিকের বিষয় কিছু শুনলে?

অখিল। না মশাই। তবে তার মুখে শুনেছিল যে সে সকল কিছু হবেনা।

শ্রীরাম। ঠিক কথা। তাহলে আমার পত্র আসতো।

শারদা। আপনাকে না পাটয়ে থাকে নেই, নেই, আপনার বার্ষিক না হয় আমি দোবো। (অখিলের প্রতি) নেমস্তম্ভ বেরিয়েছে জানো। আর তো দিন নেই।

অখিল। আমার নেমস্তম্ভ তো হয় নি, আর অন্য কাম ও নেমস্তম্ভ হয়েছে কি না, তা জানিনে। তবে শুনেছি যে নেমস্তম্ভের মধ্যে চাটুখি, তার স্ত্রী, গোপাল।

শারদা। বেটা উচ্ছ্বসে যাবে।

অখিল। মশাই বা শুনলেম তাতে অবাক হয়ে গেছি।

শারদা। আমি কাল গিয়ে পূজোর বন্দবস্ত কোরবো। বেটা নরোধম পাগাঁড়। গাঙ্গুলী মশাই আজ চরুখী না।

শ্রীরাম। আজ্ঞে হ্যাঁ।

শারদা। আমি কাল নিশ্চয় যাব।

শ্রীরাম। কত্না সেখানে যাবেন না। ব্রাহ্মণী বঙ্গে গ্যালেন সেখানে গ্যালেনে অপমান হবেন।

শারদা। (সক্রোধে) বলেন কি গাঙ্গুলী মশাই। সে ব্যাটা বা ইচ্ছে তাই কোরবে আমি তাই দেখবো। কখনই না। আপনাকে জানেন আমার টাক, আমার পুত্রো, আমার মন।

শ্রীরাম। সব জানি। কিন্তু রাগ কোরবেন না। যাবেন

ভরে সেখানে গ্যালে কোন ফল হবেনা । উষ্টে অপমান হবেন ।

শারদা । আপত্তি বারণ কোরবেন না, আমি নিশ্চয় যাব ।

অখিল । যাওয়া কর্তব্য । গিয়ে নিবারণ করা কর্তব্য ।

শারদা । বাবাজী তুমি থাক, কাল তোমায় নিয়ে যাব ।

অখিল । যে আজ্ঞে ।

শ্রীরাম । তাহলে আমিও যাবো ।

শারদা । তবে চল বাবাজী রান চান করবে ।

অখিল । যে আজ্ঞে চলুন ।

শ্রীরাম । আমিও চান করিগে ।

সকলের প্রস্থান ।

### পঞ্চম অঙ্ক

চতুর্থ দৃশ্য ।

কলিকাতা ঝামাপুকুর—শ্যামাচরণ বহুর বৈঠকখানা ।

শ্যামাচরণ বহু আসীন ।

শ্যাম । ( স্বগত ) I hear the bungler is sick. He may come to-day if he is better. To-day is the second day of the *pujah* and I want have it with the greatest *eclat*, I have ordered to have sumptuous menu ; খানসামার ।

খানসামার প্রবেশ ।

খান । সাব ।

শ্যাম । আজ Turkey আউর যো কুছ ডিস হকুম দিয়া সব তৈয়ার করো ।

খান । যো হকুম ।

খানসামার প্রস্থান ।

গোপালের প্রবেশ ।

শ্যাম । Halo Mr. Dey, Good morning.

গোপাল । Good morning.

শ্যাম । To-day is the second day of the *pujah* I won't let you go to-day. I don't know why you got off abruptly yesterday.

গোপাল । I was not on my legs ; সে যাক কতা আসেননি ?

শ্যাম । No.

গোপাল । It is all for the best ; but he'll be here to-day I am sure.

শ্যাম । Let him come, I set no store by it. But whence in this surmise ?

গোপাল । অখিল কতার কাছে গ্যাচে ।

শ্যাম । গ্যাচে তা হয়েছে কি ?

গোপাল । হয়েছে কি ? তোমার এই রকম arrangement এর কথা সব বলেচে ।

শ্যাম । I don't care.

গোপাল । বল কি ? তুমি না কৌছো তা কি কিছুত পারে ?

শ্যাম । তোমার বড় ভুল । This is the age of refinement এই দুর্গোৎসবের সময়ে সকল বড় লোকের বাড়ীতে ঠাকুর তো

দালানে বসে থাকে, আর বাবুরা উপরকার বৈঠকখানার ঘরের পাশের chamber এ hotel থেকে dinner আনিয়ে আপনারা বান ও friendsদেরও খাওয়ান। আমার duplicity নেই। আমি যা খেতে ভালবাসি, তাই goddessকে উৎসর্গ করি।

গোপাল। হিঁদ্র খাদ্য উৎসর্গ করে তো কোন কথা ছিল না। এই সকল অখাদ্যগুলো কি উৎসর্গ করতে আছে?

শ্যাম। খুব আছে। Refer to Manu, Chapter 5 verse 30,

‘নাতা হৃদ্যতানন্যানু প্রানিনোহন্যান্যপি।

ধাতৈত্রচ সৃষ্টা হ্যাদ্যাশ্চ প্রানিনোহস্তার এবচ ॥

Also verse 32,

ক্রোধো অসং ব্রহ্মপাশ্চান্য পরোপকৃতমেব বা।

দেবান্ পিতৃশ্চাৰ্ছয়িত্বা খাদ্যং মাংসং ন হৃদ্যতি ॥

গোপাল। His doctrine is now out of vogue.

শ্যাম। ওকথা রেখে দাও। এখন promise কর that you would dine with me to-day. Chatterjee is expected in no time. Let us enjoy this jallilee.

গোপাল। সে যাক আমি জিজ্ঞাসা করছি, যদি কিছু আসেন কি তোমার গুণ্ডা আসেন।

শ্যাম। No matter.

পুরুতের প্রশ্ন।

পুরুত। কোন সন্ধ্যার সন্ধ্যার উত্তর কি তুমি?

শ্যাম। পূর্ণিমার দিন আসনি পাবেব। আপনাকে কিছু কোত্তে হবেনা কেবল কাগজের মস্তন হাজির থাকে চাই।

পুরুত। যে আজ্ঞে। তবে আমি কুত্তার বৈঠকখানায় বসি গে।

শ্যাম। হ্যাঁ বান।

পুরুতের প্রশ্ন।

শ্যাম। I like this man; এ রকম লোককে কিছু দিতে আমার আপত্ত্য নেই। সে যাক, Mr. Dey tell me আমি যে রকম grant style এ পূজো কোল্লেম, সে রকম কখনও দেখেচো?

গোপাল। Never; this is unparalleled in the annals of mankind. (স্বগত) তোমায় ditto না দিলে আমি ক্বাব পাই কি কয়ে?

শ্যাম। What are you running upon?

গোপাল। না ভাব্বো বি?

শ্যাম। Come let us go to the goddess and see how are the arrangements for the table made.

গোপাল। চল।

সকলের প্রশ্ন।



## পঞ্চম অঙ্ক ।

### পঞ্চম দৃশ্য ।

কলিকাতা বামাপুকুর—শারদা চরণ বহুর ঠাকুরদালান ।

ছুর্গা প্রতীমা দালানে সজ্জিত ।

টেবিলের উপর নানাবিধ মাংস পরিপূর্ণ ডিস ও মণ্ড স্থাপিত ।

শ্রামাচরণ বহু, গোপাল ও পুরুতের প্রবেশ ।

শ্রাম । Every thing is ready. ( গোপালের প্রতি )  
Is n't the arrangement most grand and magnificent ?

গোপাল । Aye to be sure.

শ্রাম । The Table D'hote consists of forty assorted  
dishes.

গোপাল । Sumptuous indeed.

শ্রাম । ( পুরুতের প্রতি ) ক্যামন বন্দোবস্ত ভূট্‌চায় ?

পুরুত । বেশ হয়েছে ।

শ্রাম । আজ turkey রান্না হয়েছে, the richest and  
most savoury of all; এতে কোন আপত্তি আছে ?

পুরুত । এতে কোন আপত্তি হতে পারে না; মনু পঞ্চম  
অধ্যায়ের বাবিশোড়শ স্কন্ধে স্পষ্টাক্ষরে লিখিয়েছেন:—

যজ্ঞানি হোমৈশ্বখ্যায় পুশতামৃগপক্ষিণঃ ।

ভূত্যান্যৈশ্চৈবপুশতমগন্ত্যে হ্যচরৈঃ পুরা ॥

পক্ষিমূগৈশ্চৈবপুশতমগন্ত্যে হ্যচরৈঃ পুরা ॥  
পক্ষিমূগৈশ্চৈবপুশতমগন্ত্যে হ্যচরৈঃ পুরা ॥  
অগত্য মুনী তংকরৈঃ গ্যাভেন ।

শ্রাম । বাক এতে কোন আপত্তি নাই তো ?

সমাজ-কলঙ্ক । ১১৯

পুরুত । কিছু না ।

শ্রাম । আপনার কালকের fee দিনী ( টাকা প্রদান )  
আজকের fee দোবো এখন ।

• পুরুত । কল্যাণ হোক । আমি আপনারই আশ্রিত । ( স্বগত )  
তুমি পাপই কর আর উচ্ছন্নই যাও, আমার তাতে ক্ষতি  
কি ? আমার টাকা নিয়ে কথা, টাকা চাই । তোমার চটাবার  
দরকার কি ; চটালেই আমার ক্ষতি । তোমার মন যুগিয়ে  
চলাই উচিত ।

শ্রাম । কি জবাব ?

• পুরুত । অত্র কিছু ভাবিনি । তবে কথা এই হিন্দুশাস্ত্র  
সমুদ্র বিশেষ । ইহাতে লব বিধি আছে । সকলে মর্শ্ব উদ্বাটন  
কতে পারে না । হিতরীং সামঞ্জস্য করে চলতে পারে না ।  
আপনি জ্ঞানী, শিক্ষিত, হিন্দুশাস্ত্র বিশেষরূপ বুঝেছেন । আমি  
বিলক্ষণ জানি যে আপনার দ্বারা কোন অনিয়ম হবে না ।

• চাটুর্ষি, চাকুবালা ও ননীবালা প্রবেশ ।

শ্রাম । Good morning Doctor ( চাকুবালার প্রতি )  
Good morning Mrs. Chatterjee ( ননীবালা প্রতিনি )  
come my blooming seraphim.

চাটুর্ষি । • Good morning Bose.

• চাকুবালা । Good morning Mr. Bose. Now Mr.  
Bose where is Mrs Bose ?

শ্রাম । She'll be here in a moment. Come take your  
seats ( চাকুবালা ও ননীবালা হস্তধারণ করিয়া উপবেশন করায়ন )

• চাটুর্ষি । • I am just in time ( ঘড়ি দেখিয়া ) 'Tis  
just 7-45. Is the cuisine ready ?

শ্যাম। Yes; খানসামা।

নেপথ্যে। সাব।

খানসামার প্রবেশ।

শ্যাম। সব তৈয়ার হ্যার?

খান। হাঁ সাব।

শ্যাম। আচ্ছা হাজির রও। (চাটুর্জির প্রতি) Chatterjee  
some of the dishes of to-day are made up of Turkey.

চাটুর্জি। Exemplary to be sure. (গোপালের প্রতি)  
Halo Mr. Dey I hope you are all right.

গোপাল। Thank you I am (সুকহ্যা গুরুণ)

প্রমদার প্রবেশ।

চাটুর্জি। (প্রমদার প্রতি) Good morning Mr. Bose  
I am glad to see you.

প্রমদা। Good morning Dr. Chatterjee (নরীবারার  
প্রতি) come Mrs. Ganguli (কপোলে চুখন)।

চাটুর্জি। 'Tis just the time.

শ্যাম। Then commence the *pujah*.

চাটুর্জি। I will (প্রতীমার সম্মুখে চৌকিভে উপবেশন)।

গীত।

Hail to thee, O Durga Devi!

I pay homage to thee,

All the dainty dishes here

Prepared with utmost care.

Pudding and cake,

With joy partake,

I pay homage to thee.

Thou com'st from lonely clime

From thy wild resort,

Where thou gladly passest, thy time

With thy rustic consort.

Where perpetual snow enshrines

the ground,

Where shines the lovely mound,

Alone thou shinest O beauteous one!

Heaven's bliss in the earth

unknown.

With sons and daughters once a year,

Thou mak'st thy advent here,

Joy and mirth and carouse and revelry,

Fill the earth with gay scenery.

I adore thee, O Durga Devi!

I pay homage to thee.

শ্যাম। (নেপথ্যদিকে) Go on gentlemen.

নেপথ্যে। (বান্দ্য বাদন)

রামলাল মিত্রের প্রবেশ।

গোপাল। (শ্যামের প্রতি) তোমার শওর ঐয়েটেন।

শ্যাম। (রামলাল মিত্রের প্রতি) Good morning; please take your seat.

রাম। বাবাজী এ কি প্রকার বন্দোবস্ত?

শ্যাম। বন্দোবস্ত কি অন্যান্য হো-এচে? Isn't the arrangement most grand?

রাম। হতে পারে, কিন্তু এ রকম তো কখন দেখিনি।

শ্যাম। আপনি কি অত্যাচার বলেন? Never. I have done every thing in the improved style.

শারদাচরণ বসু, শ্রীরাম গঙ্গুলী, অখিল ও তিত্তুর প্রবেশ।

শ্যাম। (শারদার প্রতি) বাবা, I am highly pleased by your presence here. See whether I am holding up your *pujan* or not.

শারদা। (সক্রোধে) তোর গুণ্ডির মাথা কচ্ছিস্ হেটা।

শ্যাম। I can't make out why you are so much offended.

শ্রীরাম। এই কি তোর পূজা? যত বেটা নরাধম পাপাভোগে নন্দে দুটে একেবারে হিন্দুধর্ম লোপ কতে বসেছিল।

শ্যাম। My forefathers have not seen what I have done. The ornaments and jewelries have been imported from England. They have never dreamt of these, which are more costly than what your country can boast of.

শ্রীরাম। যদি থাকুরের দাজ টাজের কথা বলচেন—

শ্যাম। কী বলি?

শ্রীরাম। হিন্দুধর্ম মতে কি এ রকম পূজা আছে?

শ্যাম। কেন কি হয়েছে? তোমাদের মত আমার hypocrisy নেই। You make a parade of piety and holiness while your hearts are left to sin on.

অখিল। পুরোহিতকে দিয়ে পূজা করা হোলোনা কেন?

শ্যাম। মূর্খ পুরোহিতকে replace কোরে educated priest দ্বারা পূজা করাচ্ছি। Dr. Chatterjee কাল কোরেচে, আজ কোচ্চে, কাল পরশু ও কোর্বে।

শ্রীরাম। কুল পুরোহিতকে ত্যাগ করাটা কি উচিত?

শ্যাম। নিশ্চয়।

অখিল। ব্রাহ্মণের উপর তোমার অগাধ ভক্তি দেখছি।

শ্যাম। I pay respect to learning and not to those who claim distinction from extraction. Brahmin is the *primum mobile* of the religious and social revolution in Bengal; they are the first to shake off the bonds of society and to repudiate the *shastras*.

অখিল। আচ্ছা পূজার আয়োজনের বিষয়।

শ্যাম। Meat শাস্ত্রসঙ্গত, so I have offered dishes of the richest viands. আজ turkey offer কচ্ছি which is costly. I have done every thing in the improved style.

শ্রীরাম। বৈশ হোয়েছে বাবু।

শ্যাম। As for amusement, this girl will entertain the company most gladly.

অখিল। শ্যাম তোমার মাথা ধরাপ হোয়েচে।

চাটুষ্টি। Nonsense; you know I am a letter judge of that. I hold six degrees from several universities.

শ্যাম। (চাটুষ্টির প্রতি) Why do you bother your head with a thick-skull and sawney. (ননীবালার প্রতি) my lovely moppet, will you oblige us with one of your sweet serenades.

ননী।

গীত।

রাগিণী পিলু-তাল ঝেমটা।

সুন্দর সুধাকর শোভিল গগণে।

চারু অঙ্গকারে তারে বিরিল তারকাগণে ॥

কুমুদী সতী সিরসে, প্রিয় সমাগমে হাসে,

বিবাদিত সরোজিনী, প্রাণনাথ বিহনে।

শ্যাম। Bravo! three cheers for Miss Ganguli.

চাটুষ্টি। Couleur de rose.

শ্যাম। 'Tis a chef-d'oeuvre.

শারদা। (শ্যামের প্রতি) তুই আমার বাড়ী থেকে কেবো?

শ্যাম। আপনার বাড়ী কি রকম?

শারদা। আমার বাড়ী নয় তো কাররে বেটা?

শারদা। আমার মার বাড়ী। Sremuky Mokhoda Sundari Dassi is the owner of the house. Don't you remember that you made an affidavit that I have no assets, when you handed over your schedule to the

Official Assignee. If you now demand the house to be your own, you will be prosecuted under Section 193 of the Indian Penal code.

শারদা। (কপালে করাঘাত করিয়া) এই জন্তেই বৃদ্ধি তোকে বিদ্যে শিখতে বিলেতে পাঠিয়েছি। কুলাস্কার, পাপীড়, নরাধম—

শ্যাম। Don't you abuse me in that way. Don't you know my present position; I was called to Lincon's Inn. I can bring a charge against you for using abusive language. Take care; I don't want to molest you.

শারদা। (ক্রন্দন করিতে করিতে) গাঙ্গুলী মশাই আমার কপালে এই ছেলো। (রামলাক্ষ্মির প্রতি) বেয়াই মশাই পুলুর দ্বারা আমার লঙ্ঘনা দেখচেন।

শ্রীরাম। কতামশাই চলুন। জ্ঞাপনার ভাবনা কিসের? ঠাকুরবাড়ীতে গিয়ে স্ত্রে বাস কর্বেন। সিরুপুরুষতো আগনাকে বলেছিলেন যে সেখানে গেলে আপনি অপমান হবেন। ক্যানো এখান এলেন?

শারদা। (ক্রন্দন করিতে করিতে) আমি কি জানি সে এমন হবে।

অখিল। মশাই স্থির হোন।

তিতু। মশাই এখান থেকে চলুন।

মোক্ষদার প্রবেশ।

মোক্ষদা। ছেলের সঙ্গে লাগা ক্যানো? বুড়ো বয়েসে

মিন্‌সে পাগল হয়েছে। যেমন্ কন্ম তেমনি ফল।

শারদা। তুই মগীই তো যত নষ্টরাজড়। তোর দোষেই আমার সোনার সংসার নষ্ট হোলো। বলে গিন্নীর পাপে গেরোস্ত নষ্ট।

যোক্ষদা। (সক্রোধে) হ্যাঁ আমি অনেক পাপ করেছি বটে। আমি তো তাঁবা তুলপি গঙ্গাজল ছুঁয়ে হুঁপ করে বলিনি যে আমার কিছু নেই। পাপ কল্পে তার ফল ভোগ কতে হবে তো।

শারদা। যা কিছু কোরেচি সে তোরই কন্যে তো। মরবার সময় কি আমি কিছু সঙ্গে নিয়ে যাব।

শ্রীরাম। কতা মশাই ও সকল ক্ষেত দিন না।

শারদা। যাক আমি কিছু চাইনে, কেবল আমার power খানা cancel কতে হবে।

শ্যাম। Do your best. I care very little to your menace and threats.

সন্ন্যাসীর প্রবেশ।

সন্ন্যাসী।

গীত।

রাগিনী খুট—তাল কাওয়ালী।

দেব ত্রিলোচন, ত্রিপুরাসুন্দন, শঙ্কর শূদী মহেশ্বর।

শোভে শশধর, ভালের উপর, ভুজঙ্গ ভূষিত ভূতেশ্বর ॥

যুগে যুগে বেন তোমার চরণে, রয়ে মন মন ভক্তির মনে,

ভব রূপা হলে, অন্যায় মিলে,

ত্রিলোকবাসী হুঁত মন তা মোক্ষপুর ॥

বেটা রোও মং। আপনা ঠাকুরবাড়ী বনায়। ছয়া যাকে রও। ভাষনা কুছ মং কর।

শারদা। হ্যাঁ বাবা আমি সেইখানেই যাচ্ছি।

• তিত্ত। আচ্ছা পূজো দেখছি।

শ্রীরাম। এমন পূজো আমার কোন পুরুষে দেখেনি।

অখিল। এ অদ্ভুত দুর্গোৎসব।

শ্রীরাম। এই রকম লোকের দ্বারাই হিন্দুমানি লোপ পাচ্ছে। এরাই সমাজের কণ্টক।

অখিল। লেখা পড়া শিখে কোথা দেশের উন্নতি সাধন করবে, জাতীয় গৌরবের পুনরুদ্ধার করে সমাজের শীর্ষস্থানীয় হবে। তার ঠিক বিপরীত। এরাই সমাজের কলঙ্ক; জাতীয় গৌরব, মর্যাদা, ধর্ম, কন্ম সমস্তই একেবারে জলাঞ্জলি দিচ্ছে।

শ্রীরাম। বাস্তবিকইতো ভাই। তা বলে তো কোন কথা কানে করবে না। বলা বৃথা।

বাবাজীর প্রবেশ।

বাবাজী।

গীত।

রাগিনী ভৈরবী—তাল খেমটা।

হিঁহুমানি বজরাখানি ডুকলা মাঝ দরিয়ায়।

মাকি বেটা বড় ঠেটা হাস ছেড়ে লা চালায়।

অনাথকো দাঁড়ি গুলো, ভেঙ্গে ফেলে দাঁড়ি গুলো,

চউন্দার কতক গুলো, সাঁতার দিয়ে প্রাণ বাঁচার।



ডোবা বজরা ডাঙ্গায় তুলে,

চন্দের তায় তাপ্পী দিলে,

ঝরঝরে সেই লায়ে লয়ে,

আস্তে আস্তে বেয়ে যায়।

দোসরা বজরার মাঝি দাঁড়ি, বাজাইয়ে তুরী ভেরী,

ডোবা বজরার হান্ দেখে, হাস্তে হাস্তে তালি দেয়।

শ্রীরাম। বাবাজী ঠিক বলেছে।

সন্ন্যাসী। (শারদার প্রতি) চল্ বেটা তোমার সাথে যাগ।

শারদা। হ্যাঁ বাবা চল। (শ্যামের প্রতি) তুই শীগ্গীর উচ্ছন্ন যা, এই আমার প্রার্থনা।

সন্ন্যাসী, শারদা, শ্রীরাম, অখিল, তিছু ও বাবাজীর প্রস্থান।

শ্যাম। Chatterjee let us enjoy (মোক্ষদার প্রতি)

না তুমি ভাবনা কোরোনা। তুমি বড়ীর ভেতর যাও।

মোক্ষদা। যাই।

মোক্ষদার প্রস্থান।

রাম। আমি চল্লম।

রামলালসিঁথের প্রস্থান।

চাটুখি। The puja is over.

শ্যাম। Then let us take our breakfast.

চাটুখি। All right.

শ্যাম। But we must have Miss Ganguli's galop.

ননা। All right (নৃত্য)

চাটুখি। Bravo! hurrah!

শ্যাম। Mr. Dey come along.

গোপাল। All right.

সকলের প্রস্থান।

যবনিকা পতন।

সমাপ্ত।

শুদ্ধিপত্র।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ।
৬	৪	গঙ্গুলীর	গাঙ্গুলীর
১৫	১৫	পোষাবে	পোষাবে
২২	১৭	পাকাশ	পকাশ
২৩	১৮	মুণালিণীর	মুণালিণী
৪৬	২	হি'হর	হি'হর
৫৭	২২	chapter	section
৮৮	২১	ব্রাহ্মণের	ব্রাহ্মণের
৯৬	১৪	তোমাব	তোমায়
৯৬	১৭	শ্যামেব	শ্যামের
৯৭	২১, ২২	তবেকিনা ছধ বী	তবে বঙ্গালিদের ছধ ঘী আছে
১০৩	১৬	Thams	Thames
১০৫	২৪	have ecured	have secured
১০৭	৫	burngundy	burgundy
১০৭	৬	cherudy	sherry
১১৩	৩০	গালেন	গ্যালেন
১১২	৫	আশা	আশা
১১৫	১৭	hi	is
১১০	১২	Mr. Bose,	Mrs. Bose,
১২০	১৫	Mrs. Ganguli,	Miss. Ganguli,

নন্দলাল সাধু এণ্ড সন্স

৯নং খড়্গা বাজার

আমরা বিলাত, জার্মানি, ফ্রান্স ও আমেরিকা হই  
পাখিক ও গোমিওপাখিক উৎকৃষ্ট ঔষধ ও যন্ত্রাদি  
করিয়া হোলসেল ও রিটেল বিক্রয়ার্থে সর্বদা  
আমাদের নিজের নামের "হিফ" থার্মোমিটার সর্বো  
মফস্বলবাসীগণের সুবিধার জন্ত বিলাতী ঔষধাদি  
পাচনের সঠিক উপকরণসমূহ অর্ডার মত পাঠাই  
আমাদের নিকট প্রতারণার ভয় নাই। নানাবিধ পা  
গ্রেসারি ও কন্ফেকশনারি দ্রব্যাদি সমস্তদ্বয়ে সর্ব  
করি। আমাদের ডিস্পেন্সারি ঔষধাদি টাটকা ও  
আমাদের নিজে কোমিক্যাল ওয়ার্কসে প্রস্তুত  
ওয়াটার, স্নান প্রকার টাটকা ফলের সসবৎ (সিরাপ  
মোরি, পুদিনা, তুলসী, শেতী, ধনিয়া, মকো, গোত্রি  
পাকস্থলীর বিশৃঙ্খলতা দূরীকরণের আরক সমূহ সর্ব  
প্রস্তুত থাকে। ম্যালেরিয়া জ্বরনাশক সর্বো  
"জরাস্বর" পাচন এবং জ্বর আয়োগ্যের পর  
শোধন বল, ক্ষুধাবর্ধক টনিক পিল খরচার উপর স  
বিক্রয় করি।

ম্যানেজার

শ্রীবিনোদ বিহা

G. I. P. R. MURDER

Further particulars received regarding the murder of the day clerk of the Municipal Council, Durgam Chaudhary, on the 15th. The Deputy Commissioner has also come back to the town.

Further Details

Further particulars received regarding the murder of the day clerk of the Municipal Council, Durgam Chaudhary, on the 15th. The Deputy Commissioner has also come back to the town.

THE ALDENRA

Held by the Naga